banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

জীবিকার আটঘাট ...পৃঃ ৯-১৬

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

www.ekarmakshetra.com

কাজের খবরে ১ নম্বর কর্মক্ষেত্র কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

বর্ষ ৩৯ সংখ্যা ২৭ কলকাতা বুধবার, ৬ ফেব্রুয়ারি ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৩ মাঘ ১৪২৫ দাম ৫.০০ টাকা ২৪ পাতা R. N. 37120/80

## রাজ্য পুলিশে ৮৪১৯ কনস্টেবল

৮,৪১৯ জন কনস্টেবল নেবে পশ্চিমবঙ্গ পুলিশ। কেবল পুরুষরা আবেদন করতে পারবেন। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড। মহিলারা আবেদন করবেন না। হোম গার্ড পার্সোনেল, সিভিক ভলান্টিয়ার এবং ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্সে কর্মরতরা শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

মোট শূন্যপদ: ৮,৪১৯টি (সাধারণ ২৯৮২, সাধারণ-ই সি ১৬৩৮, তফসিলি জাতি ১১৪৯, তফসিলি জাতি-ই সি ৭০৭, তফসিলি উপজাতি ৩৪৫, তফসিলি উপজাতি-ই সি ১৯৩, ও বি সি-এ ৬২২, ও বি সি-এ—ই সি ৩১১, ও বি সি-বি ২৬১, ও বি সি-বি—ই সি ২১১)। ১-১-২০১৯ তারিখ অনুসারে ৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন সিভিক ভলান্টিয়ারদের জন্য ১০ শতাংশ এবং ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্সে কর্মরত প্রার্থী ও হোমগার্ডদের জন্য ১৫ শতাংশ শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক**

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। প্রার্থীকে বাংলা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে (দার্জিলিং ও কালিম্পং জেলার বিভিন্ন সাব-ডিভিশনের স্থায়ী বাসিন্দাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)। **দৈহিক মাপজোক:** উচ্চতা: অন্তত ১৬৭ সেমি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬০ সেমি)। বুকের ছাতি: না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ সেমি ও ৮৩ সেমি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি)। ওজন: অন্তত ৫৭ কেজি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ৫৩ কেজি)।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। হোম গার্ড ও ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্সে কর্মরতরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। সিভিক ভলান্টিয়াররা কোনও ছাড় পাবেন না।

এরপর তেইশের পাতায়

## বেনারস হিন্দু ইউনিভার্সিটিতে ১০৯৭ নার্সিং অফিসার, ক্লার্ক

গ্রুপ 'বি' ও 'সি' ক্যাটেগরিতে ১,০৯৭ জন কর্মী নেবে বেনারস হিন্দু ইউনিভার্সিটি। নিয়োগ হবে নার্সিং অফিসার, জুনিয়র ক্লার্ক, ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট এবং ওয়ার্ড সহায়ক/সহায়িকা-সহ বিভিন্ন পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 06/2018-2019.

শূন্যপদের বিবরণ: গ্রুপ বি: পোস্ট কোড: ৪৪৭৯: **নার্সিং অফিসার:** ৩৮৫টি (সাধারণ ১৯৪, তফসিলি জাতি ৫৮, তফসিলি উপজাতি ২৯, ও বি সি ১০৪)। পোস্ট কোড: ৪৫০৩: **নার্সিং অফিসার (মহিলা):** ৩৮৫টি (সাধারণ ১৯৭, তফসিলি জাতি ৫৭, তফসিলি উপজাতি ২৮, ও বি সি ১০৩)। শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে অনার্স-সহ বি এসসি বা নার্সিংয়ে বি এসসি বা পোস্ট বেসিক বি এসসি, সঙ্গে অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ছয় মাসের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা, সঙ্গে অন্তত

এরপর তেইশের পাতায়

### ভেতরের পাতায়

**মাধ্যমিকের পরই রাজ্যের পলিটেকনিকে ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা**

জেক্সপো ও ভোকলেট— দু'টি পরীক্ষাই এ বছরের ২৮ এপ্রিল। ২০১৯-এর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদন করতে পারেন। আবেদন করা যাচ্ছে এখনই। ...পৃঃ ৯

**চার যুগোপযোগী স্পেশ্যালাইজেশনে এম বি এ**

এনার্জি ম্যানেজমেন্ট, এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট, হেলথ কেয়ার ও হসপিটাল ম্যানেজমেন্ট এবং ট্রান্সপোর্টেশন ও লজিস্টিক্স ম্যানেজমেন্টের ২ বছরের এম বি এ পড়া যাচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্টে। ...পৃঃ ৯

**উচ্চমাধ্যমিকের পরই বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স**

উচ্চমাধ্যমিকের পরই সরকারি প্রতিষ্ঠানে মৌলিক বিজ্ঞান-বিষয় নিয়ে পড়তে চাইলে দিতে পারেন নেস্ট পরীক্ষা। সফলরা সরাসরি ইন্টিগ্রেটেড এম এসসি কোর্সে ভর্তি হতে পারেন। কোর্স চলাকালীন পাওয়া যাবে প্রতি মাসে পাঁচ হাজার টাকার সরকারি বৃত্তি। দরখাস্ত করা যাচ্ছে এখনই। ...পৃঃ ১০

**হসপিটালিটি ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের স্নাতক কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা ২৭ এপ্রিল** ...পৃঃ ১৩

## বোকারো স্টিল প্ল্যান্টে ২৭৫

২৭৫ জন অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি, অপারেটর-কাম-টেকনিশিয়ান (বয়লার), অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি (এ আই টি টি) ও অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি (আই টি আই) নেবে বোকারো স্টিল প্ল্যান্ট। এটি স্টিল অথরিটি অব ইন্ডিয়ার অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে বিভিন্ন শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BSL/R/2019-02.

অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি ও অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি পদের ক্ষেত্রে প্রথম ২ বছরের ট্রেনিং, পরে ১ বছরের প্রবেশন। অপারেটর-কাম-টেকনিশিয়ান (বয়লার) পদের ক্ষেত্রে ১ বছরের প্রবেশন। অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি (আই টি আই) পদের ক্ষেত্রে শুধুমাত্র তফসিলি উপজাতি প্রার্থীরা আবেদন করবেন।

**অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি:** মোট শূন্যপদ ৯৫টি। **শাখা অনুসারে শূন্যপদ:** ইলেক্ট্রিক্যাল ২০টি, মেকানিক্যাল ২৫টি, মেটালার্জি ৩৫টি, কেমিক্যাল ৫টি, সেরামিক্স ৫টি, ইনস্ট্রুমেন্টেশন ৫টি। **ক্যাটেগরি অনুসারে শূন্যপদ:** সাধারণ ৪৬, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ২৮, ও বি সি ১১। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধীদের জন্য ১৬টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ১৪টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

**অপারেটর-কাম-টেকনিশিয়ান**

এরপর তেইশের পাতায়

## যোধপুর এইমসে ১০৪

### স্টেনোগ্রাফার, ফার্মাসিস্ট ও টেকনিশিয়ান

স্টেনোগ্রাফার, ফার্মাসিস্ট, অফিস অ্যাসিস্ট্যান্ট-সহ বিভিন্ন পদে ১০৪ জনকে নিয়োগ করবে যোধপুরের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Admn./Estt/04/2018-AIIMS.JDH.

শূন্যপদের বিন্যাস: **স্টেনোগ্রাফার:** ৩৪টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক, সঙ্গে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দের দ্রুততায় ১০ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন ইংরেজিতে ৫০ মিনিট বা হিন্দিতে ৬৫ মিনিটের মধ্যে কম্পিউটারে টাইপ করার দক্ষতা থাকতে হবে। হিন্দি ও ইংরেজি ভাষায় অসাধারণ দক্ষতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

**মেডিক্যাল রেকর্ড টেকনিশিয়ান:** ২০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী

এরপর চব্বিশের পাতায়

## কোচিন শিপইয়ার্ডে ১৭৪

### ওয়েল্ডার, শিট মেটাল ওয়ার্কার, ফিটার পাইপ-সহ অন্যান্য

বিভিন্ন ট্রেডে ১৭৪ জন কর্মী নেবে কোচিন শিপইয়ার্ড। ফ্যাব্রিকেশন অ্যাসিস্ট্যান্ট, আউটফিট অ্যাসিস্ট্যান্ট, সেফটি অ্যাসিস্ট্যান্ট-সহ বিভিন্ন পদে নিয়োগ করা হবে ওয়েল্ডার, শিট মেটাল ওয়ার্কার, রিগার, ফিটার পাইপ (প্লাম্বার)-সহ বিবিধ ট্রেড থেকে। ৩ বছরের চুক্তিতে নিয়োগ হবে।

**শূন্যপদের বিবরণ: ফ্যাব্রিকেশন অ্যাসিস্ট্যান্ট:** ওয়েল্ডার: ৪৭টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬)। শিট মেটাল ওয়ার্কার: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৩)।

**আউটফিট অ্যাসিস্ট্যান্ট:** ফিটার: ২৩টি (সাধারণ)। ফিটার পাইপ (প্লাম্বার): ২৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৩, ও বি সি ৪)। মেকানিক ডিজেল: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। মেকানিক মোটর ভেহিক্যল: ৩টি (সাধারণ)। পেইন্টার: ৩টি (সাধারণ)। ইলেক্ট্রিশিয়ান: ১৯টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ১)। ইলেক্ট্রনিক মেকানিক: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে

এরপর চব্বিশের পাতায়

## রাজ্য স্বাস্থ্য দপ্তরে ৪০২ ডাক্তার

বিভিন্ন শাখায় টিউটর/ডেমোনস্ট্রেটর পদে ৪০২ জন চিকিৎসক নেবে পশ্চিমবঙ্গ রাজ্য স্বাস্থ্য দপ্তর। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল এডুকেশন সার্ভিসে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/T/D (MES)/63(01)/2019.

**নিয়োগ করা হবে এই সমস্ত শাখায় (বন্ধনীতে শূন্যপদ):** জেনারেল মেডিসিন (৪১), জেনারেল সার্জারি (৪৪), অ্যানাটমি (২১), ফিজিওলজি (১৩) বায়োকেমিস্ট্রি (২০), ফার্মাকোলজি (৯), প্যাথোলজি (১২),

এরপর তেইশের পাতায়

## বি এস এন এল-এ ১৯৮ জুনিয়র টেলিকম অফিসার

১৯৮ জন গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার নেবে ভারত সঞ্চার নিগম। সিভিল ও ইলেক্ট্রিক্যাল শাখায় নিয়োগ হবে জুনিয়র টেলিকম অফিসার পদে, দেশের বিভিন্ন টেলিকম সার্কেলে। আবেদন করা যাবে যে-কোনও একটি সার্কেলে। প্রার্থীকে গেট-২০১৯ পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রথমে ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এটি তফসিলি এবং ও বি সি ক্যাটেগরির প্রার্থীদের জন্য একটি বিশেষ নিয়োগ অভিযান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 12-1/2018-Rectt.

শূন্যপদের বিবরণ: **পশ্চিমবঙ্গ:** ইলেক্ট্রিক্যাল: ৯টি, সিভিল: ৫টি। **অন্ধ্রপ্রদেশ:** ইলেক্ট্রিক্যাল: ৩টি, সিভিল: ৩টি। **অসম:** ইলেক্ট্রিক্যাল: ৪টি, সিভিল: ২টি। **বিহার:** ইলেক্ট্রিক্যাল: ৪টি, সিভিল: ৩টি। **ছত্তিশগড়:** ইলেক্ট্রিক্যাল: ৬টি, সিভিল: ২টি। **গুজরাট:** ইলেক্ট্রিক্যাল: ৪টি, সিভিল: ৩টি। **হরিয়ানা:** ইলেক্ট্রিক্যাল: ১টি, সিভিল: ১টি। **হিমাচল প্রদেশ:** ইলেক্ট্রিক্যাল: ১টি, সিভিল: ৩টি। **জম্মু ও কাশ্মীর:** ইলেক্ট্রিক্যাল: ৩টি, সিভিল: ৩টি। **ঝাড়খণ্ড:** ইলেক্ট্রিক্যাল: ৭টি, সিভিল: ১টি। **কর্নাটক:** ইলেক্ট্রিক্যাল: ৮টি, সিভিল: ২টি। **কেরল:** ইলেক্ট্রিক্যাল: ২৪টি, সিভিল: ২টি। **মহারাষ্ট্র:** ইলেক্ট্রিক্যাল: ১৩টি। **মধ্যপ্রদেশ:** ইলেক্ট্রিক্যাল: ৩টি, সিভিল: ৭টি। **নর্দার্ন টেলিকম রিজিয়ন:** ইলেক্ট্রিক্যাল: ১টি, সিভিল: ৩টি। **উত্তর-পূর্ব-১:** ইলেক্ট্রিক্যাল: ৪টি, সিভিল: ২টি। **উত্তর-পূর্ব-২:** ইলেক্ট্রিক্যাল: ৫টি, সিভিল: ২টি। **ওড়িশা:** ইলেক্ট্রিক্যাল: ৫টি, সিভিল: ২টি। **পাঞ্জাব:** ইলেক্ট্রিক্যাল: ৪টি, সিভিল: ২টি। **রাজস্থান:** ইলেক্ট্রিক্যাল: ৫টি, সিভিল: ৫টি। **তামিলনাড়ু:** ইলেক্ট্রিক্যাল: ১০টি, সিভিল: ৩টি। **উত্তরপ্রদেশ-পূর্ব:** ইলেক্ট্রিক্যাল: ৬টি, সিভিল: ৩টি। **উত্তর প্রদেশ-পশ্চিম:** ইলেক্ট্রিক্যাল: ১টি, সিভিল: ২টি। **উত্তরাখণ্ড:** ইলেক্ট্রিক্যাল: ১টি, সিভিল: ৫টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সিভিল বা ইলেক্ট্রিক্যালের মধ্যে যে-কোনও একটি বিষয় নিয়ে বি ই বা বি টেক, সঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হতে হবে। পত্রগুলি হল (ব্র্যাকেটে পেপার কোড): ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ই ই) এবং সিভিল ইঞ্জিনিয়ারিং (সি ই)।

**বয়স:** ১২-৩-২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ১৬,৪০০-৪০,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে গেট-২০১৯

এরপর তেইশের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন



banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কর্মক্ষেত্র
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ২৭ □ ৬ ফেব্রুয়ারি ২০১৯

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in

## কর্মখালি

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**

**বেতন: 10,600/- – 28700/-**
শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**JOB VACANCY**
www.gcagroup.co.in সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt. BANK, টাওয়ার, ATM, শপিংমল, DISH TV ও MNC -এর বিভিন্ন Official পদে (৪র্থ-স্নাতক) টার্গেট ছাড়া Direct জয়েনিং। বেতন: 13,200/- – 29,700/-) কর্মপ্রার্থীর আবেদনের মুহূর্তে Joining Date জানানো হবে। GCA, সেন্ট্রাল অ্যাভেনিউ, Kol-7, (M): 77186-37129 / 95640-30192.

□

**'আর্জেন্ট ভ্যাকান্সি'**
**এয়ারপোর্ট ও মেট্রোরেলে গভঃ রেজিঃ সংস্থা R/L No. - 3791**
**M: 8371921244**
শূন্যপদ: 215, বয়স: 18-38 পুরুষ ও মহিলাপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: 15,342-46,700/-. এছাড়া PF, ESI, OT বোনাস-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা। সত্বর যোগাযোগ করুন। S. C. P. L, C.I.T. Rd, Kol-54.

□

**Fluent Spoken English জানা** Electrical B-Tech / Diploma Female Office Executive & Male Engineer চাই। FDA, BMS, CCTV, PA System কাজ জানা টেকনিসিয়ান ও হেল্পার চাই। (Company Direct Payroll) Add: SAGAR ELECTRICAL, 36, J. R. C, Rd., Kol-8. Mob: 92315-75791 / 62916-41405. Email: utpal.sagarelectrical@gmail.com

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৯ ফেব্রুয়ারি দুপুর ২টো পর্যন্ত।
□□□
২০ ফেব্রুয়ারি কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৬ ফেব্রুয়ারি দুপুর ২টো পর্যন্ত।
□□□
বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

**স্ট্যাম্প পেপারে লিখিত গ্যারান্টি-সহ 4 দিনের মধ্যে এয়ারপোর্ট ও ব্যাঙ্কে DSA-তে স্থায়ী কাজে নিয়োগ চলছে**
গভঃ লাইসেন্সপ্রাপ্ত (L No-EWK 89355) অফিস দিচ্ছে কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে SV, ASV ট্রলিবয়, চেকিংবয় অনুসন্ধান কেন্দ্রে ও স্টোরকিপার মেকানিক্যাল পোস্টে নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 18,800/- থেকে, এছাড়া নিজের জেলায় BANK (DSA)-তে নিয়োগ চলছে। ক্লার্ক, অফিস, পিওন, রিসেপশনিস্ট ও Back ও Front অফিস পদে। বেতন শুরু: 15,700, যোগ্যতানুযায়ী পোস্ট ও বেতন পাবে। L. G., 124/3 নৈহাটি রোড, (M): 86959-68875.

□

**BSNL/VODA/JIO**
কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**
ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86975-95918 নৈহাটি ও কল্যাণী: 74497-02185 সোনারপুর ও গড়িয়া: 86976-16100 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

**Airport, মেট্রো ও ব্যাঙ্কে স্থায়ী জব**
**M: 8370954324**
সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে 305 জন M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48600/-, বয়স: 18-38, অন্যান্য সুবিধা। S. C. Pvt. Ltd., P/25 C.I.T. Rd, Kol-54.

□

**হোটেলে চাকরি**
কেন্দ্র ও রাজ্য সরকার, ISO, University স্বীকৃত সংস্থার মাধ্যমে কোন ট্রেনিং ছাড়া বা ট্রেনিং করে ভবিষৎ গড়ুন। চাকরির লিখিত গ্যারান্টি। আয় 8000/- থেকে শুরু + থাকা-খাওয়া ফ্রি + উন্নতি। চাকরি না পেলে টাকা ফেরত। www.bshm.co.in (M) 92316-80651.

□

**NEED FEMALE TEACHER TOP** HEART SCHOOL (CBSE), HOWRAH DAKSHIN MAJU-711 414, SALARY-10K TO 16K, PH: 97756-28614 / 2236-0750.

□

**Salary 10400 - 19500/-**
**3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া** FREE. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

**Back Office-এ C.C.E পিওন পদে** স্পট নিয়োগ। বেতন: 10,800/-, (M.P-M.A), S. P, BWN-0.1, বাঁকুড়া/বীরভূম/বর্ধমান: 70449-87955.

□

## কর্মখালি

**আর্জেন্ট রিক্রুটমেন্ট এয়ারপোর্ট ও মেট্রোতে স্পট জয়েনিং**
গঃ ভঃ লাইসেন্সপ্রাপ্ত অফিসের মাধ্যমে ডোনেশন ছাড়া M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,300/- – 49,700/-. সত্বর যোগাযোগ করুন। D. L. C, সল্টলেক, কলি-64, (M): 83709-56124.

□

**Pvt. ব্যাংকে চাকরি**
**Govt Reg-L/No. 650172**
পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় সম্পূর্ণ বিনা ডোনেশনে ব্যাঙ্কের ভেতরে স্থায়ী জব। যোগ্যতা: অষ্টম-স্নাতক। বেতন: 12,000/- – 36,000/-, এছাড়াও PF, ESI, বোনাস, থাকা, খাওয়া, যাতায়াত ফ্রি। শিমুরালি নদিয়া স্টেশন রোড, M: 90837-44113, R. P

□

**এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে গ্রুপ D-তে ফর্ম দেওয়া চলছে**
গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে বিনা ডোনেশনে ব্যাঙ্ক (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,200/- – 48,400/-. S. J. S, R. N. A, Kol-110, M: 83709-55142.

□

**SBI/HDFC/ICICI** ব্যাঙ্কিং প্রসেসে অফিসিয়াল পদে 317 জন M/F সরাসরি নিয়োগ। (18-38), বেতন: 10,950/- – 32,750/- (PF + ESI + TA + INC) W2C, Kol-56. বেলঘরিয়া/দমদম: 83348-59516, কল্যাণী / ব্যারাকপুর: 90629-77779, হাওড়া / ব্যান্ডেল: 62892-51870, গড়িয়া / টালিগঞ্জ: 98755-52728.

□

**আর্জেন্ট রিক্রুটমেন্ট**
**(RL-No-3041)** গ্যারান্টি সহকারে এখানে Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,500/- – 47,300/-. এছাড়া সবরকমের সুবিধা আছে। S. P. বালিগঞ্জ, কোল-19. (M): 98743-18872.

□

**অফিসে থেকে কাজের জন্য তরুণ, উদ্যমী কর্মী চাই।** থাকা-খাওয়ার সুব্যবস্থা আছে। 1) Accountant 2) Com. H/W & N/W Eng. 3) Civil (Dip.) 4) Electrical (Dip.) 5) B. Sc (Pure). Email: birecruitment20@gmail.com B. N, 20 Dr. L. M.B. Rd, Kol-14.

□

**Wanted Receptionist.** Well Educatated with Computer knowledge and One Office Boy Require. M: 98742-26794, S. D. G. C., 202, M. P., Kol-84.

## স্কুল-কলেজ শিক্ষা

**ডেন্টাল কোর্স (DDA)**
ইউনিভার্সিটি স্বীকৃত ডেন্টাল (DDA), অ্যালোপ্যাথি (CMS & ED) ও ন্যাচারোহোমিওপ্যাথি (DHNS) কোর্সে ভর্তি চলছে। ক্লাস: শনি ও রবি। কেরিয়ার অ্যাকাডেমি অফ মেডিকেল সায়েন্স, গড়িয়া স্টেশন রোড, কলকাতা-৮৪, ছোটবটতলা। ফোন: 70447-16334 / 79800-54389.

□

**কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

**DISCLAIMER**
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**
কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

কম্বাইন্ড কোর্স (WBCS, PSC, SSC, ব্যাঙ্ক, রেল, স্পোকেন ইংলিশ ইত্যাদি) প্রশিক্ষণ নিয়ে বহু স্টুডেন্ট সুপ্রতিষ্ঠিত। কেবলমাত্র ছাত্রীরাই যোগাযোগ করবে। পি. মুখার্জি, হাওড়া শিবপুর। 90075-34791, 90731-76083.

□

**টিচার্স ট্রেনিং**
প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736 / 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

Math & Eng সোনারপুর WBCS, Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**নার্সিং ট্রেনিং**
**2 Years Diploma in Nursing BSS** & S.T.V.T Affiliated হসপিটাল প্র্যাক্টিস ও Placement-এর গ্যারান্টি। রবীন্দ্র পাঠভবন, বেলঘরিয়া। 83350-66915 / 83350-66916.

□

**মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং ও চাকরি**
মহিলাদের স্কুলে নিশ্চিত চাকরি পেতে, প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কোর্সে (1 year) ভর্তি চলছে। Approved by BSS & NCVT Govt. of India. Easy Installment ও চাকরির সহায়তা। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 98317-89536, 97326-84328.

## ব্যবসা-বাণিজ্য

**নিজের ঘরে বসে পার্টটাইমে 3,000/-** ফুলটাইমে 6,000/-, যে-কোনও বয়সে এই কাজ করা যায়। প্রিয়াঙ্কা ল্যামিনেশনে পুরুষ ও মহিলা শীঘ্রই আসুন। M: 98312-84287, ডোমজুড়, হাওড়া।

# দিল্লি হাইকোর্টে সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট

৫৭ জন সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট নেবে দিল্লি হাইকোর্ট।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ২৩, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সেই সঙ্গে ইংরেজি শর্টহ্যান্ডে মিনিটে ১১০টি শব্দের দ্রুততা এবং কম্পিউটারে মিনিটে ৪০টি শব্দ টাইপিংয়ের দক্ষতা থাকতে হবে।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.delhihighcourt.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ ফেব্রুয়ারি থেকে ৭ মার্চ পর্যন্ত। ফি প্রদান, প্রার্থী বাছাই প্রক্রিয়া-সহ বিস্তারিত তথ্যের জন্য নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

**কর্মক্ষেত্র কারা পড়েন?**
একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।
'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:
Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in

**বইমেলায় ৪৫৫নং স্টলে**
প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০
শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০
**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০
নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫
অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০
রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০
শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০
**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০
মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০
অমরেন্দ্র চক্রবর্তীর
**ছোটদের বই**
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘন্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০
স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# কাগজের ব্যাগ তৈরির মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



**নিজস্ব প্রতিনিধি:** পাতলা প্লাস্টিক ব্যাগের ব্যবহারে নিষেধাজ্ঞা জারি থাকায় এখন কাগজের ব্যাগের চাহিদা ক্রমবর্ধমান। বিভিন্ন দোকানে বা শপিং ম্যলে নানারকম পণ্যসামগ্রী দেওয়ার জন্য কাগজের ব্যাগই ব্যবহৃত হচ্ছে। এই মেশিনের সাহায্যে সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে ৪২ ইঞ্চি পর্যন্ত মাপের কাগজের ব্যাগ তৈরি সম্ভব।

**কীভাবে করবেন:** প্রথমে বৈঠকখানা বাজার বা রাজাবাজার অঞ্চল থেকে পেপার রোল কিনে আনতে হবে। দাম পড়বে মোটামুটি ৫৮ টাকা প্রতি কেজি। তবে কাগজের মান অনুযায়ী দাম কম-বেশি হতে পারে। এবার সেটি মেশিনের রোলে রেখে, যে মাপের ব্যাগ তৈরি করতে চান সেটি মেশিনে নির্দিষ্ট করে দিয়ে মেশিন চালু করে দিলেই সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে কাগজের ব্যাগ তৈরি হয়ে যাবে। মেশিনটি ঘণ্টায় ১৫০টি ব্যাগ তৈরি করতে সক্ষম। মেশিনটি চালাতে মোটর লাগবে ২ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটরসমেত সম্পূর্ণ স্বয়ংক্রিয় এই মেশিনের দাম পড়বে ১৫ লাখ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236 8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# হিন্দুস্তান এরোনটিক্সে অ্যাসিস্ট্যান্ট ও অপারেটর

অ্যাসিস্ট্যান্ট এবং অপারেটর পদে ৭১ জনকে নেবে হিন্দুস্তান এরোনটিক্স। ৪ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে লখনউয়ের অ্যাকসেসরিজ ডিভিশনে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HAL-ADL/HR/R/1211/2019/01.

শূন্যপদের বিবরণ: **অ্যাসিস্ট্যান্ট:** পোস্ট কোড LT-D6 (NT)-001: **অ্যাডমিনিস্ট্রেশন/অ্যাকাউন্টস:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, ও বি সি ৩)। শিক্ষাগত যোগ্যতা: কমার্সে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে অন্তত তিন মাস মেয়াদের কম্পিউটার সার্টিফিকেট কোর্স পাশ। পোস্ট কোড LT-D6-001: **কোয়ালিটি কন্ট্রোল/ইনস্পেকশন/কমার্শিয়াল:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৭, ও বি সি ৯)। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা কোর্স পাশ।

**অপারেটর:** ট্রেড অনুসারে শূন্যপদের বিন্যাস: পোস্ট কোড LT-C5-001: **ফিটার:** ২৪টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, ও বি সি ৭)। পোস্ট কোড LT-C5-002: **ইলেক্ট্রিশিয়ান:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ২)। পোস্ট কোড LT-C5-004: **ইনস্ট্রুমেন্ট মেকানিক:** ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। এছাড়াও সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

উচ্চতর যোগ্যতাসম্পন্নরা আবেদন করবেন না।

সব ক্ষেত্রেই নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** প্রতি মাসে অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৭,৫০০ টাকা এবং অপারেটর পদের ক্ষেত্রে ২৬,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hal-india.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৩ ফেব্রুয়ারি। দরখাস্তের সময় শিক্ষাগত যোগ্যতা-সহ প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। ফি দেওয়া যাবে অনলাইন ও অফলাইন উভয় ব্যবস্থাতেই। অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি দেওয়া যাবে। ফি জমা দিয়ে পাওয়া পেমেন্ট স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে কাজে লাগবে। অফলাইনে ফি জমা দিতে পারেন স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইট থেকেই। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন রেফারেন্স নম্বর-সহ অ্যাকনলেজমেন্ট পাওয়া যাবে। এটির এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# শিল্পজিজ্ঞাসা

'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।

□ *আমি ভালো মানের বাটন মাশরুম ও অয়েস্টার মাশরুম প্যাকেটে ভরে বিভিন্ন বাজারের দোকানদারদের মাধ্যমে বিক্রি করতে চাই। এজন্য কি ট্রেড লাইসেন্সের দরকার হবে? —নাম প্রকাশে অনিচ্ছুক, নীলগঞ্জ রোড, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

□□ মাশরুমভরা প্যাকেটের গায়ে কোনও নাম-ঠিকানার উল্লেখ না থাকলে ট্রেড লাইসেন্সের দরকার হবে না। প্যাকেটের গায়ে সংস্থার নাম-ঠিকানা উল্লেখ করতে চাইলে ট্রেড লাইসেন্সের দরকার হবে।

□ *বলপেন তৈরির ম্যানুয়াল মেশিন পাওয়া যায় কি? কোথায় পাওয়া যেতে পারে? দাম কেমন এরকম মেশিনের? —সুদীপ হাঁসদা, বিষ্ণুপুর, বাঁকুড়া।*

□□ বলপেন তৈরির হাতে-চালানো মেশিন পাওয়া যায়। দাম কমবেশি ২৫,০০০ টাকা। কলকাতার ক্যানিং স্ট্রিট (কলকাতা-১) এবং গণেশচন্দ্র অ্যাভেনিউয়ের (কলকাতা-১৩) মেশিনপত্র বিক্রির দোকানগুলিতে এই মেশিন কিনতে পাবেন। প্রস্তুতকারক ও সরবরাহক সংস্থাগুলির হদিশ পাবেন এই ওয়েবসাইটে: www.tradeindia.com/ball pen machine

□ *সামনে দোল এবং হোলি। অল্প সময়ের মধ্যে কি ভেষজ আবির তৈরি শেখা যায়? কোথায় শেখানো হয়? —রাজীব কুণ্ডু, নিউ বারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ ৭-১০ দিনের মধ্যেই ভেষজ আবির তৈরি শিখে নেওয়া যায়। উপকরণগুলির মিশ্রণের সূত্রটাই প্রধান শিক্ষণীয় বিষয়। স্বনিযুক্তি-সহায়ক প্রতিষ্ঠান প্রগতিতে ভেষজ আবির তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। যোগাযোগের ঠিকানা: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

□ *পশ্চিমবঙ্গ থেকে কি মধু রপ্তানি হয়? আমি মধু রপ্তানির নিয়মকানুন সম্পর্কে জানতে চাই। কোনও রপ্তানিকারকের সন্ধান দিলে খুবই উপকার হয়। —কাজল দত্ত, কৃষ্ণনগর, নদিয়া।*

□□ বিভিন্ন সংস্থা পশ্চিমবঙ্গ থেকে মধু রপ্তানি করে। আপনি এগ্রিকালচারাল অ্যান্ড প্রসেসড ফুড প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটির ওয়েবসাইটে পশ্চিমবঙ্গের মধু রপ্তানিকারকদের তালিকা পাবেন। ওয়েবসাইটের 'এক্সপোর্টার্স' উইন্ডোতে ক্লিক করবেন। ওয়েবসাইট: www.apeda.gov.in


**P.G. Diploma in 'Clinical Research and Regulatory Affairs'**

**Bioequivalence Study Centre**
**Jadavpur University, Kolkata-700032**

This course is designed to provide the participants a broad based understanding of the basic principles and functioning of Clinical Research and Regulatory affairs (includes domestic and international norms).

**Eligibility:** B. Pharm/ M. Pharm/ B. Sc (Bio-science, Microbiology and all streams of Life Science)/ BE / B.Tech (Chemical, Biotechnology)/MBBS/BHMS/BDS/BMS/MDS/ Nursing/BVSc
**Duration:** 2 (Two) Semesters 1 (One) year
**Timing:** Saturday (1.00 to 5.00 p.m.)
**Tuition Fees:** Rs. 90,000/- (in 2 installments) + Exam Fees as per JU norms
**No. of Seat:** 25 (admission will be as first-cum-first basis)

*Admission will be closes in February, 2019*

Contact us: Dr. Sangita Agarwal, Course Coordinator (7980723836)
Prof. Sanmoy Karmakar, Director (8017136385)
Email: mailsangvee@gmail.com Website: www.jubiostudy.in

WBCS-2020 পুলিশ কনস্টেবল Rail-2019 রাজ্য স্বাস্থ্য দপ্তর
Special ব্যাচ-এ ভর্তি চলছে

নিমেষে অঙ্ক -এর লেখক
'পেশাপ্রবেশ' ও 'কর্মক্ষেত্র'-র নিয়মিত লেখক
চঞ্চল ঘোষ-এর
চাকরির পরীক্ষার বিশেষ কোচিং



W.B.C.S., P.S.C. (Clerks, Misc), S.S.C.
RAIL, BANK, FOOD, LIC,
স্কুল সার্ভিস, –ইত্যাদি পরীক্ষার COMBINED COURSE-এ ভর্তি চলছে।
Mathematics ও English-এর জন্য Special Class-এর ব্যবস্থা আছে।

আমাদের প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য
- নিখুঁত পরিকাঠামো
- ছোট ছোট গ্রুপে ক্লাস
- সিলেবাস অনুযায়ী সংশোধিত ও পরিবর্ধিত STUDY MATERIALS
- প্রতিটি উত্তর TO THE POINT
- প্রতিটি বিষয়ের উপর ক্লাস
- নিয়মিত MODEL TEST + পরীক্ষার পূর্বে ১০টি করে MOCK TEST

THE IDEAL INSTITUTE
HABRA / BARASAT / SEALDAH / RANAGHAT / BASIRHAT
Ph. 9434317281 / 9647280776

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স ①

২২ জানুয়ারি-২ ফেব্রুয়ারি

**২৪ জানুয়ারি** আইসিআইসিআই ব্যাঙ্কের প্রাক্তন সিইও-এমডি চন্দা কোছরের নামে এফআইআর দায়ের করল সিবিআই। আইসিআইসিআই ব্যাঙ্ক থেকে নিয়ম-বহির্ভূত ভাবে ভিডিওকন গোষ্ঠীর এমডি বেণুগোপাল ধূতকে বড় অঙ্কের ঋণ পাইয়ে দিয়েছিলেন বলে চন্দার বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে।

## ভারতরত্ন হলেন প্রণব, নানাজি এবং ভূপেন



২৫ জানুয়ারি: প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়কে ভারতরত্ন সম্মান প্রদানের কথা ঘোষণা করল কেন্দ্র। তাঁর সঙ্গে ভারতরত্ন সম্মান পেলেন আরও দু'জন। জনসংঘের প্রয়াত নেতা নানাজি দেশমুখ এবং প্রখ্যাত গায়ক ভূপেন হাজারিকা। তিনিও প্রয়াত। এ দিন ভারতরত্ন ঘোষণার পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী টুইট করে বলেন, 'প্রণবদা আমাদের সময়ে অসাধারণ রাষ্ট্রনায়ক। নিঃস্বার্থ ও অক্লান্ত ভাবে দশকের পর দশক ধরে দেশের সেবা করেছেন। তাঁর প্রজ্ঞা ও মেধার তুলনা হয় না।' উল্লেখ্য এর আগে শেষবার ২০১৫ সালে প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ী ভারতরত্ন পেয়েছিলেন।

**রোজভ্যালি কর্ণধার গৌতম কুণ্ডুর কাছ** থেকে টাকা নিয়ে আত্মসাৎ করার অভিযোগে শ্রী ভেঙ্কটেশ ফিল্মসের কর্ণধার ও প্রযোজক শ্রীকান্ত মোহতাকে সিবিআই গ্রেপ্তার করল। শ্রীকান্তকে আটক করে সল্টলেকের সিজিও কমপ্লেক্সে সিবিআইয়ের দপ্তরে নিয়ে যাওয়া হয়। তাঁর বিরুদ্ধে মূল অভিযোগ, সিনেমা বানিয়ে দেবেন বলে তিনি ২৪ কোটি টাকা রোজভ্যালির কাছ থেকে নিয়েছিলেন। কিন্তু সিনেমাও বানাননি, টাকাও ফেরৎ দেননি। সিবিআইয়ের অভিযোগ এই টাকা রোজভ্যালির আমানতকারীদের। শ্রীকান্ত পরে সেই টাকা দিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের আঁকা ছবি কিনেছিলেন।

**২৫ জানুয়ারি** প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে পরম বিশিষ্ট সেবা পদক পেলেন সেনাপ্রধান জেনারেল বিপিন রাওয়াত ও আরও ১৮ জন প্রবীণ সেনাকর্তা। যুদ্ধের সময় বাদে এটাই হল দেশের সর্বোচ্চ সামরিক সম্মান। গত চার দশকে যাঁরাই সেনাপ্রধান হয়েছেন তাঁরা সকলেই বাহিনীর শীর্ষপদ পাওয়ার আগেই এই পদকে সম্মানিত হয়েছিলেন। জেনারেল রাওয়াতই একমাত্র ব্যতিক্রম ছিলেন। এ বছর সেবা পদক ও পুরস্কারজয়ীদের মধ্যে সংখ্যায় এগিয়ে রয়েছে সিবিআই। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাটির ২৮ জন অফিসার এ দিন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের কাছ থেকে বিশিষ্ট সেবা পদক পেয়েছেন।

**বিদেশি পণ্যের ওপর আমদানি শুল্ক** চাপানো নিয়ে ফের ভারতের সমালোচনা করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বাণিজ্য নিয়ে নতুন আইন আনার কথাও ঘোষণা করেন তিনি। এই আইনে শুল্কের হারের বিচারে কোনও দেশের সঙ্গে খুব বেশি তফাৎ হলে, সম-পরিমাণ কর চাপানোর অধিকার থাকবে আমেরিকারও। শুল্ক বৈষম্য নিয়ে বলতে গিয়ে নির্দিষ্ট কিছু পণ্যের ক্ষেত্রে ভারত, জাপান, চিন-সহ বিভিন্ন দেশের সঙ্গে মার্কিন আমদানি শুল্কের তুলনা করা একটি সবুজ বোর্ড দেখান তিনি। ট্রাম্প দাবি করেন, ভারতের মতো বহু দেশ দীর্ঘ দিন ধরে কম মার্কিন শুল্কের সুবিধা নিয়ে আসছে। তিনি বলেন, ভারতে শুল্ক খুব চড়া। আমদানি করা হুইস্কিতে ভারত ১৫০ শতাংশ কর পেলেও, আমেরিকা কিছুই পায় না।'

**২৭ জানুয়ারি** দেশীয় প্রযুক্তিতে তৈরি ভারতের প্রথম ইঞ্জিন-বিহীন ট্রেনের নাম দেওয়া হল 'বন্দে মাতরম এক্সপ্রেস'। এ দিন ভারতের রেলমন্ত্রী পীযূষ গয়াল রবিবার জানিয়েছেন, সর্বোচ্চ ১৬০ কিলোমিটার প্রতি ঘণ্টা বেগে ওই ট্রেন দিল্লি ও বারাণসীর মধ্যে যাতায়াত করবে। রায়বরেলীর একটি সংস্থা ৯৭ কোটি টাকা ব্যয়ে ১৬ কামরা বিশিষ্ট ট্রেনটি ১৮ মাসের মধ্যে নির্মাণ করেছে।

## বিশ্বের সবচেয়ে হালকা উপগ্রহ উৎক্ষেপণ ভারতের



২৫ জানুয়ারি: পৃথিবীর সবচেয়ে হালকা কৃত্রিম উপগ্রহকে সফল ভাবে পৃথিবীর কক্ষপথে পাঠিয়ে নজির গড়ল ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো। চেন্নাইয়ের পড়ুয়াদের তৈরি মাত্র ১.২৬ কেজি ওজনের 'কালামস্যাট-ভি২' নামের এই কৃত্রিম উপগ্রহটি তৈরি করতে ১২ লক্ষ টাকা খরচ পড়েছে। ইসরো জানিয়েছে, ২৪ জানুয়ারি শ্রীহরিকোটার সতীশ ধবন স্পেস সেন্টার থেকে ৪৪.৪ মিটার লম্বা পিএসএলভি রকেটে চাপিয়ে সফল ভাবে উৎক্ষেপণ করা হয় 'কালামস্যাট-ভি২'কে। ইসরো এটিকে ভারতের মহাকাশ বিজ্ঞানে আর একটি মাইল ফলক বলে ব্যাখ্যা করেছে।



"প্রধানমন্ত্রী অনিল অম্বানী-সহ ৪৫ জন বন্ধুকে সর্বোচ্চ আয়ের গ্যারান্টি দিয়েছেন। আমরা দেশের সব গরিবের জন্য ন্যূনতম আয়ের গ্যারান্টি দেব।"

রাহুল গান্ধী, *কংগ্রেস সভাপতি*
কেরালার কোচিতে আয়োজিত এক দলীয় সমাবেশে

## প্রথম এশীয় হিসেবে টেনিস শীর্ষে ওসাকা



২৬ জানুয়ারি: অস্ট্রেলীয় ওপেনে মহিলাদের সিঙ্গলস বিভাগে চ্যাম্পিয়ন হয়ে মেয়েদের র‍্যাঙ্কিংয়ে নতুন এক নম্বর হলেন নেয়োমি ওসাকা। এ দিন প্রতিযোগিতায় পেত্রা কুইতোভাকে ৭-৬ (৭-২), ৫-৭, ৬-৪ সেটে হারিয়ে চ্যাম্পিয়ন হলেন তিনি। পরপর দু'টি গ্র্যান্ড স্লামে জয় এবং প্রথম এশীয় হিসেবে বিশ্বের এক নম্বর হলেন ২১ বছর বয়সি ওসাকা।

**২৮ জানুয়ারি** কংগ্রেস নেতা রাহুল গান্ধীর নেতৃত্বে কংগ্রেস বা জোট সরকার ক্ষমতায় এলে সরকারের মূল নীতি নিয়ে দিশা দেখালেন রাহুল। ছত্তীসগঢ়ে এ দিন এক জনসভায় কংগ্রেস সভাপতি প্রতিশ্রুতি দিলেন, ২০১৯-এ কংগ্রেসের সরকার ক্ষমতায় এলে সমস্ত গরিব মানুষের ব্যাঙ্ক অ্যাকাউন্টে দিন গুজরানের জন্য কিছু টাকা দেবে। রাহুল বলেন, 'আমরা সিদ্ধান্ত নিয়েছি, প্রতিটি গরিব মানুষকে ২০১৯-এ কংগ্রেস সরকার ন্যূনতম-আয় নিশ্চিত করবে। কেউ অভুক্ত থাকবেন না, কেউ গরিব থাকবেন না।'

## অস্ট্রেলীয় ওপেন জয় জকোভিচের



২৭ জানুয়ারি: সাত বার অস্ট্রেলীয় ওপেন জয় করে রজার ফেডেরারকে টপকে গেলেন নোভাক জকোভিচ। মেলবোর্নে রড লেভার এরিনায় ফাইনালে জকোভিচ রাফায়েল নাদালকে হারালেন ৬-৩, ৬-২, ৬-৩ সেটে। নাদালকে স্ট্রেট সেটে হারানোর পর জকোভিচ বলেন, 'আগেও অনেক ফাইনাল খেলেছি। যদি এটা আমার সেরা ফাইনাল না হয়, তা হলে অবশ্যই এটা অন্যতম সেরা।' এ বারের ট্রফি জয়ের সঙ্গে সঙ্গে কেরিয়ারের ১৫তম গ্র্যান্ড স্লাম জিতলেন সার্বিয়ান তারকা। মোট গ্র্যান্ড স্লাম জয়ের দিক থেকেও তিনি পেরিয়ে গেলেন পিট সাম্প্রাসকে (১৪)। বর্তমানে ফেডেরার (২০) আর নাদালের (১৭) পরেই গ্র্যান্ডস্লাম জয়ের দৌড়ে তৃতীয় স্থানে রয়েছেন জকোভিচ।

## শৃঙ্গ জয়ের পথে মৃত্যু গিগি ইউয়ের



২২ জানুয়ারি: পাহাড় থেকে খাদে পড়ে গিয়ে মৃত্যু হল ৩৬ বছর বয়সি তাইওয়ানের পর্বতারোহী গিগি ইউয়ের। গত চার বছরে তিনি ১০০টি শৃঙ্গ জয় করেছিলেন। প্রতিবারই পাহাড়ের চূড়ায় পৌঁছে বিকিনি পরা ছবি পোস্ট করে সোশ্যাল মিডিয়ায় বিপুল জনপ্রিয়তা পেয়েছিলেন। পরিচিত হয়েছিলেন 'বিকিনি হাইকার' নামে। তাইওয়ানের সর্বোচ্চ শৃঙ্গ ইউশান (৪০০০ মিটার) আরোহণ করতে গিয়েই প্রাণ হারালেন তিনি। দুর্ঘটনার ২৮ ঘণ্টা পরে তাঁর দেহ উদ্ধার করা সম্ভব হয়।

## আসিয়া বিবির মুক্তির রায় বহাল



২৯ জানুয়ারি: পাকিস্তানে আসিয়া বিবির মুক্তির রায় বহাল রাখল সে দেশের সুপ্রিম কোর্ট। গত বছর অক্টোবরে আসিয়া বিবিকে ধর্মদ্রোহের অভিযোগ থেকে মুক্তি দেয় দেশের সর্বোচ্চ আদালত। সেই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে ওই মহিলার মৃত্যুদণ্ডের সাজা বহাল রাখার আর্জি নিয়ে ফের শীর্ষ আদালতে আবেদন করেছিল কয়েকটি কট্টরপন্থী সংগঠন। এ দিন সেই আবেদন খারিজ করে দিয়েছে পাক শীর্ষ আদালত। ফলে এখন আর বিদেশ যেতে বাধা রইল না আসিয়া বিবির।

## রাজনীতিতে অভিষেক প্রিয়ঙ্কার




২৩ জানুয়ারি: আনুষ্ঠানিক ভাবে রাজনীতিতে যোগ দিলেন প্রিয়ঙ্কা বঢরা। কংগ্রেস সভাপতি রাহুল গান্ধী এ দিনই ঘোষণা করলেন, কংগ্রেসের সাধারণ সম্পাদক হবেন প্রিয়ঙ্কা। আসন্ন লোকসভা ভোটের আগে তিনি সামলাবেন পূর্ব উত্তরপ্রদেশ। সে রাজ্যের এই অংশটিতে যথেষ্ট প্রভাব রয়েছে নরেন্দ্র মোদী ও যোগী আদিত্যনাথের। রাজ্যের পশ্চিমাংশের ভার রাহুল দিয়েছেন জ্যোতিরাদিত্য সিন্ধিয়াকে। তাঁকেও এআইসিসির সাধারণ সম্পাদক করা হয়েছে। একই সঙ্গে দলের সংগঠনের দায়িত্ব থেকে রাজস্থানের মুখ্যমন্ত্রী অশোক গেহলৌতকে সরিয়ে ভার দেওয়া হয়েছে কে সি বেণুগোপালকে। এ দিন রাহুল গান্ধী প্রিয়ঙ্কার রাজনীতিতে আসার কথা ঘোষণা করে বলেন, 'আমার বোন যোগ্য ও কঠোর পরিশ্রমী। শুধু দু'মাসের জন্য আমি ওকে উত্তরপ্রদেশে পাঠাচ্ছি না। গরিব, যুবক, কৃষকদের জন্য লড়াই করে প্রিয়ঙ্কা আমাদের বিচারধারা প্রসারিত করবে।' ছবি: পি টি আই

**ইস্পাত উৎপাদনে জাপানকে পেছনে** ফেলে দ্বিতীয় স্থানে উঠে এল ভারত। ওয়ার্ল্ড স্টিল অ্যাসোসিয়েশনের পরিসংখ্যান অনুযায়ী, ২০১৮ সালে ভারতে কাঁচা ইস্পাত উৎপাদন হয়েছে ১০.৬৫ কোটি টন। যা গত বছরের তুলনায় ৪.৯ শতাংশ বেশি।

**উত্তর মালদহের সাংসদ মৌসম বেনজির** নুর কংগ্রেস ছেড়ে তৃণমূলে যোগ দিলেন। এ দিন নবান্নে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করেন মৌসম। পরে মুখ্যমন্ত্রীর উপস্থিতিতেই রাজ্যের পরিবহণমন্ত্রী ও মালদহের তৃণমূল পর্যবেক্ষক শুভেন্দু অধিকারী জানান, উত্তর মালদহ কেন্দ্রেই তৃণমূলের প্রার্থী হবেন মৌসম। কংগ্রেসও জানিয়েছে, মৌসমের বিরুদ্ধে উত্তর মালদহে কংগ্রেসের প্রার্থী হবেন দক্ষিণ মালদহের সাংসদ আবু হাসেম খান চৌধুরির ছেলে ও বিধায়ক ঈশা খান চৌধুরি। এআইসিসি-র তরফে বাংলার ভারপ্রাপ্ত নেতা গৌরব গগৈ বলেন, 'মৌসমের চলে যাওয়া দুর্ভাগ্যজনক। তৃণমূল মালদহে কংগ্রেসকে দুর্বল করে বিজেপিকে সুবিধা করে দিতে চাইছে। তৃণমূল বিজেপির এজেন্ট হিসেবে কাজ করছে।' তবে প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্র বলেছেন, 'এই দলবদলে রাজনৈতিকভাবে আমাদের কোনও ক্ষতি হবে না।'

**২৯ জানুয়ারি** প্রাক্তন প্রতিরক্ষামন্ত্রী ও এক সময়ের সাড়া জাগানো শ্রমিক নেতা জর্জ ফার্নান্ডেজ (৮৮) প্রয়াত হলেন। দীর্ঘদিন ধরেই স্মৃতিভ্রংশজনিত অসুস্থায় আক্রান্ত হয়েছিলেন তিনি। জয়প্রকাশ নারায়ণের অনুগামী জর্জ ১৯৭৪ সালের দেশজোড়া রেল ধর্মঘটের মধ্যে দিয়ে জাতীয় রাজনীতির গুরুত্বপূর্ণ চরিত্র হয়ে উঠেছিলেন। তাঁর রাজনৈতিক জীবন যেমন বর্ণময় তেমনই বিতর্কিত। ১৯৮৯ সালে হয়েছিলেন ভি পি সিং সরকারের রেলমন্ত্রী। পরে বিজেপি নেতৃত্বাধীন এনডিএ সরকারের প্রতিরক্ষামন্ত্রী হন। ১৯৯৮ থেকে ২০০৪ পর্যন্ত তিনি প্রতিরক্ষামন্ত্রী থাকাকালীনই কার্গিল যুদ্ধ ও পোখরানের পরমানু বোমা পরীক্ষা হয়েছিল। আবার ২০০২ সালে কার্গিলের শহিদদের জন্য কেনা কফিন কেলেঙ্কারিতেও নাম জড়িয়েছিল তাঁর।

## নির্বাসন থেকে মুক্ত হার্দিক ও রাহুল



২৪ জানুয়ারি: ভারতীয় ক্রিকেট বোর্ড হার্দিক পাণ্ড্য এবং কে এল রাহুলের নির্বাসন তুলে নিল। কর্ণ জোহরের টিভি শো-তে গিয়ে আপত্তিজনক মন্তব্য করায় অস্ট্রেলিয়া থেকে ফিরিয়ে আনা হয় এই দুই ক্রিকেটারকে। তাঁদের অনির্দিষ্টকালের জন্য নির্বাসিতও করা হয়। প্রথমে বলা হয়েছিল, তদন্ত শেষ না হওয়া পর্যন্ত তাঁরা খেলতে পারবেন না। এ দিন বলা হল, যতক্ষণ না তদন্ত সম্পূর্ণ হচ্ছে এবং তাঁরা দোষী সাব্যস্ত হচ্ছেন, হার্দিকদের খেলতে বাধা নেই।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



নাগরিকত্ব সংশোধনী বিল বাতিল করার দাবিতে উত্তর-পূর্বের ১১টি রাজনৈতিক দল গুয়াহাটিতে এক মঞ্চে এল। মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমার ডাকে ও অসম গণ পরিষদের উদ্যোগে এ দিন গুয়াহাটিতে বৈঠকে বসেন মিজোরামের মুখ্যমন্ত্রী জোরামথাঙ্গা, মণিপুরের উপ-মুখ্যমন্ত্রী ইয়ুমনাম জয়কুমার সিংহ, নাগাল্যান্ডের শাসকজোট পিডিএ-র চেয়ারম্যান চিংওয়াং কন্যাক, নাগাল্যান্ডের বিরোধী দলনেতা টি আর জেলিয়াং-সহ নাগাল্যান্ডের এনডিপিপি ও এনপিএফ, মেঘালয়ের এনপিপি, খানম, এইচএসপিডিপি, পিডিএফ, ইউডিপি, ত্রিপুরার আইপিএফটি, মেঘালয়ের এমএনএফের নেতা-মন্ত্রীরা।

# কারেন্ট অ্যাফেয়ার্স ২

## প্রবল শৈত্যপ্রবাহে আমেরিকায় হত ২১



**১ ফেব্রুয়ারি:** আমেরিকার উত্তর-মধ্যাঞ্চল জুড়ে চলতে থাকা মেরু ঘূর্ণাবর্তের প্রকোপে প্রবল ঠান্ডায় ২১ জনের মৃত্যু হয়েছে বলে জানাল মার্কিন সরকার। তুষারক্ষত নিয়ে বহু মানুষ হাসপাতালে ভর্তি রয়েছেন বলে জানা গেছে। এক এক জনের ক্ষত এতই ভয়াবহ যে হাত-পা বাদও যেতে পারে বলে আশঙ্কা রয়েছে। ডাকোটা, মিনেসোটা, ইলিনয়, আইয়োয়া, ইন্ডিয়ানা, মিশিগান, নিউ হ্যাম্পশায়ার, উইসকনসিন, নিউইয়র্ক এবং পেনসিলভ্যানিয়ায় তাপমাত্রা মাইনাস ১০ ডিগ্রি সেলসিয়াসের নীচে। তবে আবহবিদেরা জানিয়েছেন মেরু ঘূর্ণাবর্তের সক্রিয়তা খুব তাড়াতাড়িই কমে যাবে। যে সব এলাকায় তাপমাত্রা হিমাঙ্কের অনেক নীচে নেমে গিয়েছিল আচমকাই সেখানে তাপমাত্রা অনেকটাই বেড়ে যাবে। যার জেরে হয়ত নতুন করে সমস্যায় পড়তে হতে পারে বাসিন্দাদের।

**৩০ জানুয়ারি** অগুস্তা ওয়েস্টল্যান্ড কপ্টার বিতর্কে আরেক অভিযুক্ত রাজীব সাক্সেনাকেও ভারতে ফেরানোর সিদ্ধান্ত নিয়েছে সংযুক্ত আরব আমিরশাহি। সিবিআই সূত্রে জানানো হয়েছে রাজীবের সঙ্গে কর্পোরেট লবিস্ট দীপক তলওয়ারকেও ফিরিয়ে আনা হচ্ছে দুবাই থেকে। অগুস্তা কাণ্ডে ঘুষের টাকা পাচারে সাক্সেনার বড় ভূমিকা ছিল বলে ইডি অভিযোগ করেছে। ওই মামলায় মূল অভিযুক্ত দালাল ক্রিশ্চিয়ান মিশেলকে ইতিমধ্যেই ভারতে প্রত্যর্পণ করা হয়েছে।

**ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস** মাদুরো বিরোধীদের সঙ্গে কথাবার্তায় রাজি বলে জানাল রুশ সংবাদ সংস্থা। তারা এ দিন জানিয়েছে, আমেরিকা সমর্থিত বিরোধীদের সঙ্গে মাদুরো আলোচনায় বসতে প্রস্তুত। কারাকাস থেকে এক সাক্ষাৎকারে মাদুরো বলেছেন, 'দেশের ভালোর জন্য আমি বিরোধীদের সঙ্গে আলোচনার টেবিলে বসতে রাজি।'

**৩১ জানুয়ারি** নয়াদিল্লিতে সূচনা হল বাজেট অধিবেশনের। অধিবেশনের শুরুতে এ দিন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ তাঁর বক্তৃতায় বলেন, 'আয়করের বোঝা কমিয়ে, মূল্যবৃদ্ধির হারকে নিয়ন্ত্রণের মধ্যে রেখে, সরকার মধ্যবিত্তের সঞ্চয় বাড়ানোর সুযোগ তৈরি করেছে। পরিশ্রমী মধ্যবিত্ত মানুষের আয় বাড়াতে এবং সেই আয় উত্তরোত্তর বৃদ্ধির জন্য লগ্নির রাস্তা তৈরি করতে সরকার সচেষ্ট।'

**ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস** মাদুরোকে রাশিয়া সমর্থন করায় সে দেশের বিরোধী নেতা হুয়ান গাইডোর পাশে দাঁড়ালেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। গাইডোকে ফোনও করেন তিনি। টুইটারে ট্রাম্প লিখেছেন, 'নিকোলাস মাদুরোর বিরুদ্ধে আজ ভেনেজুয়েলা জুড়ে বড়সড় প্রতিবাদ হচ্ছে। স্বাধীনতার জন্য লড়াই শুরু হয়েছে।' অন্যদিকে কট্টর বাম নেতা প্রেসিডেন্ট মাদুরো অভিযোগ করেছেন, বিরোধী নেতা গাইডো আমেরিকা সমর্থিত সামরিক অভ্যুত্থানের ষড়যন্ত্রের অংশীদার।'

**২ ফেব্রুয়ারি** ঠান্ডা যুদ্ধের আমলে আমেরিকার সঙ্গে সই করা ক্ষেপণাস্ত্র চুক্তি (ইন্টারমিডিয়েট রেঞ্জ নিউক্লিয়ার ফোর্স ট্রিটি) থেকে সরে গেল রাশিয়া। দু'পক্ষের মধ্যে তিক্ততা কমাতে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট রোনাল্ড রেগন এবং পূর্বতন সোভিয়েত ইউনিয়নের প্রেসিডেন্ট মিখাইল গর্বাচভ ১৯৮৭ সালে এই চুক্তিতে সই করেন। কিন্তু দুই দেশই চুক্তি লঙ্ঘন করা নিয়ে বরাবরই পরস্পরকে দোষারোপ করে আসছে। ১ ফেব্রুয়ারি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছিলেন, ছ'মাসের মধ্যে এই চুক্তি থেকে বেরিয়ে আসবে আমেরিকা। এ দিন পুতিন টিভিতে ঘোষণা করে দিলেন, 'আমেরিকা চুক্তি প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে। আমরাও সেটাই করলাম।'

## নতুন সিবিআই অধিকর্তা ঋষিকুমার শুক্ল



**২ ফেব্রুয়ারি:** সিবিআইয়ের নতুন অধিকর্তা হলেন ঋষিকুমার শুক্ল। জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালের গোয়েন্দা বাহিনীর পুরনো সদস্য তিনি। কয়েকদিন আগে পর্যন্তও তিনি মধ্যপ্রদেশ পুলিশের ডিজি-র পদে ছিলেন। এ দিন যে পাঁচজনের নাম নিয়ে অধিকর্তা নিয়োগকারী কমিটির আলোচনা হয়, তাঁদের মধ্যে একমাত্র শুক্লের দুর্নীতি দমনে অভিজ্ঞতা না থাকায় আপত্তি তোলেন লোকসভায় কংগ্রেসের দলনেতা মল্লিকার্জুন খড়্গে। কমিটির অন্য দুই সদস্য প্রধানমন্ত্রী ও প্রধান বিচারপতি ঋষিকুমারকেই অধিকর্তা পদে চেয়েছেন।

## বাজেট ২০১৯



**১ ফেব্রুয়ারি:** সংসদে বাজেট পেশ করলেন অর্থমন্ত্রী পীযুশ গয়াল। ঢালাও 'সহায়তা' দানের এই বাজেটের সবচেয়ে বড় চমক হল দেশের ১২ কোটি কৃষককে বছরে ৬,০০০ টাকা করে আর্থিক সাহায্য দানের ঘোষণা। ২ হেক্টর বা তার কম জমি রয়েছে এমন চাষীরাই এই সহায়তা পাবেন। অর্থমন্ত্রী বলেন, 'অতীতে চাষীরা তাঁদের উৎপাদনের পুরো খরচ পেতেন না। বছরের পর বছর তাঁদের আয় ক্রমশই কমেছে। প্রধানমন্ত্রী কিসান সম্মান নিধি ক্ষুদ্র ও প্রান্তীয় কৃষকদের জন্য এই আর্থিক সহায়তা মঞ্জুর করেছে। ২ হেক্টর বা তার কম জমির অধিকারী কৃষকদের সহায়তা প্রদানের জন্য বছরে ৬,০০০ টাকা সরাসরি তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে চলে যাবে।'

**বাজেটের অন্যান্য কয়েকটি দিক**

- ৫ লক্ষ টাকা পর্যন্ত বার্ষিক আয়ের ওপর সম্পূর্ণ কর ছাড়। এ ছাড়া দেড় লক্ষ টাকা পর্যন্ত লগ্নি করলে সাড়ে ছয় লক্ষ টাকা পর্যন্ত কর ছাড়।
- বেতনভোগীদের জন্য স্ট্যান্ডার্ড ট্যাক্স ডিডাকশন ৪০,০০০ থেকে বাড়িয়ে করা হল ৫০,০০০ টাকা।
- গ্র্যাচুইটি লিমিট ১০ লক্ষ থেকে বাড়িয়ে ৩০ লক্ষ টাকা করা হল।
- উত্তর-পূর্বের জন্য বরাদ্দ বাড়ল ৫৮,১৬৬ কোটি টাকা যা গত বছরের তুলনায় ২১ শতাংশ বেশি।
- দেশের ১২ কোটি ক্ষুদ্র ও প্রান্তীয় কৃষকদের বার্ষির ৬,০০০ টাকা করে দিতে ৭৫,০০০ কোটি টাকা খরচ ধার্য করা হল।

# উত্তর দিনাজপুর কোর্টে স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক ও গ্রুপ ডি

ইংলিশ স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক ও গ্রুপ 'ডি' পদে ৪৩ জন কর্মী নেবে উত্তর দিনাজপুর জেলা আদালত। প্রার্থী বাছাই করবে ডিস্ট্রিক্ট রিক্রুটমেন্ট কমিটি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০১।

শূন্যপদের বিবরণ: **ইংলিশ স্টেনোগ্রাফার-গ্রেড থ্রি (গ্রুপ বি):** ৬টি (সাধারণ ৩, সাধারণ-ই সি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-বি—ই সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সঙ্গে কম্পিউটার ট্রেনিংয়ে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে এবং কম্পিউটার অপারেশনে দক্ষ হতে হবে। এছাড়া ইংরেজিতে শর্টহ্যান্ডে মিনিটে ৮০টি শব্দের দ্রুততা ও ইংরেজিতে কোনও পাণ্ডুলিপি থেকে মিনিটে ৪০টি শব্দ ১০ মিনিট ধরে টাইপ করার দক্ষতা থাকতে হবে। বেতনক্রম: ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা।

**লোয়ার ডিভিশন ক্লার্ক (গ্রুপ সি):** ১৫টি (সাধারণ ৭, সাধারণ-ই সি ২, তফসিলি জাতি ২, তফসিলি জাতি-ই সি ১, তফসিলি উপজাতি ১, তফসিলি উপজাতি-ই সি ১, ও বি সি-এ ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সঙ্গে কম্পিউটার ট্রেনিংয়ে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে এবং কম্পিউটার অপারেশনে দক্ষ হতে হবে। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

**গ্রুপ ডি:** প্রোসেস সার্ভার: ৫টি (সাধারণ ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, সাধারণ-ই সি ১, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, তফসিলি জাতি ১)। পিওন: ১৪টি (সাধারণ ৪, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, সাধারণ-ই সি ২, তফসিলি জাতি ৩, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, ও বি সি-এ ১, ও বি সি-এ-ই সি ১, ও বি সি-বি-ই সি ১)। ফরাশ: ২টি (তফসিলি জাতি-ই সি ১, ও বি সি-বি ১)। নাইট গার্ড: ১টি (সাধারণ-ই সি)। **শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট পাশ। বেতনক্রম: প্রোসেস সার্ভার পদের ক্ষেত্রে ৫,৪০০-২৫,২০০ টাকা, গ্রেড পে ২,৩০০ টাকা। অন্যান্য পদগুলির ক্ষেত্রে ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে অন্তত ১৮ বছরের হতে হবে এবং ১-১-২০১৭ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

জাতীয় স্কুল গেমস, ইন্টার-ইউনিভার্সিটি প্রতিযোগিতা, জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দক্ষ খেলোয়াড়দের নিয়োগ করা হবে খেলাধুলার এই সব ডিসিপ্লিন থেকে: অ্যাথলেটিক্স (ট্র্যাক অ্যান্ড ফিল্ড ইভেন্ট-সহ), ব্যাডমিন্টন, বাস্কেটবল, ক্রিকেট, ফুটবল, হকি, সুইমিং, টেবল টেনিস, ভলিবল, টেনিস, ওয়েটলিফটিং, রেসলিং, বক্সিং, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শুটিং, কবাডি, খো খো।

প্রার্থী বাছাই করা হবে স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে তিনটি পত্রে। পেপার-ওয়ানে (১০০ নম্বর) থাকবে জেনারেল ইংলিশ-সংক্রান্ত প্রশ্ন। পেপার-টু (২০০ নম্বর) এবং পেপার-থ্রিতে (২০০ নম্বর) নেওয়া হবে যথাক্রমে শর্টহ্যান্ড টেস্ট এবং টাইপ টেস্ট। সফল প্রার্থীদের ক্ষেত্রে এরপর নেওয়া হবে কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট এবং পার্সোন্যালিটি টেস্ট। লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। প্রথম পর্যায়ের লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ইংলিশ, জেনারেল স্টাডিজ এবং অ্যারিথমেটিক বিষয়ে। সময়সীমা দেড় ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ইংরেজি ও বাংলা বিষয়ে। সময়সীমা দেড় ঘণ্টা। সফল প্রার্থীদের ক্ষেত্রে এরপর নেওয়া হবে কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট এবং পার্সোন্যালিটি টেস্ট। গ্রুপ ডি পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে অ্যারিথমেটিক, ইংলিশ, বাংলা এবং জেনারেল নলেজ বিষয়ে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://districts.ecourts.gov.in/north-dinajpur অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ ফেব্রুয়ারি। আবেদনপত্র পূরণ করবেন যথাযথ ভাবে।

অনলাইনে বা অফলাইনে ফি বাবদ দিতে হবে ইংলিশ স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে ৪০০ টাকা (তফসিলি জাতি ও উপজাতিভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে ৩০০ টাকা), লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে ৩৫০ টাকা (তফসিলি জাতি ও উপজাতিভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা), গ্রুপ ডি ক্যাটেগরির ক্ষেত্রে ২৫০ টাকা (তফসিলি জাতি ও উপজাতিভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে ২০০ টাকা)। ফি দেওয়ার শেষ তারিখ ১৫ ফেব্রুয়ারি। অনলাইনে ফি দিলে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। অফলাইনে ব্যাঙ্ক চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৬ ফেব্রুয়ারি।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# টেরিটোরিয়াল আর্মিতে সোলজার

৭১ জন সোলজার নেবে টেরিটোরিয়াল আর্মি (১১৩ ইনফ্যান্ট্রি ব্যাটেলিয়ন)। র‍্যালির মাধ্যমে প্রার্থী বাছাই হবে। র‍্যালি আয়োজিত হবে পশ্চিমবঙ্গে, বাগডোগরার বেঙ্গডুবি মিলিটারি স্টেশনে, ৫ থেকে ১৫ ফেব্রুয়ারি। পশ্চিমবঙ্গের প্রার্থীরা র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন ৫ ও ৬ ফেব্রুয়ারি। শুধু পুরুষ প্রার্থীরা র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন।

উল্লেখ্য, টেরিটোরিয়াল আর্মির চাকরি স্থায়ী চাকরি নয়। প্রয়োজনে বাহিনীর তরফ থেকে ডেকে পাঠানো হয়। নিজের পেশায় যুক্ত থেকেও টেরিটোরিয়াল আর্মির দায়িত্ব পালন করা যাবে। কাজ অনুসারে বেতন, ভাতা পাওয়া যাবে।

ট্রেড অনুসারে শূন্যপদ: জেনারেল ডিউটি ৬৬টি, হেয়ার ড্রেসার ১টি, শেফ ১টি, ইক্যুইপমেন্ট রিপেয়ারার ১টি, হাউসকিপার ১টি, ক্লার্ক ১টি।

এরপর চব্বিশের পাতায়

# ভাবা অ্যাটমিক রিসার্চে

## আপার ডিভিশন ক্লার্ক, স্টেনোগ্রাফার

৬০ জন আপার ডিভিশন ক্লার্ক ও স্টেনোগ্রাফার নেবে ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার (বি এ আর সি)। নিয়োগ করা হবে বি এ আর সি ছাড়াও অ্যাটমিক এনার্জি দপ্তরের কলকাতা, মুম্বই, তারাপুর ও বিশাখাপত্তনম ইউনিটে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2019-R-III.

**শূন্যপদের বিবরণ:** পোস্ট কোড DR01: **আপার ডিভিশন ক্লার্ক:** শূন্যপদ ৪৭টি (সাধারণ ৩২, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক বা সমতুল। টাইপরাইটারে ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দ টাইপিংয়ের দক্ষতা-সহ কম্পিউটারে ডেটা প্রোসেসিংয়ের কাজ জানলে অগ্রাধিকার।

পোস্ট কোড DR02: **স্টেনোগ্রাফার গ্রেড-থ্রি:** শূন্যপদ ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। পাশাপাশি, ইংলিশ স্টেনোগ্রাফিতে মিনিটে ৮০টি শব্দের দ্রুততা থাকতে হবে। ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দের গতিতে টাইপ করতে জানতে হবে।

**বয়স:** ২৫-২-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতন:** উভয় পদের ক্ষেত্রেই ২৫,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের পরীক্ষার মাধ্যমে। উভয় পদের ক্ষেত্রেই প্রথম পর্যায়ে থাকবে লিখিত পরীক্ষা। অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে জেনারেল ইংলিশ, জেনারেল নলেজ, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (এরিথমেটিক) বিষয়ে। দ্বিতীয় পর্যায়ে থাকবে ক্লার্ক পদের ক্ষেত্রে ইংলিশ ল্যাঙ্গুয়েজ এবং কম্প্রিহেনশন-সংক্রান্ত ডেসক্রিপটিভ প্রশ্ন এবং স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে স্টেনোগ্রাফি টেস্ট। পরীক্ষাকেন্দ্র মুম্বই।

অনলাইন দরখাস্ত করতে হবে যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: http://recruit.barc.gov.in, www.barc.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৫ ফেব্রুয়ারি। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই আপলোড করতে হবে। ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইন পদ্ধতিতে ফি জমা দিতে হবে। তফসিলি, মহিলা প্রার্থী, প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করে পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## এস এস সি

□ *স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে বিভিন্ন কেন্দ্রীয় বিভাগ ও সংস্থায় ইঞ্জিনিয়ার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —দেবোত্তম খাঁড়া, উলুবেড়িয়া, হাওড়া।*

□□ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে বিভিন্ন কেন্দ্রীয় বিভাগ ও সংস্থায় ইঞ্জিনিয়ার পদে নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা ও ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই হবে দু'টি পেপারে পরীক্ষার মাধ্যমে। পেপার ওয়ান ও পেপার টু মিলিয়ে মোট ৫০০ নম্বরের পরীক্ষা। পেপার ওয়ানে থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস এবং ১০০ নম্বরের ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত বিষয়ের তিনটি পার্টের প্রশ্ন। প্রথম পার্টে থাকবে জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল) বিষয়ে প্রশ্ন। দ্বিতীয় পার্টে জেনারেল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) এবং তৃতীয় পার্টে জেনারেল ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল) বিষয়ে প্রশ্ন থাকবে। ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত বিষয়ে তিনটি পার্টের মধ্যে যে-কোনও একটি পার্টের উত্তর দিতে হবে। এই পেপারে সব প্রশ্নই হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েস ধরনের। সময় ২ ঘণ্টা। পেপার টুয়ে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৩০০ নম্বরের কনভেনশনাল প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা। পেপার ওয়ান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই পেপার টুয়ে বসার জন্য যোগ্য বিবেচিত হবেন। খুঁটিনাটি তথ্য জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.ssc.nic.in

## উচ্চশিক্ষা

□ *এ বছরের ক্ল্যাট পরীক্ষায় বসতে চাই। বিস্তারিত জানাবেন। —শিবানী মণ্ডল, মেমারি, পূর্ব বর্ধমান।*

□□ ৫ বছর মেয়াদের ইন্টিগ্রেটেড স্নাতক এবং ১ বছর মেয়াদের স্নাতকোত্তর কোর্সে ভর্তির জন্য দেশজুড়ে কমন ল অ্যাডমিশন টেস্ট (ক্ল্যাট), ২০১৯ আয়োজিত হবে ১২ মে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ আইনে স্নাতক। উভয় ক্ষেত্রেই ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই। প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা বিকেল ৩টে থেকে ৫টা পর্যন্ত। স্নাতক স্তরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে কম্প্রিহেনসন-সহ ইংরেজি (৪০ নম্বর), জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স (৫০ নম্বর), এলিমেন্টারি ম্যাথমেটিক্স (২০ নম্বর), লিগ্যাল অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), এলিমেন্টারি ম্যাথমেটিক্স (নিউমেরিক্যাল এবিলিটি) (২০ নম্বর), লিগ্যাল অ্যাপ্টিটিউড (৫০ নম্বর) ও লজিক্যাল রিজনিং (৪০ নম্বর) বিষয়ে। স্নাতকোত্তর স্তরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে কনস্টিটিউশনাল ল (৪০ নম্বর), জুরিসপ্রুডেন্স এবং অন্যান্য আইন-সংক্রান্ত (৬০ নম্বর) বিষয়ে। উভয় ক্ষেত্রেই সময়সীমা ২ ঘণ্টা। প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.clat consortiumo fnlu. ac.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৩১ মার্চ। ফি বাবদ দিতে হবে অনলাইনে ৪,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৩,৫০০ টাকা)।

□ *এ বছরের 'ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার'-এর বিজ্ঞপ্তি কি প্রকাশিত হয়েছে? পরীক্ষা কবে? বিস্তারিত জানাবেন। —প্রকাশ মালাকার, গৌরহাটি, হুগলি।*

□□ ৫ বছর মেয়াদের ব্যাচেলর অব আর্কিটেকচার (বি আর্ক) কোর্সে ভর্তির যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার (নাটা) নেওয়া হবে ১৪ এপ্রিল এবং ৭ জুলাই। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। প্রতিটি বিষয়েই অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। প্রথম পার্টে প্রশ্ন হবে ম্যাথমেটিক্স (৪০ নম্বর) এবং জেনারেল অ্যাপ্টিটিউড (৮০ নম্বর) বিষয়ে। দ্বিতীয় পার্টে যাচাই করা হবে প্রার্থীর ড্রয়িংয়ের দক্ষতা (৮০ নম্বর)। পরীক্ষার সময় সকাল ১০টা থেকে দুপুর ১টা ১৫ মিনিট। প্রথম পার্টে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ ধরনের। কোনও নেগেটিভ মার্কিং নেই। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, হাওড়া, আসানসোল, দুর্গাপুর এবং শিলিগুড়ি। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nata.nic.in অনলাইন আবেদন করা যাবে ১৪ এপ্রিলের পরীক্ষার ক্ষেত্রে ১১ মার্চ পর্যন্ত এবং ৭ জুলাইয়ের পরীক্ষার ক্ষেত্রে ১২ জুন পর্যন্ত। অনলাইনে ফি বাবদ দিতে হবে ১,৮০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,৫০০ টাকা)। দু'বার পরীক্ষায় বসতে চাইলে ফি বাবদ দিতে হবে ৩,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২,৮০০ টাকা)।

□ *অল ইন্ডিয়া প্রি-ভেটেরিনারি টেস্টে কী কী বিষয়ে কত নম্বরের পরীক্ষা হবে? নেগেটিভ মার্কিং আছে? বিস্তারিত সিলেবাস পাব কোন ওয়াবসাইটে? —অভীক দাস, বীরভূম।*

□□ অল ইন্ডিয়া প্রি-ভেটেরিনারি টেস্টে ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি (বটানি ও জুলিজি) বিষয়ে মোট ১৮০টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। প্রতি প্রশ্নের মান ৪। নেগেটিভ মার্কিং থাকবে। প্রতিটি ভুল উত্তরের জন্য অতিরিক্ত ১ নম্বর কাটা যাবে। বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www. aipvt.vci.nic.in

## ব্যাঙ্ক

□ *পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে আই টি শাখায় অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন? —কৌশিক দাস, দক্ষিণ দিনাজপুর।*

□□ পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে অফিসার (আই টি) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি— যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক। অথবা এম সি এ। পাশাপাশি, সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। ওয়েবসাইট: www.pnbindia.in

## কোর্স, ট্রেনিং

□ *উত্তর বঙ্গ বিশ্ববিদ্যালয়ে দূরশিক্ষায় ইংরেজিতে স্নাতকোত্তর কোর্সে ভর্তি হতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —অগ্নি বিশ্বাস, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

□□ উত্তর বঙ্গ বিশ্ববিদ্যালয়ে দূরশিক্ষায় ইংরেজিতে স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে অনার্স-সহ বি এ বা বি এসসি অথবা জেনারেল বা পাস কোর্সে বি এ বা বি এসসি পাশ অথবা ২ বছরের বি এ ডিগ্রি কোর্স পাশ, সঙ্গে ১ বছরের ব্রিজ কোর্স করে থাকতে হবে। ওয়েবসাইট: www.ddenbu.in

## অন্যান্য চাকরি

□ *ইন্ডিয়ান কোস্ট গার্ডে যান্ত্রিক পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —রবি দাস, সাগরপাড়া, মুর্শিদাবাদ।*

□□ ইন্ডিয়ান কোস্ট গার্ডে যান্ত্রিক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে অল ইন্ডিয়া কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন (রেডিও/পাওয়ার) ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। তফসিলি জাতিভুক্ত প্রার্থীরা নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি থাকতে হবে চশমা ছাড়া ৬/২৪ এবং চশমা-সহ ভালো ও খারাপ চোখে যথাক্রমে ৬/৯ এবং ৬/১২ হতে হবে। দেখতে পারেন এই ওয়েবসাইট: www.joinindiancoastguard.gov.in

□ *গেট-২০১৯ পরীক্ষার মাধ্যমে ইস্পাত নিগমে ইলেক্ট্রিক্যাল শাখায় ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —অনুপ সাহা, নদিয়া।*

□□ রাষ্ট্রীয় ইস্পাত নিগমে ইলেক্ট্রিক্যাল শাখায় ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা সমতুল শাখায় বি ই বা বি টেক। সেই সঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে (গেট কোড ই ই) উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, পাওয়ার সিস্টেমস অ্যান্ড হাই ভোল্টেজ ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল মেশিন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, পাওয়ার ইলেক্ট্রনিক্স, পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং এবং এনার্জি ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিও গ্রাহ্য হবে। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে ফাইনাল মার্কশিট অগস্ট মাসের মধ্যে দাখিল করতে হবে। ২০ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vizag steel.com

□ *ন্যাশনাল ওয়াটার ডেভেলপমেন্ট এজেন্সিতে স্টেনোগ্রাফার গ্রেড-টু পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —দিব্যেন্দু মিত্র, ইটখোলা, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ন্যাশনাল ওয়াটার ডেভেলপমেন্ট এজেন্সিতে স্টেনোগ্রাফার গ্রেড-টু পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অন্তত উচ্চমাধ্যমিক। পাশাপাশি, মিনিটে ৮০টি শব্দের গতিতে শর্টহ্যান্ড নেওয়ার দক্ষতা এবং টাইপরাইটারে ইংরেজিতে ৬৫ মিনিটে বা হিন্দিতে ৭৫ মিনিটে অথবা কম্পিউটারে ইংরেজিতে ৫০ মিনিটে বা হিন্দিতে ৬৫ মিনিটে টাইপ করার ক্ষমতা থাকতে হবে। দেখুন এই ওয়েবসাইট: www.nwda.gov.in

□ *বর্ডার সিকিউরিটি ফোর্সে কনস্টেবল (ট্রেডসম্যান) পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —সঞ্জীব মান্না, উত্তর ধামুয়া, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ বর্ডার সিকিউরিটি ফোর্সে কনস্টেবল (ট্রেডসম্যান) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডের কাজে ২ বছরের অভিজ্ঞতা, অথবা সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ এবং সংশ্লিষ্ট ট্রেডের কাজে ১ বছরের অভিজ্ঞতা, অথবা সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে ২ বছরের আই টি আই কোর্স পাশ। সংশ্লিষ্ট ট্রেডে দক্ষতা থাকলে অগ্রাধিকার। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৬৭.৫ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে হতে হবে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। উচ্চতা ও বয়সের সঙ্গে মানানসই ওজন হতে হবে। দৃষ্টিশক্তি থাকতে হবে ন্যূনতম দূরের ক্ষেত্রে চশমা ছাড়া এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। ওয়েবসাইট: www.bsf. nic.in

□ *ভারতীয় সেনাবাহিনীতে ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম শাখায় ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —রুদ্র চক্রবর্তী, শিলিগুড়ি।*

□□ ভারতীয় সেনাবাহিনীতে ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম শাখায় ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং —যে-কোনও একটি বিষয়ে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। দেখতে পারেন এই ওয়েবসাইট: www.joinindianarmy.nic.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## শিক্ষক-শিক্ষণ কোর্সগুলির ফি নিয়ন্ত্রণে অবিলম্বে প্রশাসনিক হস্তক্ষেপ প্রয়োজন

আমি 'কর্মক্ষেত্র' পত্রিকার দীর্ঘদিনের পাঠক। একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পাঠকদের দৃষ্টি আকর্ষণের লক্ষ্যে 'চাই সুবিচার' বিভাগে আমার এই চিঠি। বর্তমানে স্কুলে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর বি এড এবং ডি এল এড-এর মতো প্রশিক্ষণ থাকা বাধ্যতামূলক করা হয়েছে। তাই স্বাভাবিক ভাবেই শিক্ষকতার চাকরিতে আগ্রহী বেকার যুবক-যুবতীরা এইসমস্ত শিক্ষক-শিক্ষণের কোর্সগুলি করতে উঠে পড়ে লেগেছেন। রাজ্যে শিক্ষকতার চাকরির পরীক্ষা নিয়মিত না হলেও এই সমস্ত প্রশিক্ষণে প্রতি বছর প্রার্থীদের আগ্রহ উত্তরোত্তর বাড়ছে। কিন্তু বিভিন্ন বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে বি এড এবং ডি এল এড কোর্স পড়ার ফি-এর যা বহর, তাতে আমার মতো অনেক নিম্নবিত্ত পরিবারের প্রার্থীই এইসব কোর্সে ভর্তি হওয়ার সুযোগ থেকে ক্রমাগত বঞ্চিত হচ্ছে।

২০১৬ সালে অঙ্কে স্নাতক ডিগ্রি অর্জন করেছিলাম। বর্তমানে আমি টিউশন পড়িয়ে সংসার চালাই। বাবা অসুস্থ। তবুও শিক্ষকতার স্বপ্ন দেখি। মাধ্যমিক থেকে স্নাতক পর্যন্ত ভালো নম্বর আছে। তা সত্ত্বেও শুধুমাত্র অর্থের অভাবে বি এড বা ডি এল এড কোর্সে ভর্তি হতে পারছি না। এই সমস্যা শুধু আমার নয়। আমার মতো আরও অনেক শিক্ষক পদপ্রার্থী বেকার যুবক-যুবতীরই এই একই হতাশা।

সম্প্রতি আমি এন সি টি ই স্বীকৃত কয়েকটি ডি এল এড শিক্ষাপ্রতিষ্ঠানে গিয়ে কথা বলে জানতে পারলাম, এই কোর্স পড়তে গেলে সব মিলিয়ে দেড় থেকে দু'লক্ষ টাকা পর্যন্ত খরচ হবে। বি এড পড়ার খরচ তো আরও বেশি। সেখানে গরিব ছাত্রছাত্রীদের জন্য ছাড়ের কোনও ব্যবস্থাও নেই। বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান তো আরও এক কাঠি উপরে! সেখানে খরচ আড়াই-তিন লাখ। তার উপর আবার এই সমস্ত কোর্সের মেয়াদ বর্তমানে এক বছর থেকে বাড়িয়ে দু'বছর করে দেওয়া হয়েছে। ফলে দ্বিগুণ হয়ে গিয়েছে প্রশিক্ষণের খরচ।

২০১৬ সালে অঙ্কে স্নাতক ডিগ্রি অর্জন করেছিলাম। বর্তমানে আমি টিউশন পড়িয়ে সংসার চালাই। বাবা অসুস্থ। তবুও শিক্ষকতার স্বপ্ন দেখি। মাধ্যমিক থেকে স্নাতক পর্যন্ত ভালো নম্বর আছে। তা সত্ত্বেও শুধুমাত্র অর্থের অভাবে বি এড বা ডি এল এড কোর্সে ভর্তি হতে পারছি না। এই সমস্যা শুধু আমার নয়। আমার মতো আরও অনেক শিক্ষক পদপ্রার্থী বেকার যুবক-যুবতীরই এই একই হতাশা।

বর্তমানে রাজ্য সরকার শিক্ষার মানোন্নয়নের জন্য বিভিন্ন পদক্ষেপ করছে। সবার জন্য শিক্ষা সুনিশ্চিত করতে শিক্ষাপ্রতিষ্ঠানের আর্থিক দিকটিতেও নজরদারি চালাচ্ছে। কিন্তু বি এড, ডি এল এড কোর্সে ভর্তির ফি নিয়ন্ত্রণ নিয়ে সরকার কী ভাবছে? মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের কাছে আমার একান্ত অনুরোধ, বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করুন। গরিব অথচ মেধাবী এবং শিক্ষকতায় আগ্রহী তরুণ-তরুণীদের স্বার্থে এই সকল বাধ্যতামূলক শিক্ষক-শিক্ষণ কোর্সের ফি নিয়ন্ত্রণে সরকারের হস্তক্ষেপ আশু প্রয়োজন।

আদিত্য অধিকারী, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*যখন নিজের কেরিয়ার নিয়ে ভাবতে বসি, তখন এই উপলব্ধি হয় যে, বিভিন্ন ব্যর্থতা থেকে শিক্ষা নেওয়ার মধ্যে দিয়েই আমার কেরিয়ার গড়ে উঠেছে।*

*— সত্য নাদেলা (মাইক্রোসফটের চিফ এক্সিকিউটিভ অফিসার)*

*✓ উচ্চমাধ্যমিক পাশ। টাইপিং জানি। মিনিটে ৩২-৩৫টি হিন্দি শব্দ টাইপ করতে পারব। কম্পিউটারের ৬ মাসের সার্টিফিকেট কোর্স করেছি। সেইসঙ্গে স্টেনোগ্রাফি শিখছি। টাইপিংয়ের দরকার হবে এমন চাকরির সন্ধান দিলে উপকৃত হব।*

*সুজিত দাশ, রাজারহাট, উত্তর ২৪ পরগনা।*

☐ আপনি লোয়ার ডিভিশন ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট, টাইপিস্ট, ক্লার্ক-কাম-টাইপিস্ট প্রভৃতি পদে আবেদন করতে পারবেন। টাইপিং প্র্যাক্টিসের সঙ্গে সঙ্গে লিখিত পরীক্ষার জন্য ভালো প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ৩৩জন লোয়ার ডিভিশন ক্লার্ক নেবে ন্যাশনাল ওয়াটার ডেভেলপমেন্ট এজেন্সি। এটি কেন্দ্রীয় সরকারের জলসম্পদ মন্ত্রকের অধীন একটি স্বশাসিত সংস্থা। অন্তত মাধ্যমিক পাশ হলেই আবেদন করা যাচ্ছে। মিনিটে ৩০টি ইংরেজি শব্দ টাইপ করতে হবে। কম্পিউটারের ব্যবহার জানা থাকলে অগ্রাধিকার। 'কর্মক্ষেত্র'-র ৩০ জানুয়ারি সংখ্যায় 'জলসম্পদ সংস্থায় ইঞ্জিনিয়ার, অ্যাকাউন্ট্যান্ট, স্টেনোগ্রাফার, ক্লার্ক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। অনলাইন দরখাস্ত করতে হবে ২২ ফেব্রুয়ারির মধ্যে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nwda.gov.in

৩৩জন লোয়ার ডিভিশন ক্লার্ক নেবে ন্যাশনাল ওয়াটার ডেভেলপমেন্ট এজেন্সি। এটি কেন্দ্রীয় সরকারের জলসম্পদ মন্ত্রকের অধীন একটি স্বশাসিত সংস্থা। অন্তত মাধ্যমিক পাশ হলেই আবেদন করা যাচ্ছে। মিনিটে ৩০টি ইংরেজি শব্দ টাইপ করতে হবে। কম্পিউটারের ব্যবহার জানা থাকলে অগ্রাধিকার। অনলাইন দরখাস্ত করতে হবে ২২ ফেব্রুয়ারির মধ্যে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nwda.gov.in

রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ে কিছু জুনিয়র অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে। টাইপিং ও কম্পিউটারের ব্যবহার জানলে আবেদন করা যাচ্ছে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ জানুয়ারি সংখ্যায় 'রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র পিওন' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২১ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.raiganjuniversity.ac.in এই চাকরির বিজ্ঞপ্তি নম্বর: R-001/Advt./2019

কিছু জুনিয়র অ্যাসিস্ট্যান্ট-কাম-টাইপিস্ট নেবে যাদবপুর বিশ্ববিদ্যালয়। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। টাইপিং জানতে হবে। জানতে হবে কম্পিউটারের ব্যবহারও। মাইক্রোসফট অফিস ও ট্যালি জানা থাকলে অগ্রাধিকার। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৬ জানুয়ারি সংখ্যায় 'যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ১১২' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.jaduniv.edu.in এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: A2/C/1/2019. প্রয়োজনীয় নথিপত্র-সহ ১৫ ফেব্রুয়ারির মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar, Jadavpur University, Post Box No.: 17013, Jadavpur University Post Office, Kolkata-700 032.

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারের চাকরির জন্য কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল পরীক্ষায় বসতে পারবেন। আবেদন করতে পারবেন লোয়ার ডিভিশন ক্লার্ক পদে। রেলে জুনিয়র ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গের সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পরীক্ষা নেয় স্কুল সার্ভিস কমিশন। রাজ্যের আদালতগুলিতে ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, পুরসভায় অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন।

*✓ ইংরেজির অনার্স গ্র্যাজুয়েট। কম্পিউটারের ১ বছরের ডিপ্লোমা কোর্স শেষের মুখে। চাকরির পরীক্ষার জন্য পড়াশোনা করছি। চাকরির খবর দেবেন।*

*প্রিয়াঙ্কা ভৌমিক, সল্টলেক, সেক্টর-ওয়ান, কলকাতা-৬৪।*

☐ গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন। চাকরি বাছাই করে সেইসব চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ৮১৯জন ফেসিলিটি ম্যানেজার (গ্রেড-থ্রি) নেবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। যে-কোনও শাখার গ্র্যাজুয়েট হলেই এই পদের জন্য আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ২৩ জানুয়ারি সংখ্যায় এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ১৪ থেকে ২৫ ফেব্রুয়ারির মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/F.Mgr./62(1)2019

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষায় বসতে পারবেন। স্নাতকে প্রথম শ্রেণির নম্বর থাকলে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। ভালো প্রস্তুতি নিয়ে ব্যাঙ্কের ক্লার্ক বা প্রবেশনারি অফিসারের পরীক্ষাতে বসতে পারেন। সেক্ষেত্রে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের ক্লার্ক বা প্রবেশনারি অফিসার পদের যোগ্যতানির্ণায়ক পরীক্ষায় বসতে হবে। তবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার এই দুই পদে আবেদনের জন্য ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় বসার দরকার নেই। স্টেট ব্যাঙ্ক কর্তৃপক্ষই প্রার্থী বাছাই করে থাকেন। একটু সময় নিয়ে প্রস্তুতি নেওয়ার সুযোগ থাকলে ডব্লু বি সি এস পরীক্ষায় বসার কথা ভাবতে পারেন।

*✓ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা করেছি। চাকরির চেষ্টা চলছে। চাকরির খবর দেবেন।*

*স্নেহাশিস রায়, যাদবপুর, কলকাতা-৩২।*

☐ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীদের চাকরির সুযোগ বেশ ভালোই। বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থাতেই চাকরির সুযোগ রয়েছে। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ভারতীয় উপকূলরক্ষী বাহিনীতে (কোস্টগার্ড) বেশ কিছু ডিপ্লোমা ইঞ্জিনিয়ার নেওয়া হবে। ইলেক্ট্রিক্যাল-সহ মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন শাখার ডিপ্লোমা ইঞ্জিনিয়াররা আবেদনের যোগ্য। ডিপ্লোমায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। 'কর্মক্ষেত্র'-র ২৩ জানুয়ারি সংখ্যায় 'কোস্টগার্ডে যান্ত্রিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। প্রয়োজনীয় নম্বর ও উচ্চতা থাকলে আবেদন করতে পারেন। অনলাইন দরখাস্ত করতে হবে ২১ ফেব্রুয়ারির মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in

## কেরিয়ার গড়ার জন্য দিগভ্রান্ত হয়ে সময় নষ্ট করবেন না



ডঃ অমলকুমার মুখোপাধ্যায়
প্রাক্তন অধ্যক্ষ, প্রেসিডেন্সি কলেজ

আমি এখানে স্নাতকস্তরের ছাত্রছাত্রীদের সামনে রেখেই ক'টি কথা বলব। ইঞ্জিনিয়ারিং, টেকনোলজির ছাত্র-ছাত্রীদের প্রসঙ্গে যাচ্ছি না। তাঁদের কেরিয়ারের একটা নির্দিষ্ট গতিপথ রয়েছে।

সায়েন্স, কমার্স, আর্টসের স্নাতকদের দু'টি ভাগে ভাগ করা যেতে পারে। সাধারণ স্নাতক ও সাম্মানিক স্নাতক। সাধারণ স্নাতকদের প্রথাগত পথে উচ্চশিক্ষার সুযোগ নেই। তবে তাঁরা বৃত্তিমূলক তথা পেশাদারি পড়াশোনা করতে পারেন। হসপিটাল ম্যানেজমেন্ট, হসপিট্যালিটি ম্যানেজমেন্ট, হোটেল ম্যানেজমেন্ট ইত্যাদির মতো পড়াশোনার সুযোগ আছে। কম্পিউটারের অ্যাডভান্সড কোর্সও করা যায়। এখন বৃত্তিমূলক পড়াশোনার সুযোগ অনেক বেড়েছে। অন্য পথটি হল গ্র্যাজুয়েট যোগ্যতার চাকরির জন্য উদ্যোগী হওয়া এবং সেজন্য পড়াশোনা করা। ক্লারিক্যাল চাকরি, মিসেলেনিয়াস সার্ভিসেসের চাকরি, রেলের কয়েকটি পদের চাকরির জন্য প্রস্তুতি নেওয়া যেতে পারে। ডব্লু বি সি এসের 'ডি' গ্রুপের চাকরির জন্যও প্রস্তুত হতে পারেন।

এবার আসি সাম্মানিক স্নাতকদের প্রসঙ্গে। এ ক্ষেত্রে অনার্সে অন্তত ৫৫ শতাংশ নম্বর না থাকলে কিন্তু স্নাতকোত্তর স্তরের পড়াশোনা করে বিশেষ লাভ হবে না। অনার্সে যাঁরা ভালো ফল করবেন, তাঁরা স্নাতকোত্তর স্তরের পড়াশোনার পরে শিক্ষকতা বা গবেষণার পেশায় যেতে পারেন। অনার্সের পরে যাঁরা স্নাতকোত্তরের পড়াশোনা করবেন না, তাঁদের চাকরির জন্য প্রস্তুত হওয়া উচিত। সেক্ষেত্রে সিভিল সার্ভিস একটা ভালো অপশন। ডব্লু বি সি এস বা আই এ এস পরীক্ষায় বসা যায়। এই পরীক্ষাগুলোতে সফল হওয়া অবশ্যই সম্ভব। দরকার হবে দুর্দমনীয় একটা জেদের। আর কঠোর পরিশ্রম করার দরকার হবে। তুলনামূলকভাবে আই এ এস অনেক কঠিন পরীক্ষা। ফলে পরিকল্পনামাফিক পড়াশোনা করতে হবে। সিভিল সার্ভিসের ক্ষেত্রে ইংরেজিতে সবল হতে হয়। যাঁরা এই ভাষাটিতে সবল নয়, তাঁরা পুরনো দিনের কোনও শিক্ষকের কাছে গিয়ে ইংরেজির তালিম নিতে পারেন। আমি জেনেবুঝেই পুরনো দিনের শিক্ষকের কথা বললাম। অন্যান্য চাকরির জন্যও প্রস্তুত হওয়া যায়। কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নানা বিভাগে চাকরি হয়। এই পরীক্ষাটির জন্য একটু সময় নিয়ে প্রস্তুত হতে হবে। রেলের উচ্চপদের পরীক্ষার জন্য প্রস্তুত হওয়া যায়। ব্যাঙ্ক বা বিমা সংস্থার চাকরির পরীক্ষাতেও বসা যায়। আছে আরও নানা চাকরি।

শেষে যে-কথা বলতে চাই তা হল, এখনকার দিনে পড়াশোনার প্রধান লক্ষ্যই হল চাকরি এবং এই সহজ সত্যটা অস্বীকার করার কোনও উপায় নেই। চাকরিবাকরিও সীমিত। ফলে দিগভ্রান্ত হয়ে সময় নষ্ট করলে কেরিয়ার ক্ষতিগ্রস্ত হতে পারে। এই পরিস্থিতিতে কে কোন উদ্দেশ্যে কতখানি পড়বেন, কী পড়বেন, সে-বিষয়ে একটা পরিকল্পনার দরকার রয়েছে। কেরিয়ার তৈরির ব্যাপারে সজাগ থাকা খুব জরুরি এখন।

ভারতীয় উপকূলরক্ষী বাহিনীতে (কোস্টগার্ড) বেশকিছু ডিপ্লোমা ইঞ্জিনিয়ার নেওয়া হবে। ইলেক্ট্রিক্যাল-সহ মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন শাখার ডিপ্লোমা ইঞ্জিনিয়াররা আবেদনের যোগ্য। ডিপ্লোমায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি।

কয়েকশো ইঞ্জিনিয়ার নেওয়া হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সংস্থায়। মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও সিভিল শাখার ডিপ্লোমা ও ডিগ্রি ইঞ্জিনিয়াররা আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ জানুয়ারি সংখ্যায় 'স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে কয়েকশো ইঞ্জিনিয়ার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় সংবাদ জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ২৫ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in

হৃষীকেশে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেসে (এইমস) কিছু জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল) নেবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৩০ জানুয়ারি সংখ্যায় 'হৃষীকেশ এইমসে জুনিয়র ইঞ্জিনিয়ার, মেকানিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৮ মার্চ পর্যন্ত। দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsrishikesh.edu.in

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। আগ্রহ থাকলে রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদেও আবেদন করতে পারবেন। আরও নানা সরকারি বিভাগ ও রাষ্ট্রায়ত্ত সংস্থায় চাকরির সুযোগ আছে।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কী পড়বেন, কোথায় পড়বেন

## সোসাইটি, রিলিজিয়ন অ্যান্ড সোশ্যাল ওয়ার্কের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স



সোসাইটি, রিলিজিয়ন অ্যান্ড সোশ্যাল ওয়ার্কের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর দ্য স্টাডি অব রিলিজিয়ন অ্যান্ড সোসাইটি। কোর্সের মেয়াদ ১ বছর। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক।

**কোর্স ফি:** ১০,৫০০ টাকা। ৮ শতাংশ জি এস টি অতিরিক্ত। ক্লাস হবে সপ্তাহে তিন দিন, দু'ঘণ্টা করে।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রার্থীদের নির্বাচিত করা হবে। নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে ১৫ ফেব্রুয়ারি। তালিকাভুক্ত প্রার্থীরা ইন্টারভিউয়ে ডাক পাবেন। ইন্টারভিউ হবে ২০ ফেব্রুয়ারি, বিশ্ববিদ্যালয়ের সোশিওলজি বিভাগে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.jaduniv.edu.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। ফি বাবদ ১০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'Registrar, Jadavpur University'-র অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে।

ডিমান্ড ড্রাফট ও প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ডাকে ১০ ফেব্রুয়ারির মধ্যে জমা দিতে হবে বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন সেকশনে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: রত্না দেবনাথ: ৯৮৭৪০২৯৬০৯।

## আই আই টি খড়্গপুরে আইনের কোর্স



ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটসে স্পেশ্যালাইজেশন-সহ আইনের স্নাতক (এল এল বি) কোর্সে ভর্তি নিচ্ছে খড়্গপুরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজির রাজীব গান্ধি স্কুল অব ইন্টেলেকচুয়াল প্রপার্টি ল। এ ছাড়া আইনের স্নাতকোত্তর ডিগ্রি (এল এল এম) কোর্সেও ভর্তি নেওয়া হচ্ছে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**কোর্সের বিবরণ: এল এল বি (অনার্স) ইন ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটস:** শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় বি ই বা বি টেক। মেডিসিনে স্নাতক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। বিজ্ঞান শাখায় বা ফার্মাসি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বা মেডিসিন বা ফার্মাসি বা বিজ্ঞান বিষয়ে এম বি এ ডিগ্রি থাকলেও আবেদনের যোগ্য। সব ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**এল এল এম:** শিক্ষাগত যোগ্যতা: ৫ বছরের আইনে স্নাতক। অথবা যে-কোনও শাখায় স্নাতক-সহ ৩ বছরের আইনে স্নাতক। উভয় ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। উভয় কোর্সের ক্ষেত্রেই প্রবেশিকা পরীক্ষা ২০ এপ্রিল, সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। এল এল বি কোর্সে ভর্তির ক্ষেত্রে লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ইংলিশ (৬০ নম্বর), লজিক্যাল রিজনিং (২০ নম্বর), ম্যাথমেটিক্যাল এবিলিটি (১৫ নম্বর), বেসিক সায়েন্স (৩৫ নম্বর) এবং লিগ্যাল অ্যাপটিটিউড (৭০ নম্বর) বিষয়ে। এল এল এম কোর্সে ভর্তির ক্ষেত্রে অবজেক্টিভ ধরনের ১২০ নম্বরের প্রশ্ন হবে লিগ্যাল অ্যাপটিটিউড বিষয়ে। ইন্টারভিউ ২০ ও ২১ এপ্রিল।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iitkgp.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ১৫ মার্চ। অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ২,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,২৫০ টাকা)। মহিলা প্রার্থীদের কোনও ফি লাগবে না।

আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০৩২২২-২৮২২৩৭।

## হিউম্যান রাইটস এডুকেশনের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স



হিউম্যান রাইটস অ্যান্ড ডিউটিজ এডুকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল রিলেশনস বিভাগ। এটি একটি সান্ধ্যকালীন কোর্স। কোর্সের মেয়াদ ১ বছর।

**আসনসংখ্যা:** ৫০টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। **কোর্স ফি:** ৮,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। বাছাই করা প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে ২২ ফেব্রুয়ারি। ইন্টারভিউ ২৮ ফেব্রুয়ারি।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। ৫০ টাকার বিনিময়ে দরখাস্তের বয়ান যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে দুপুর ২টো এবং দুপুর আড়াইটে থেকে বিকেল ৪টের মধ্যে সংগ্রহ করা যাবে বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন অফিস থেকে।

পূরণ করা আবেদনপত্র প্রয়োজনীয় নথিপত্র-সহ ১৮ ফেব্রুয়ারির মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: Office of the Head, Department of International Relations, Jadavpur University, Kolkata-700 032.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ক্রাফটস অ্যান্ড ডিজাইন কোর্সে ভর্তি



ক্রাফটস অ্যান্ড ডিজাইনের ব্যাচেলর অব ভোকেশনাল এডুকেশন এবং মাস্টার অব ভোকেশনাল এডুকেশন কোর্সে ভর্তি নেবে রাজস্থানের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ক্রাফটস অ্যান্ড ডিজাইন। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৪ এপ্রিল। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। কোর্স শুরু হবে জুলাইয়ে।

কোর্সের বিবরণ: **ব্যাচেলর অব ভোকেশনাল এডুকেশন:** স্পেশ্যালাইজেশনের বিষয়গুলি হল: ফায়ার্ড মেটিরিয়াল ডিজাইন, হার্ড মেটিরিয়াল ডিজাইন, সফট মেটিরিয়াল ডিজাইন, ফ্যাশন ডিজাইন। কোর্সের মেয়াদ ৪ বছর। মোট আসনসংখ্যা: ১২০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক।

**মাস্টার অব ভোকেশনাল এডুকেশন:** স্পেশ্যালাইজেশনের বিষয়গুলি হল: ফায়ার্ড মেটিরিয়াল স্পেশ্যালাইজেশন, হার্ড মেটিরিয়াল স্পেশ্যালাইজেশন, সফট মেটিরিয়াল স্পেশ্যালাইজেশন। কোর্সের মেয়াদ ২ বছর। মোট আসনসংখ্যা: ৭৫টি। শিক্ষাগত যোগ্যতা: আর্কিটেকচার ও ডিজাইনে স্নাতক। অন্য বিষয়ের স্নাতকরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে অতিরিক্ত ১ বছর মেয়াদের ফাউন্ডেশন প্রোগ্রাম ফর ডিজাইনের সার্টিফিকেট প্রোগ্রাম সম্পূর্ণ করতে হবে।

**ইন্টিগ্রেটেড মাস্টার্স ইন ভোকেশনাল এডুকেশন:** স্পেশ্যালাইজেশনের বিষয়গুলি হল: সফট মেটিরিয়াল, হার্ড মেটিরিয়াল এবং ফায়ার্ড মেটিরিয়াল। কোর্সের মেয়াদ ৫ বছর। মোট আসনসংখ্যা ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে ৩১-১০-২০১৯-এর মধ্যে ফল প্রকাশিত হয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। পার্ট-এ পরীক্ষা ১৪ এপ্রিল, সকাল ১০টা থেকে দুপুর ১টা। জেনারেল অ্যাওয়্যারনেস এবং ক্রিয়েটিভিটি অ্যান্ড পারসেপশন টেস্ট নেওয়া হবে এই পরীক্ষায়। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। পার্ট-এ পরীক্ষার ফল প্রকাশিত হবে ২৫ এপ্রিল। মেটেরিয়াল, কালার অ্যান্ড কনসেপচুয়াল টেস্ট নেওয়া হবে পার্ট বি-তে। পরীক্ষাকেন্দ্র জয়পুর। এর পর পার্সোন্যাল ইন্টারভিউ। পরীক্ষা জুনে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iicd.ac.in দরখাস্তের শেষ তারিখ ২৮ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদনের সময় আপলোড করতে হবে প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (১০০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে)। ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ১,৫০০ টাকা। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ফোন নম্বরে: ০১৪১-২৭০-১২০৩ অথবা এই ই-মেল ঠিকানায়: admissions@iicd.ac.in



# স্কলারশিপের খোঁজখবর

### এইচ পি উড়ান স্কলারশিপ প্রোগ্রাম ২০১৮-১৯

আর্থিক দিক দিয়ে পিছিয়ে পড়া ৭৫০ জন ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে এইচ পি ইনকর্পোরেশন ইন্ডিয়া। মোট স্কলারশিপের ৫০ শতাংশ মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**আবেদনের যোগ্যতা:** ২০১৮-র মাধ্যমিক পরীক্ষায় পাশ করে থাকতে হবে এবং এক বছর মেয়াদের ডিপ্লোমা বা আই টি আই কোর্স অথবা উচ্চমাধ্যমিক বা দু'বছর মেয়াদের ডিপ্লোমা বা আই টি আই কোর্সে পাঠরত হতে হবে। এ ছাড়া ২০১৮-র উচ্চমাধ্যমিক পরীক্ষা পাশ এবং ডিপ্লোমা বা স্নাতক কোর্সে পাঠরতরাও আবেদনের যোগ্য। সব ক্ষেত্রেই শেষ দেওয়া পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি বার্ষিক পারিবারিক আয় ৪ লাখের নীচে হতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** এক বছর মেয়াদের ডিপ্লোমা বা আই টি আই পাশ ছাত্রছাত্রীদের ক্ষেত্রে বার্ষিক ২০,০০০ টাকা। উচ্চমাধ্যমিক বা ২ বছর মেয়াদের আই টি আই বা ডিপ্লোমা কোর্সে পাঠরতদের ক্ষেত্রে প্রতি বছরে ২০,০০০ টাকা এবং ৩ বছর মেয়াদের ডিগ্রি বা ডিপ্লোমা কোর্সে পাঠরতদের ক্ষেত্রে প্রতি বছরে ৩০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে **এই ওয়েবসাইটের মাধ্যমে:** http://www.b4s.in/karma/HUS2 আবেদনের শেষ তারিখ ২৬ ফেব্রুয়ারি।

### নিউক্লিয়ার রিসার্চ অ্যান্ড ইঞ্জিনিয়ারিং স্কলারশিপস ২০১৯, রাশিয়া

রাশিয়ায় নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে পড়তে আগ্রহী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে রাশিয়ান স্টেট অ্যাটমিক এনার্জি কর্পোরেশন।

**আবেদনের যোগ্যতা:** স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পাঠরতরা আবেদন করতে পারেন। রাশিয়ার কোনও শিক্ষাপ্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে পড়ার সুযোগ পেয়ে থাকতে হবে।

স্কলারশিপ বাবদ টিউশন ফি, লাইব্রেরি ফিয়ের খরচ দেওয়া হবে, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/NRA2 আবেদনের শেষ তারিখ ১৫ ফেব্রুয়ারি।

*(তথ্য সহায়তা: buddy4study)*

# এক নজরে

### ভদ্রেশ্বর পুরসভায় চাকরি

পাম্প অপারেটর, অ্যাসিস্ট্যান্ট টিচার, ক্লার্ক-সহ বিভিন্ন পদে ২৮ জনকে নেবে ভদ্রেশ্বর পুরসভা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1581/DLB/B-506/15-2017.

শূন্যপদের বিন্যাস: **অ্যাসিস্ট্যান্ট টিচার:** ৫টি, **ক্লার্ক:** ১টি, **পাম্প অপারেটর:** ১০টি, **ড্রাইভার:** ৩টি, **পাইপ লাইন মিস্ত্রি:** ১টি, **ওয়ার্ক সরকার:** ১টি, **ইলেক্ট্রিক মিস্ত্রি:** ১টি, **স্যানিটারি অ্যাসিস্ট্যান্ট:** ১টি, **মজদুর (প্রাক্তন সমরকর্মী):** ৫টি।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: http://bhadreswarmunicipality.com/wp-content/uploads/2019/01/Recruitment-Notice.pdf

প্রয়োজনীয় নথিপত্র ও ফি-সহ পূরণ করা দরখাস্ত ১৫ ফেব্রুয়ারির মধ্যে জমা দিতে হবে ভদ্রেশ্বর পুরসভার অফিসে।

বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### জিয়াগঞ্জ আজিমগঞ্জ পুরসভায় চাকরি

পিওন, ক্লার্ক, টাইপিস্ট-সহ বিভিন্ন পদে মোট ৭ জনকে নেবে জিয়াগঞ্জ-আজিমগঞ্জ পুরসভা।

একটি সাদা কাগজে প্রার্থীর জীবনপঞ্জি টাইপ করিয়ে নেবেন। প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো, প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ প্রার্থীর জীবনপঞ্জি ২১ ফেব্রুয়ারির মধ্যে সরাসরি জমা দিতে হবে নির্দিষ্ট ঠিকানায় রাখা ড্রপবক্সে।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.jamunicipality.in

### গারুলিয়া পুরসভায় চাকরি

ম্যানেজার, কমিউনিটি অর্গানাইজার এবং ডিলিং অ্যাসিস্ট্যান্ট-কাম-ডেটা এন্ট্রি অপারেটরের পদে ৫ জনকে নেবে গারুলিয়া পুরসভা। চুক্তিতে নিয়োগ হবে ন্যাশনাল আর্বান লাইভলিহুড মিশন প্রকল্পে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ৭৮০। উল্লেখ্য, যাঁরা ২০১৭-র ৮ জুন তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি নম্বর ১৬৪ অনুসারে আবেদন করেছিলেন, তাঁরা পুনরায় আবেদন করবেন না।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.garuliamunicipality.com

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১২ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### ইন্ডিয়ান ইনস্টিটিউট অব কেমিক্যাল বায়োলজিতে অ্যাসিস্ট্যান্ট

প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট লেভেল-টু পদে ৫ জনকে নেবে কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চের অধীনস্থ ইন্ডিয়ান ইনস্টিটিউট অব কেমিক্যাল বায়োলজি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: আর অ্যান্ড সি/৫/১৭/২০১৮।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১২ ফেব্রুয়ারি।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: www.career.iicb.res.in

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



হসপিটালিটি ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের স্নাতক কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা
২৭ এপ্রিল —পৃঃ ১৩

কর্মক্ষেত্র
# জীবিকার আটঘাট

স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
পুরস্কৃত প্রবন্ধ ১১ পাতায়

## ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্টে

# চার যুগোপযোগী স্পেশ্যালাইজেশনে এম বি এ





**শিল্পের প্রয়োজনেই উঠে এসেছে পাবলিক সিস্টেমস ম্যানেজমেন্টের নতুন চারটি স্পেশ্যালাইজেশন। এনার্জি ম্যানেজমেন্ট, এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট, হেলথ কেয়ার ও হসপিটাল ম্যানেজমেন্ট এবং ট্রান্সপোর্টেশন ও লজিস্টিক্স ম্যানেজমেন্টের ২ বছরের এম বি এ পড়া যাচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্টে। ভর্তির জন্য আবেদন করা যাচ্ছে।**

**নিজস্ব প্রতিনিধি:** কাজের দুনিয়ার প্রয়োজনে ম্যানেজমেন্টের নতুন নতুন স্পেশ্যালাইজেশনের উদ্ভব ঘটছে। এনার্জি ম্যানেজমেন্ট, ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিস্টিক্স ম্যানেজমেন্ট, এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট এবং হেলথ কেয়ার অ্যান্ড হসপিটাল ম্যানেজমেন্ট— এরকমই কয়েকটি অপেক্ষাকৃত নতুন বিষয়।

দেশের যে-চারটি অর্থনৈতিক ভাবে সম্ভাবনাময় ক্ষেত্রের সঙ্গে ম্যানেজমেন্টের এই স্পেশ্যালাইজড বিষয়গুলি জড়িত, সেগুলি যথাক্রমে বিদ্যুৎ উৎপাদন ও বিতরণ, পরিবহণ, পরিবেশ এবং স্বাস্থ্য পরিষেবা। ইতিমধ্যে এই সবক'টি ক্ষেত্রেই বিপুল বিনিয়োগ হয়েছে। এরপরও নতুন অনেক সংস্থাই এই ক্ষেত্রগুলিতে কাজের জন্য আসছে। ফলে আগামী দিনে এই চার ক্ষেত্রেই চাকরির আরও সুযোগ তৈরি হবে। কীভাবে ও কেন, তার একটা আঁচ পাওয়া যাচ্ছে এ-সংক্রান্ত বিভিন্ন সমীক্ষা ও পরিসংখ্যান থেকে।



### চাকরির বাজারে দক্ষ পেশাদারদের খুব ভালো চাহিদা আছে



ডঃ ঝুমুর বিশ্বাস
*বিভাগীয় প্রধান, এম বি এ (পাবলিক সিস্টেমস)*
*ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট*

পাবলিক সিস্টেমস ম্যানেজমেন্ট মানুষের প্রাত্যহিক জীবনের সঙ্গে যুক্ত। ছোট পরিসর থেকে বিশ্বব্যাপী এর বিস্তার। আমরা পাবলিক সিস্টেমসের চারটি স্পেশ্যালাইজেশনে এম বি এ পড়াচ্ছি। এনার্জি ম্যানেজমেন্ট, এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট, ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিস্টিক্স ম্যানেজমেন্ট এবং হেলথ কেয়ার অ্যান্ড হসপিটাল ম্যানেজমেন্ট। শিল্পেই বলুন বা সার্ভিস সেক্টর, ম্যানেজমেন্টের এই স্পেশ্যালাইজেশনগুলির পেশাদারদের খুবই প্রয়োজন হয়ে পড়েছে। ফলে চাকরির বাজার ভালো। পেশাদারদের চাহিদা আর জোগানের মধ্যে ঘাটতি রয়েছে। চাহিদা আগামী দিনগুলোতে আরও বাড়বে। চাকরির বাজার দেশজুড়ে বিস্তৃত।

কোর্স শেষ হওয়ার অনেক আগেই চাকরির জন্য আমাদের প্রতিষ্ঠানে ক্যাম্পাসিংয়ের আয়োজন করা হয়ে থাকে। বেশিরভাগ ছেলেমেয়ের চাকরি হয়ে যায় ক্যাম্পাস ইন্টারভিউয়ের মাধ্যমেই। আমাদের ছেলেমেয়েরা অত্যন্ত সুনামের সঙ্গে বিভিন্ন ম্যানুফ্যাকচারিং ও সার্ভিস প্রোভাইডার সংস্থায় চাকরি করছে। স্পেশ্যালাইজেশন অনুসারে নিয়োগ করেছে যেসব সংস্থা, সেগুলির মধ্যে রয়েছে ওয়েবরেডা, ডব্লু বি পি ডি সি এল, ডব্লু বি এস ই ডি সি এল, ডেভেলপমেন্ট কনসালটেন্টস, প্রাইসওয়াটারহাউস কুপার্স, আই টি সি লিমিটেড, সি ই এস সি, সেইল, ইউনিসেফ, হলদিয়া পেট্রোকেমিক্যালস, অম্বুজা সিমেন্ট, বি এম বিড়লা হার্ট রিসার্চ ইনস্টিটিউট, ওখার্ড কিডনি অ্যান্ড রিসার্চ সেন্টার, ভাসান আই কেয়ার, আর এন টেগোর ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব কার্ডিয়াক সায়েন্স অ্যান্ড রিসার্চ, অ্যাপোলো গ্লেনেগলস (কলকাতা), উডল্যান্ডস হসপিটাল (কলকাতা), পিয়ারলেস হসপিটাল, ফ্লিপকার্ট, প্যান্টালুনস, স্যামসুং, ইউনাইটেড ব্রিউয়ারিজ, নেসলে, টাটা এল ওয়াই কে প্রভৃতি। কিছু সংস্থার কথা উল্লেখ করলাম। সুযোগ রয়েছে উচ্চশিক্ষারও। আমাদের কয়েকজন ছাত্রছাত্রী বিদেশে পি এইচ ডি করছেন। বিদেশে চাকরিও হয়েছে কয়েকজনের।

আরেকটা কথা জানিয়ে রাখি, যাঁরা অকুপেশনাল সিকিউরিটির ডিপ্লোমা কোর্স করেছেন তাঁরা এনভায়রনমেন্ট ম্যানেজমেন্টের এম বি এ কোর্সটি করলে চাকরির বাজারে অনেকটাই এগিয়ে থাকবেন।

আসলে বাজারের চাহিদার কথা মাথায় রেখেই পাবলিক সিস্টেমসের সংশ্লিষ্ট চার স্পেশ্যালাইজেশনের জন্য কোর্স কারিকুলাম তৈরি করেছে আই আই এস ডব্লু বি এম। তাই ভালো করে কোর্স সম্পূর্ণ করার পর ছেলেমেয়েদের যে চাকরির অভাব হবে না, সে-কথা জোর দিয়েই বলা চলে।

### বিদ্যুতে নজর বিকল্পে

২০২০ সালের মধ্যে এ দেশে বিকল্প উৎস থেকে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে বিপুল সরকারি এবং বেসরকারি বিনিয়োগ হতে চলেছে। ক্রাইমেট গ্রুপ-এর রিপোর্ট— ●বায়ুশক্তি ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদনের জন্য অন্তত ৬০ হাজার কোটি টাকা বিনিয়োগ হতে পারে আগামী কয়েক বছরে ●সৌরবিদ্যুৎ উৎপাদনের জন্য বিনিয়োগ হতে চলেছে প্রায় ৩২ হাজার কোটি টাকা ●ছোট জলবিদ্যুৎ এবং জৈব পদার্থ থেকে শক্তি উৎপাদনের জন্য সম্ভাব্য লগ্নির পরিমাণ যথাক্রমে ২৭ হাজার ও ৩২ হাজার কোটি টাকা।

### রিটেল ব্যবসার রমরমায় পরিবহণে জোর

পণ্যের কাঁচামাল সংগ্রহ করা থেকে

*এরপর চোদ্দোর পাতায়*

# মাধ্যমিকের পরই রাজ্যের পলিটেকনিকে ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা

**মাধ্যমিকের পরই কারিগরি পড়াশোনার সুযোগ রয়েছে রাজ্যের বিভিন্ন পলিটেকনিকে। প্রবেশিকা পরীক্ষা জেক্সপো-য় সফল হলে ডিপ্লোমা করা যায় ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায়। এছাড়াও ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশের পর ভোকলেট পরীক্ষায় সফল হয়ে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংয়ের দ্বিতীয় বর্ষে ভর্তি হওয়া যায়। দু'টি পরীক্ষাই এ বছরের ২৮ এপ্রিল। ২০১৯-এর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদন করতে পারেন। আবেদন করা যাচ্ছে এখনই।**



**নিজস্ব প্রতিনিধি:** মাধ্যমিকের পরই চাকরিমুখী কারিগরি পড়াশোনা করতে চাইলে ইঞ্জিনিয়ারিংয়ের তিন বছরের ডিপ্লোমা কোর্স পড়তে পারেন। পড়ানো হয় পলিটেকনিক-গুলিতে। পাশ করার পর সরকারি-বেসরকারি সংস্থায় চাকরির সুযোগ প্রচুর। আবার, যাঁরা ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির উচ্চতর পাঠ নিতে চান তাঁদের জন্যও রয়েছে বিশেষ সুযোগ। ডিপ্লোমার পরে কিছু শাখার ক্ষেত্রে ল্যাটারাল এন্ট্রির পরীক্ষা দিয়ে বি ই বা বি টেক ডিগ্রি কোর্সের দ্বিতীয় বর্ষে ভর্তি হওয়া যায়।

৩ বছরের ডিপ্লোমা কোর্স সম্পূর্ণ করার পর চাকরির সুযোগ রয়েছে বিভিন্ন ক্ষেত্রে। সারা বছরই বিভিন্ন রাজ্য সরকার ও ভারত সরকারের বিভিন্ন দপ্তর, রেল, সড়ক ও বিমান পরিবহণ সংস্থা, সরকার অধিগৃহীত ছোট-বড় নানান সংস্থা, বিদ্যুৎ উৎপাদন ও বিতরণ সংস্থাগুলি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের নিয়োগ করে থাকে। সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান-বাহিনীতেও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের চাকরির সুযোগ রয়েছে। পাশাপাশি বেসরকারি বিভিন্ন সংস্থাতেও নানা পদে চাকরি হতে পারে।

### পড়াশোনার ব্যবস্থা

ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব

*এরপর চোদ্দোর পাতায়*

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# উচ্চমাধ্যমিকের পরই মৌলিক বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

**উচ্চমাধ্যমিকের পরই সরকারি প্রতিষ্ঠানে মৌলিক বিজ্ঞান-বিষয় নিয়ে পড়তে চাইলে দিতে পারেন নেস্ট পরীক্ষা। সফলরা সরাসরি ইন্টিগ্রেটেড এম এসসি কোর্সে ভর্তি হতে পারেন। কোর্স চলাকালীন পাওয়া যাবে প্রতি মাসে পাঁচ হাজার টাকার সরকারি বৃত্তি। দরখাস্ত করা যাচ্ছে এখনই।**



**নিজস্ব প্রতিনিধি:** ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স এবং বায়োলজি নিয়ে উচ্চতর শিক্ষা এবং গবেষণামূলক কাজে কেরিয়ার গড়তে চাইলে দিতে পারেন 'ন্যাশনাল এন্ট্রান্স স্ক্রিনিং টেস্ট' (নেস্ট)। পরীক্ষাটি পরিচালনা করে কেন্দ্রীয় সরকারের আণবিক শক্তি দপ্তর। এই বছরের পরীক্ষা ১ জুন (শনিবার)। সর্বভারতীয় এই পরীক্ষায় সফল হলে ৫ বছর মেয়াদের ইন্টিগ্রেটেড এম এসসি কোর্সে ভর্তি হওয়া যাবে ভুবনেশ্বরের ন্যাশনাল ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ (নাইজার) এবং মুম্বই বিশ্ববিদ্যালয়ের ডিপার্টমেন্ট অব অ্যাটমিক এনার্জি সেন্টার ফর এক্সেলেন্স ইন বেসিক সায়েন্সেসে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

## পড়াশোনা

মৌলিক বিজ্ঞানের বিভিন্ন শাখার ইন্টিগ্রেটেড এম এসসি কোর্সে বিজ্ঞান এবং ফলিত বিজ্ঞানের উপর বিশেষভাবে জোর দেওয়া হয়। পাঁচ বছরের মধ্যে শেষ দু'বছর অভিজ্ঞ অধ্যাপক ও গবেষকদের তত্ত্বাবধানে উন্নতমানের গবেষণাগারে ছাত্রছাত্রীরা নিজের পছন্দের বিষয়ে গবেষণা করার সুযোগ পান।

মোট আসনসংখ্যা ২৪৯টি। প্রতিষ্ঠান অনুযায়ী আসনসংখ্যার বিন্যাস: **ন্যাশনাল ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ, ভুবনেশ্বর:** ২০২টি (সাধারণ ১০১, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৫৪, জম্মু-কাশ্মীরের প্রার্থী ২)। **ডিপার্টমেন্ট অব অ্যাটমিক এনার্জি সেন্টার ফর এক্সেলেন্স ইন বেসিক সায়েন্সেস, মুম্বই বিশ্ববিদ্যালয়:** ৪৭টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২, জম্মু-কাশ্মীরের প্রার্থী ২)। দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ৫ শতাংশ আসন সংরক্ষিত থাকবে।

উপরোক্ত দু'টি প্রতিষ্ঠানই কেন্দ্রীয় সরকারের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ।সফলভাবে কোর্স শেষে ভুবনেশ্বরের প্রতিষ্ঠানের পড়ুয়ারা ডিগ্রি পাবেন হোমি ভাবা ন্যাশনাল ইনস্টিটিউট (ডিমড বিশ্ববিদ্যালয়) থেকে এবং মুম্বইয়ের প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা ডিগ্রি পাবেন মুম্বই বিশ্ববিদ্যালয় থেকে।

## আবেদনের যোগ্যতা

মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা দিতে পারেন এই পরীক্ষা। উচ্চমাধ্যমিকে অবশ্যই বায়োলজি, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স এবং ফিজিক্সের মধ্যে যে-কোনও তিনটি বিষয় পড়ে থাকতে হবে। ২০১৭ এবং ২০১৮ সালে উচ্চমাধ্যমিক উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবেন। ২০১৯ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরা শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে কোর্সে ভর্তির সময় উচ্চমাধ্যমিকের ফল প্রকাশিত হয়ে থাকতে হবে।

**বয়স:** জন্মতারিখ ১-৮-১৯৯৯-এর পরে হতে হবে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা ৫ বছরের বয়সের ছাড় পাবেন।

## স্কলারশিপ

প্রতিটি ছাত্রছাত্রীকে ইন্সপায়ার ফেলোশিপ প্রকল্পের মাধ্যমে প্রতি বছর ৬০,০০০ টাকা এবং সামার-ইন্টার্নশিপ বাবদ ২০,০০০ টাকা স্কলারশিপ দেয় কেন্দ্রের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ এবং অ্যাটমিক এনার্জি বিভাগ।

## পরীক্ষার ধরনধারণ

সর্বভারতীয় স্তরে একটি কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হয়। এই বছরের পরীক্ষা ১ জুন। পরীক্ষা নেওয়া হবে দু'টি সেশনে। প্রথম সেশন সকাল ৯টা থেকে দুপুর সাড়ে ১২টা এবং দ্বিতীয় সেশন দুপুর আড়াইটে থেকে সন্ধ্যা ৬টা। প্রার্থীকে যে-কোনও একটি সেশনে পরীক্ষা দিতে হবে।

পরীক্ষায় পাঁচটি বিভাগ থাকবে। বিভাগগুলি হল: জেনারেল (৩০ নম্বর), কেমিস্ট্রি (৫০ নম্বর), ফিজিক্স (৫০ নম্বর), ম্যাথমেটিক্স (৫০ নম্বর) এবং বায়োলজি (৫০ নম্বর)। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। শুধু জেনারেল বিভাগে ভুল উত্তরের ক্ষেত্রে কোনও নেগেটিভ মার্কিং নেই।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র (ব্র্যাকেটে কোড নম্বর): আসানসোল (৮৬), বর্ধমান (৮৭), দুর্গাপুর (৮৮), হুগলি (৮৯), কলকাতা (৯০) ও শিলিগুড়ি (৯১)। অনলাইন আবেদনের সময় প্রার্থীর পছন্দের যে-কোনও পাঁচটি পরীক্ষাকেন্দ্রের নাম উল্লেখ করে দিতে হবে।

পরীক্ষার অ্যাডমিট কার্ড ২৪ এপ্রিল থেকে ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইট থেকে। পরীক্ষার ফল ঘোষণা করা হবে ১৭ জুন।

**মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা দিতে পারেন এই পরীক্ষা। উচ্চমাধ্যমিকে অবশ্যই বায়োলজি, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স এবং ফিজিক্সের মধ্যে যে-কোনও তিনটি বিষয় পড়ে থাকতে হবে। ২০১৭ এবং ২০১৮ সালে উচ্চমাধ্যমিক উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবেন। ২০১৯ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরা শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে কোর্সে ভর্তির সময় উচ্চমাধ্যমিকের ফল প্রকাশিত হয়ে থাকতে হবে।**

## কীভাবে আবেদন

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nestexam.in আবেদন করা যাবে ১১ মার্চ পর্যন্ত। অনলাইন আবেদনের সময় কম্পিউটারে আগে থেকে স্ক্যান করে রাখা প্রার্থীর ফটো এবং সই আপলোড করতে হবে। অনলাইন আবেদনের সময় একটি অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে।

ফি বাবদ দিতে হবে ১,২০০ (তফসিলি, মহিলা ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৬০০) টাকা। অনলাইনে ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর নিজের কাছে রাখার জন্য ই-রিসিপ্টের এক কপি এবং অনলাইনে সাবমিট করা আবেদনপত্রের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন।

## চাকরি ও গবেষণার সুযোগ

মৌলিক বিজ্ঞানে ইন্টিগ্রেটেড এম এসসি কোর্স করে চাকরি ও গবেষণা উভয় ক্ষেত্রেই গড়া যায় কেরিয়ার।

বিজ্ঞান বিষয়ে গবেষণার জন্য সরকারি প্রতিষ্ঠানে চাকরি পেতে পারেন। ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার (বার্ক) ট্রেনিং স্কুল প্রশিক্ষণ দিয়ে সায়েন্টিফিক অফিসার নিয়োগ করে থাকে। এর জন্য প্রার্থী বাছাই করা হয় সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। নাইজার এবং সেন্টার ফর এক্সেলেন্স ইন বেসিক সায়েন্সেসের প্রথম সারির ছাত্রছাত্রীরা প্রবেশিকা পরীক্ষা না দিয়েও সরাসরি ইন্টারভিউ দেওয়ার সুযোগ পেয়ে থাকেন। বার্ক ট্রেনিং স্কুলে প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড বাবদ প্রতি মাসে দেওয়া হয় ৩৫,০০০ টাকা। এছাড়াও বইয়ের খরচ বাবদ দেওয়া হয় এককালীন ১০,০০০ টাকা।

সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট ও সায়েন্টিস্ট পদে চাকরির সুযোগ রয়েছে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশনে (ইসরো)। এছাড়াও গবেষণার সুযোগ আছে ইসরোর অধীনস্থ স্যাটেলাইট সেন্টার, টাটা ইনস্টিটিউট অব ফান্ডামেন্টাল রিসার্চ, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি প্রভৃতি প্রতিষ্ঠানে।

## বিশদে জানুন

সবিস্তার তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটগুলি—

- ন্যাশনাল ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ: www.niser.ac.in
- ডিপার্টমেন্ট অব অ্যাটমিক এনার্জি সেন্টার ফর এক্সেলেন্স ইন বেসিক সায়েন্সেস, মুম্বই বিশ্ববিদ্যালয়: www.cbs.ac.in
- নেস্ট: www.nestexam.in

প্রয়োজনে ই-মেল করতে পারেন এই ঠিকানায়: nest-exam@niser.ac.in


জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ ক'রে তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।



১৮/১২/২০০০

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
ইন্টারনেটে কর্মক্ষেত্র: www.ekarmakshetra.com

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

জানুয়ারি মাসের প্রতিযোগিতায় বিজয়ী গোবিন্দ ব্যানার্জি ও তপনকুমার মাহাত

দু'জনেই পেলেন ২,৫০০ টাকা পুরস্কার



বিচার করেছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের প্রাক্তন ডিরেক্টর এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের প্রাক্তন ডেপুটি সেক্রেটারি **এম এন মাইতি**



## খসলা (কালো তিল) চাষ

**গোবিন্দ ব্যানার্জি**, মানখামার-বাঁকুড়া, ওন্দা

**বিচারক:** কয়েকবছর ধরে এই চাষ করছেন। উনি পড়াশুনোর পাশাপাশি কৃষিকর্মের সঙ্গে যুক্ত আছেন। চাষের পদ্ধতি, লাভের হিসেব মোটামুটি দিয়েছেন।

আমি বাঁকুড়া জেলার ওন্দা থানার অন্তর্গত মানখামার গ্রামের বাসিন্দা, 'কর্মক্ষেত্র'-পত্রিকার একজন নিয়মিত পাঠক। বর্তমানে আমি বি. এ. তৃতীয় বর্ষের অনার্স বিভাগের ছাত্র। পড়াশোনার পাশাপাশি পারিবারিক কৃষিকাজে সাহায্য করে থাকি। বর্তমানে আমাদের খসলা চাষের কথা তুলে ধরছি। যা হয়ত অনেক কর্মহীন যুবক-যুবতীকে স্বনির্ভর হতে সাহায্য করবে।

### কেন এই চাষ

খসলা একপ্রকার তৈলজাতীয় শস্য, কালো তিল নামেও পরিচিত। তিল তেল স্বাস্থ্যের পক্ষে খুবই উপকারী। এটি চাষের খরচ খুবই কম, আর লাভও খুব বেশি। বহুবছর ধরে আমার পরিবার এ চাষের সঙ্গে যুক্ত।

### কীভাবে এগোব

আমাদের নিজস্ব তিন বিঘে জমি রয়েছে। জমির পাশে খাল থাকায় বহুবছর ধরেই খসলা চাষ হচ্ছে। তিন বিঘের সঙ্গে এবছর আরও দুই বিঘে লিজ নিয়ে চাষ করার পরিকল্পনা রয়েছে। মাঘ মাসের শেষ দিক থেকে ফাল্গুন মাসের দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত বীজ বুনতে হবে।

### চাষের উপকরণ

জমি ও জল ছাড়াও এই চাষের জন্য যা প্রয়োজন তা হল: উন্নত মানের বীজ, লাঙল, কোদাল, শুকনো গোবর সার, রাসায়নিক সার ও কীটনাশক।

### চাষের পদ্ধতি

প্রথমে মাটিকে ৩-৪ বার কর্ষণ করে পরিমাণমতো বীজ ছড়িয়ে দিতে হবে। একই সঙ্গে ছড়াতে হবে শুকনো গোবর সার এবং অল্প পরিমাণে রাসায়নিক সার। তিন বিঘে জমিতে চার কেজি বীজ লাগবে। বীজ বপনের ১০-১২ দিনের মাথায় চারা বের হবে। অতিঘন চারা বের হলে কিছু উপড়ে হালকা করে দিতে হবে। চারার বয়স একমাসের বেশি হলে আগাছা পরিষ্কার করতে হবে। জমি শুকিয়ে গেলে একবার জল দিতে হবে। প্রথমদিকে বীজ বপন করলে বৈশাখ মাসের শেষের দিকে ফলন পাওয়া যায়।

### আয়, ব্যয় ও লাভের হিসাব

| | | | | |
|---|---|---|---|---|
| কোদাল ২টি | ২ × ১২০ | = ২৪০ | টাকা | (নিজস্ব) |
| শ্রমিক ৬ জন | ৬ × ১৪০ | = ৮৪০ | " | |
| পাষণি ২টি | ২ × ৫০ | = ১০০ | " | (নিজস্ব) |

**চলতি মূলধন:** বীজ চার কেজি (নিজস্ব)

| | | |
|---|---|---|
| সার ১০-২৬-২৬ ২ বস্তা | ২,৬০০ | টাকা |
| গোবর ১ ট্রাক্টর (নিজস্ব) | | |
| লাঙল- | ১,৮০০ | " |
| মোট খরচ | ৫,২৪০ | টাকা |

**লাভের হিসাব:** ভালোভাবে চাষ করলে বিঘাতে ২ কুইন্টাল পর্যন্ত ফলন পাওয়া যায়। আমাদের তিন বিঘা জমি চাষ করে ফলন হয়েছে ৪ কুইন্টাল ৮০ কেজি। সারাবছর নিজেদের বাড়িতে তেলের জোগানের পরও আমরা বিক্রি করেছি ২.৫০ কুইন্টাল। এবছর বাজারমূল্য ৭০ টাকা প্রতি কেজি। এবছর বৃষ্টির কারণে আমার ক্ষতিগ্রস্ত হয়েছি।

২.৫০ কুইন্টাল খসলার বিক্রয়মূল্য (৭,০০০×২.৫)
= ১৭,৫০০ টাকা

খরচ বাদে আমাদের লাভ (১৭,৫০০-৫,২৪০)
= ১২,২৬০ টাকা

যদি কোনও পাঠক খসলা চাষ করতে ইচ্ছুক হন তাহলে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৮০০৪-১৯৬৮৬। অথবা সরাসরি ফিল্ডে এসেও দেখে যেতে পারেন।

ঠিক করে খসলা চাষ করলে পাঁচ বিঘেতে ফলন পাওয়া যাবে দশ কুইন্টাল। বাজারদর ৪০ টাকা প্রতি কেজি থাকলেও আমরা পাব ৪,০০০ × ১০ = ৪০,০০০ টাকা।

পাঁচ বিঘেতে খরচ:

| | | |
|---|---|---|
| লাঙল | ৩,২০০ | টাকা |
| শ্রমিক | ১,২০০ | " |
| গোবর সার (নিজস্ব) | | |
| বীজ (নিজস্ব) | | |
| সার ১০-২৬-২৬ | ৪,০০০ | " |
| মোট খরচ | ৮,৪০০ | টাকা |

খরচ বাদে লাভ: (৪০,০০০ - ৮,৪০০) টাকা = ৩১,৬০০ টাকা।



## গ্রীষ্মের টম্যাটো চাষ

**তপনকুমার মাহাত**, নড়রাডি-চাকলতোড়, পুরুলিয়া

**বিচারক:** 'কর্মক্ষেত্র' পত্রিকা পড়ে উৎসাহিত হয়ে টম্যাটো চাষ শুরু করেছেন। বিশদভাবে চাষের উপকরণ, পদ্ধতি, লাভের হিসেব উল্লেখ করেছেন। চারা তৈরির পদ্ধতি, চারা রোপণের পদ্ধতি বিষয়ে যা বলেছেন তা এই চাষে আগ্রহীদের সাহায্য করবে।



আমি পুরুলিয়া মফস্‌সল থানার অন্তর্গত নড়রাডি গ্রামের বাসিন্দা। কৃষক পরিবারের ছেলে। কলেজের প্রথম বর্ষের ছাত্র। কম পরিমাণে হলেও প্রতি বছর টম্যাটো চাষ করে থাকি। আমি দু'ধরনের টম্যাটো চাষ করি— • দেশি টম্যাটো • হাইব্রিড টম্যাটো। এবছরেও পরিকল্পনা নিয়েছি। এবছর কিছু জমি লিজে নিয়ে টম্যাটো চাষকে একটু বাড়াব বলে ভাবছি।

### এই চাষ বেছে নেওয়ার কারণ

বাজারে সবজির চাহিদা প্রচুর। কিন্তু প্রায়ই দেখা যায় চাহিদার তুলনায় জোগান খুব কম। ফলে সবজির বাজারদর আকাশছোঁয়া হয়। গ্রামাঞ্চলের তরুণ-তরুণীদের কাছে এটা একটা বড় সুযোগ। নিজেদের যতটুকুই জমি থাক, তাতে সবজি ফলিয়ে বাজারে জোগান দিয়ে রোজগারের পথ খুলতে পারে। এই চাষে মূলধনের খুব বেশি প্রয়োজন নেই। খুব বেশি উর্বর জমিরও প্রয়োজন নেই। যে-কোনও মাটিতে এই চাষ সম্ভব। উৎপাদিত টম্যাটো গ্রামাঞ্চলে অথবা বাজারে সর্বত্রই বিক্রি করা সম্ভব।

বাজারে সবজির চাহিদা প্রচুর। কিন্তু প্রায়ই দেখা যায় চাহিদার তুলনায় জোগান খুব কম। ফলে সবজির বাজারদর আকাশছোঁয়া হয়। গ্রামাঞ্চলের তরুণ-তরুণীদের কাছে এটা একটা বড় সুযোগ। নিজেদের যতটুকুই জমি থাক, তাতে সবজি ফলিয়ে বাজারে জোগান দিয়ে রোজগারের পথ খুলতে পারে। এই চাষে মূলধনের খুব বেশি প্রয়োজন নেই। খুব বেশি উর্বর জমিরও প্রয়োজন নেই। যে-কোনও মাটিতে এই চাষ সম্ভব।

### চাষের উপকরণ

জমি ও জলাশয় ছাড়াও টম্যাটো চাষের উপকরণগুলি হল: ●উন্নত মানের বীজ (জে কে নন্দিনী/নামধারী / সাকাতা/ লক্ষ্মী ৫০০৫ ইত্যাদি) ●ভিটামিন (ম্যাক্স পাওয়ার) ●ম্যাক্স ইকোকেল্সি (গাছে বেশি ফুল আসার জন্য) ●ডাইথেন (চারার ধসা রোগ রোধের জন্য) ●ম্যাক্সস্টিক (স্প্রে করলে ভিটামিন ও কীটনাশক সমপরিমাণ পাতায় ছড়িয়ে পড়ে) ●বায়ো প্রো (গাছের পাতার কুঁকড়ো রোগ রোধের জন্য)। ●লাঙল মই ●কোদাল ●সার ●ঝারি ●ঝুড়ি ●পুরনো শুকনো গোবর ●কীটনাশক (গ্লাস-৩৬০) ●ফেরাডল (গাছের শেকড় রোগ রোধের জন্য)।

### মোট মূলধন

**প্রাথমিক মূলধন :**

| | | |
|---|---|---|
| সেচ মেশিন | ১৫,০০০ | টাকা |
| জমি কর্ষণ | ৮০০ | " |
| শ্রমিক | ৩,০০০ | " |
| গাড়ি খরচ | ২,০০০ | " |
| কোদাল | ১৩০ | " |
| দাঁড়িপাল্লা | ৪০০ | " |
| স্প্রে মেশিন | ৮৫০ | " |
| ঝুড়ি | ১০০ | " |
| ঝারি | ১৫০ | " |
| মোট খরচ | ২২,৪৩০ | টাকা |

**কার্যকরী মূলধন:**

| | | |
|---|---|---|
| (১০ গ্রাম) বীজ | ৩৫০ | টাকা |
| সার | ৩৫০ | " |
| গোবর | ৫০০ | " |
| ভিটামিন | ৩০০ | " |
| কীটনাশক | ১১০ | " |
| বায়োপ্রো | ১০০ | " |
| ম্যাক্সস্টিক | ১০০ | " |
| ফেরাডল | ৫০ | " |
| মোট খরচ | ১,৮৬০ | টাকা |

মোট খরচ: প্রাথমিক মূলধন + কার্যকরী মূলধন
= ২২,৪৩০ + ১,৮৬০ টাকা = ২৪,২৯০ টাকা।

### লাভের হিসাব

১০ গ্রাম টম্যাটো বীজ থেকে ২,২০০-২,৩০০ চারা উৎপন্ন হবে। আমার আড়াই বিঘে জমিটিতে ২,২০০ চারা রোপণ করব। বাকি কিছু চারা বেডের মধ্যে সঞ্চয় করে রাখব। যদি কিছু চারা নষ্ট হয়ে যায় বেডের মধ্যে থেকে সঞ্চিত চারা তুলে এনে ওখানে রোপণ করব।

লাভের হিসাবের জন্য আমি গড় করে ২,০০০ গাছের ফলন হিসাব করব। যার প্রতিটি থেকে ৪-৬ কেজি ফলন বা গড়ে আমি ৫ কেজি ফলন পাবই।

২,০০০ গাছ থেকে মোটামুটি ২০০০ × ৫ = ১০,০০০ কেজি ফলন পাব। পাইকারি দর যদি প্রতি কেজি ১০ টাকা হয়, তাহলে বিক্রয়মূল্য হবে ১০,০০০ × ১০ = ১,০০,০০০ টাকা।

| | | | |
|---|---|---|---|
| সুতরাং | মোট আয় = | ১,০০, ০০০ | টাকা |
| | মোট ব্যয় = | ২৪,২৯০ | " |
| | লাভ | ৭৫,৭১০ | টাকা |

### ভবিষ্যৎ পরিকল্পনা

আগামী বছর টম্যাটো চাষকে আরও বৃহদাকারে মেলে ধরাই আমার একমাত্র লক্ষ্য। যদি কোনও পাঠক টম্যাটো চাষ করতে ইচ্ছুক হন তাহলে আমার সাথে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৭৩৫৪-৭৫৪৭৭।


## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**মার্চ-এর প্রতিযোগিতার জন্য ফেব্রুয়ারি মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ মার্চ-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# নিকাশি ব্যবস্থাপনা ও স্বাস্থ্যরক্ষার ডিপ্লোমা কোর্স

**পরিবেশকে সুস্থ রাখার লক্ষ্যে কাজ করতে চাইলে পড়তে পারেন ওয়াটার, স্যানিটেশন অ্যান্ড হাইজিনের ডিপ্লোমা কোর্স। সরকারি ও বেসরকারি সংস্থায় এ বিষয়ে দক্ষ কর্মীর চাহিদা রয়েছে। দেশের প্রথম সারির শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি চলছে।**



**নিজস্ব প্রতিনিধি:** পরিবেশের ভারসাম্য নষ্ট হওয়ার অন্যতম প্রধান কারণ অতিমাত্রায় জলদূষণ। পাড়ার পুকুর থেকে শুরু করে বড় দৈর্ঘ্যের নদী-নালাও ক্রমশ বর্জ্যে ভরে উঠছে। চাষের খেতে ব্যবহৃত কীটনাশক জলে মিশছে, আর ভূগর্ভের জল বেশি উত্তোলনের ফলে আর্সেনিক ও অন্যান্য ক্ষতিকর খনিজ মিশছে কৃষিজ ফসলে। সেইসঙ্গে জলে ভাসা প্লাস্টিক পরিবেশের যে ক্ষতি করছে তা তো অপূরণীয়।

পৃথিবী জুড়েই তাই দূষণ রুখতে সরকারি ও বেসরকারি স্তরে বিবিধ উদ্যোগ নেওয়া হচ্ছে। এই উদ্যোগের একটা দিক যেমন জনসচেতনতা বৃদ্ধি, আর-একটি দিক আইন করে দূষণকে রোখা। পৃথিবীর বিভিন্ন দেশের সরকার আইন করে কলকারখানার দূষিত রাসায়নিক নদীখাতে ফেলা বন্ধ করেছে। উদ্ভাবিত হয়েছে বিকল্প বৈজ্ঞানিক পদ্ধতি। ভারতেরও নানা অঞ্চলে প্রশাসনিক নির্দেশ জারি করে বন্ধ করা হয়েছে নিম্ন মানের প্লাস্টিকের ব্যবহার।

সম্প্রতি পশ্চিমবঙ্গ সরকারও এক্ষেত্রে বেশ কিছু চোখে পড়ার মতো পদক্ষেপ করেছে। বিশেষভাবে উল্লেখযোগ্য গোটা রাজ্যে ১১টির মতো পানীয় জল শোধনাগার গড়ে তোলার পরিকল্পনা। জল আর নিকাশি নিয়ে সর্বস্তরে এই সক্রিয়তার জেরে এই ক্ষেত্রে প্রশিক্ষিত কর্মীদেরও প্রয়োজনীয়তা বাড়ছে। টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেসে পড়া যাচ্ছে এ বিষয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স।

## কোথায় পড়বেন

**• টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেস**

এই শিক্ষাপ্রতিষ্ঠানে পড়ানো হয় ওয়াটার, স্যানিটেশন অ্যান্ড হাইজিনের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স। কোর্সের মেয়াদ একবছর।

পড়তে পারেন যে-কোনও বিষয়ের স্নাতকরাই। ৩০ বছরের মধ্যে বয়স থাকলে ভর্তির জন্য আবেদন করা যাবে। ভর্তি নেওয়া হয় একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার (টি আই এস এস এন ই টি) মাধ্যমে। এই বছরের অনলাইন লিখিত এবং মৌখিক পরীক্ষার তারিখ যথাক্রমে ১০ এবং ১১ মে।

এখনই আবেদন করা যাচ্ছে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://admissions.tiss.edu

অনলাইন আবেদনের শেষ তারিখ ২০ মার্চ। বিশদ জানতে আগ্রহীরা দেখতে পারেন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইট: www.tiss.edu

**• ওয়াটার স্যানিটেশন অ্যান্ড হাইজিন ইনস্টিটিউট**

ভারত সরকারের ড্রিঙ্কিং ওয়াটার অ্যান্ড স্যানিটেশন মন্ত্রকের অধীনস্থ এই প্রতিষ্ঠানে পড়া যায় এনভায়রনমেন্টাল স্যানিটেশন সায়েন্সের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স। কোর্সের মেয়াদ এক বছর। বটানি, জুলজি, ফিজিক্স বা ফুড টেকনোলজির মধ্যে যে-কোনও একটি বিষয় নিয়ে স্নাতক হলে আবেদন করা যাবে।

ভর্তি নেওয়া হয় একটি লিখিত প্রবেশিকা পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

ভর্তির জন্য আবেদন করা যাবে এপ্রিল-মে মাসে। বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখতে পারেন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইট: www.washinstitute.org

## কাজের সুযোগ

টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেসের ওয়াটার, স্যানিটেশন অ্যান্ড হাইজিন বিভাগের অধ্যাপক প্রাঞ্জল দীক্ষিত 'কর্মক্ষেত্র'কে জানালেন, এই ক্ষেত্রের পেশাদাররা সরকারি অফিসার, প্রোজেক্ট ইন্সপেক্টর, চুক্তিভিত্তিক কর্মী, প্রশিক্ষক, ফ্রিলান্স কনসালট্যান্ট হিসাবে কাজ করতে পারেন। চাকরি রয়েছে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা এবং সামাজিক কাজের জন্য অর্থের জোগানদাতা সংস্থাগুলিতেও। অধ্যাপক দীক্ষিত জানান, তাঁদের প্রতিষ্ঠানে কোর্সটি করানো হয় ইউনিসেফ-এর সঙ্গে যৌথ উদ্যোগে, ফলে ক্যাম্পাস থেকেই ইউনিসেফ কর্মী নিয়োগ করে।

# জল বিশ্লেষণের পেশা

**জল বিশ্লেষণ করে রিপোর্ট তৈরির কাজে প্রশিক্ষিতদের চাকরি আছে বিভিন্ন শিল্পে ও নানা সংস্থায়। অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি-সহ বিজ্ঞানের স্নাতকরা প্রশিক্ষণ নিতে পারেন।**



**নিজস্ব প্রতিনিধি:** পৃথিবীর তিনভাগ জল, কিন্তু তার খুব সামান্য অংশই পান করা যায়। আবার পানীয় বলে চিহ্নিত জলও যে সবসময় নির্ভাবনায় পানের যোগ্য তা বলা যাবে না। না জেনেই এ দেশের বিভিন্ন অঞ্চলের মানুষ বিষাক্ত আর্সেনিক মিশ্রিত জল পান করে থাকেন। আর্সেনিক ছাড়াও বহু ক্ষতিকর ধাতু পানীয় জলে মিশে থাকতে পারে।

জল দূষণের প্রতিক্রিয়া সুদূরপ্রসারী। এর ক্ষতিকর প্রভাব পড়ে চাষ-আবাদে। ফলে প্রত্যক্ষভাবে পানের মাধ্যমে বা পরোক্ষে খাবারদাবারের মধ্য দিয়ে দূষণের শিকার হয় মানুষ। পরিণতিতে অসুখবিসুখে ভুগতে হয়। কখনও স্বল্পমেয়াদি, কখনও জীবনভর।

কোন জলে কী-কী উপাদান রয়েছে, তার মধ্যে কোনগুলি ভালো আর কোন কোন উপাদান ক্ষতিকর তা চিহ্নিত করার জন্য জল বিশ্লেষণ করে দেখার প্রয়োজন হয়। কাজটি করে থাকেন জল বিশ্লেষণের পেশাদাররা।

**সি এক্সপ্লোরার্স ইনস্টিটিউটে এনভায়রনমেন্ট অ্যানালিস্ট কোর্সে ৬ মাসের প্রশিক্ষণ দেওয়া হয়। কোর্সটি পশ্চিমবঙ্গ সরকারের কারিগরি শিক্ষাবিভাগ কর্তৃক স্বীকৃত। মূলত জল পরীক্ষার উপর জোর দেওয়া হলেও, যেহেতু রাসায়নিক বিশ্লেষণ পদ্ধতির খুঁটিনাটি জানা হয়ে যায় প্রশিক্ষিতদের, ফলে বাতাসের দূষণও বিশ্লেষণ করতে পারবেন এঁরা।**

## কাজের প্রকৃতি

সংগৃহীত জলের নমুনা বিশ্লেষণ করে রিপোর্ট তৈরি করাই জল বিশ্লেষকদের মূল কাজ। ওই রিপোর্ট অনুসারে ব্যবস্থা নেয় সরকারি প্রতিষ্ঠানগুলি, ওয়াটার ফিল্টার ও খাদ্য-পানীয় প্রস্তুতকারী সংস্থা এবং বিপুল পরিমাণ জলের প্রয়োজন হয় এমন শিল্প সংস্থাগুলি। তাই জল-বিশ্লেষকদের কাজটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। রসায়ন এবং অনুজীববিজ্ঞানের জ্ঞান কাজে লাগাতে হয়। যদিও কেবল সমস্যা চিহ্নিতকরণের মধ্যেই পেশাদারদের দায়িত্ব সীমায়িত থাকে না। প্রত্যক্ষভাবে দূষণ মোকাবিলার ক্ষেত্রেও পেশাদার ওয়াটার অ্যানালিস্টদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। দূষণের উৎসটি চিহ্নিত করার জন্য সমীক্ষা চালানো এবং গবেষণার কাজটিও করতে হয় তাঁদেরই। বড় শিল্প সংস্থায় জল দূষণকারী বর্জ্য নিয়ন্ত্রণে ব্যবস্থা নিতেও ডাক পড়ে এই পেশাদারদের।

## চাকরির সুযোগ

দক্ষ ওয়াটার অ্যানালিস্টদের চাকরি হতে পারে প্যাকেটবন্দি পানীয় জল, ঠান্ডা পানীয়, বিভিন্ন খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে, সুরা শিল্পে, বড় ল্যাবরেটরিতে, প্যাকেজিং শিল্পে। ওষুধ, ইস্পাত, কাগজ শিল্পেও প্রচুর জল ব্যবহার করতে হয়। সে-জলের নির্দিষ্ট মানও বজায় রাখতে হয়। এইসব শিল্পে জল-সংক্রান্ত কোয়ালিটি কন্ট্রোল বিভাগে চাকরির সুযোগ রয়েছে। চাকরি হতে পারে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, জনস্বাস্থ্য কারিগরি বিভাগ, পুরসভায়।

অভিজ্ঞতা সঞ্চয়ের পরে পেশাদাররা কনসালটেন্সির কাজও করতে পারেন।

## কোথায় প্রশিক্ষণ

সি এক্সপ্লোরার্স ইনস্টিটিউটে এনভায়রনমেন্ট অ্যানালিস্ট কোর্সে ৬ মাসের প্রশিক্ষণ দেওয়া হয়। কোর্সটি পশ্চিমবঙ্গ সরকারের কারিগরি শিক্ষাবিভাগ কর্তৃক স্বীকৃত। কোর্স ইনচার্জ দেবাশিস চট্টোপাধ্যায় জানিয়েছেন, মূলত জল পরীক্ষার উপর জোর দেওয়া হলেও, যেহেতু রাসায়নিক বিশ্লেষণ পদ্ধতির খুঁটিনাটি জানা হয়ে যায় প্রশিক্ষিতদের, ফলে বাতাসের দূষণও বিশ্লেষণ করতে পারবেন এঁরা।

প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা বিভিন্ন ল্যাবরেটরি, রাজ্যের দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং বিভাগে চাকরি করছেন বলে জানান দেবাশিসবাবু।

## কারা পড়বেন

অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি নিয়ে পড়ে থাকা গ্র্যাজুয়েটরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। কেমিস্ট্রির অনার্স গ্র্যাজুয়েটরা চাকরির ক্ষেত্রে এগিয়ে থাকেন বলে দেবাশিসবাবু জানান।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় মূলত কেমিস্ট্রি ও পরিবেশ-বিষয়ক মোট ৫০টি মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। প্রতি প্রশ্নের মান ২।

**ফি:** গত বছরে ফি ছিল ১০,৫৫০ টাকা। এবছর ফি খানিকটা বাড়তে পারে।

৪৩তম ব্যাচের কোর্সে ভর্তির প্রক্রিয়া শুরু হবে শীঘ্রই। ভর্তি-সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: সি এক্সপ্লোরার্স ইনস্টিটিউট, আউট্রাম ঘাট, কলকাতা-৭০০ ০২১। ফোন: ৯০৩৮৮-০৮৩৮৯, ২২৪৮-৭৫৪৫। ওয়েবসাইট: www.seiindia.org

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# হসপিটালিটি ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের স্নাতক কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা ২৭ এপ্রিল

**উচ্চমাধ্যমিকের পর কেরিয়ার গড়া যায় আতিথেয়তা শিল্পে। যে-কোনও শাখার ছাত্রছাত্রীরাই পড়তে পারেন হসপিটালিটি ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের ডিগ্রি কোর্স। দিতে হয় একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা। এ বছরের পরীক্ষা ২৭ এপ্রিল। আবেদন করা যাচ্ছে এখনই।**



**নিজস্ব প্রতিনিধি:** প্রাচীন ঐতিহাসিক দ্রষ্টব্য আর প্রাকৃতিক সৌন্দর্যের টানে ভারতে বিদেশি পর্যটকদের যাতায়াত ছিলই, এখন চিকিৎসা এবং বাণিজ্যিক প্রয়োজনেও ভারত পৃথিবীর অন্যতম সেরা গন্তব্য। রাজ্য সরকারগুলি এবং কেন্দ্রীয় সরকারও তাই পর্যটন বাণিজ্য নিয়ে খুবই উৎসাহী। পর্যটকদের জন্য দেশের বিভিন্ন প্রান্তে গড়ে উঠছে বিলাসবহুল থেকে বাজেট হোটেল, বাড়ছে আন্তর্দেশীয় এবং আন্তর্জাতিক উড়ানের সংখ্যা। এই অবস্থায় দেশের হোটেল-শিল্প নতুন আশার আলো দেখছে। একটি সমীক্ষা বলছে, বর্তমানে দেশে আতিথেয়তা শিল্পে নিযুক্ত আছেন সাড়ে ৭ লক্ষ লোক। ২০২০ সাল নাগাদ দরকার পড়বে ৩০ লক্ষ কর্মীর। সব মিলিয়ে আতিথেয়তা শিল্পের পেশাদারদের কাছে চাকরির এক বৃহৎ পরিসর খুলে গিয়েছে। জোর দেওয়া হচ্ছে আতিথেয়তা শিল্পের নানা কাজে উপযোগী দক্ষ পেশাদারদের গড়ে তোলার উপর।

হসপিটালিটি ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের ডিগ্রি কোর্স পড়ানো হবে ন্যাশনাল কাউন্সিল ফর হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজি এবং ইন্দিরা গান্ধী রাষ্ট্রীয় মুক্ত বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে। এই স্নাতক কোর্সটি পড়া যাবে ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট (আই এইচ এম)-সহ কাউন্সিল অনুমোদিত মোট ৬৩টি সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে।

ভর্তি নেওয়া হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তির পরীক্ষা ২৭ এপ্রিল। পরীক্ষা নেবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। পরীক্ষায় বসার জন্য আবেদন গ্রহণ করার প্রক্রিয়া চলছে। এবারের প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে দেশজুড়ে অনুমোদিত প্রতিষ্ঠানগুলির মোট ৯,৩০১টি আসনে ভর্তি নেওয়া হবে। আসনসংখ্যা আরও বাড়তেও পারে।

## কী পড়বেন, কোথায় সুযোগ

তিন বছর মেয়াদের এই কোর্সে ছাত্রছাত্রীদের বিশদে পড়ানো হয়— ফুড প্রোডাকশন, ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস, ফ্রন্ট অফিস অপারেশন, হাউসকিপিং, হোটেল অ্যাকাউন্ট্যান্সি, ফুড সেফটি অ্যান্ড কোয়ালিটি মেইন্টেন্যান্স, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট, প্রপার্টি ম্যানেজমেন্ট-সহ ম্যানেজমেন্টের বিভিন্ন বিভাগ, হোটেল অ্যান্ড ক্যাটারিং ল।

আতিথেয়তা শিল্পে চাকরি ও স্বনিযুক্তি উভয়ক্ষেত্রেই কাজের সুযোগ রয়েছে বলে জানালেন তারাতলার আই এইচ এম-এর হসপিটালিটি অ্যান্ড হোটেল ম্যানেজমেন্টের বিভাগীয় প্রধান বনফুল বন্দ্যোপাধ্যায়।

> ফুড প্রোডাকশন, বেকারি ও কনফেকশনারি বিভাগেও সৃজনশীল কর্মীদের কদর রয়েছে। আতিথেয়তা শিল্প-সংক্রান্ত কোর্সটি সম্পূর্ণ করার পর স্বনিযুক্তিতে আগ্রহীরা ভাবতে পারেন ব্যবসার কথাও।

'কর্মক্ষেত্র'কে তিনি বললেন, কোনও হোটেল বা ফুড জয়েন্টের প্রশাসনিক বিভাগ ছাড়াও পরিষেবা প্রদানকারী বিভিন্ন ইন্ডাস্ট্রিতে চাকরির সুযোগ রয়েছে ফ্রন্ট অফিস অপারেশনস-সংক্রান্ত কাজে দক্ষ কর্মীদের। আবার ফুড প্রোডাকশন, বেকারি ও কনফেকশনারি বিভাগেও সৃজনশীল কর্মীদের কদর রয়েছে। আতিথেয়তা শিল্প-সংক্রান্ত কোর্সটি সম্পূর্ণ করার পর স্বনিযুক্তিতে আগ্রহীরা ভাবতে পারেন ব্যবসার কথাও। কিন্তু মনে রাখতে হবে, এই ইন্ডাস্ট্রিতে নিজেকে অন্যদের থেকে এগিয়ে রাখতে হলে প্রয়োজন পজিটিভ মনোভাব, সপ্রতিভতা এবং অবশ্যই কাজের প্রতি দায়বদ্ধতা।

## কারা পড়বেন

যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা এই কোর্স পড়তে পারেন। উচ্চমাধ্যমিকে অবশ্যই ইংরেজি পড়ে থাকতে হবে। ১-৭-২০১৯ তারিখে বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ ১-৭-১৯৯৪-এর পরে হতে হবে। তফসিলিরা ৩ বছরের ছাড় পাবেন।

এই বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদন করতে পারেন। সে ক্ষেত্রে ৩০ সেপ্টেম্বরের মধ্যে মার্কশিট জমা দিতে হবে।

গত শিক্ষাবর্ষে কোর্স ফি ছিল ৩,১৬,৭০০ টাকা। এ বছর ফিয়ের পরিমাণ কিছু বাড়তে পারে বলে জানানো হয়েছে প্রতিষ্ঠানের তরফে। বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ফি কিছু বেশি। ফি দিতে হবে সেমেস্টার পিছু।

## প্রার্থী বাছাই পদ্ধতি

প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাই করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ)। পরীক্ষা ২৭ এপ্রিল (শনিবার)। পরীক্ষার সময় সকাল সাড়ে ৯টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। কম্পিউটারভিত্তিক পরীক্ষার অ্যাডমিট কার্ড ৩ এপ্রিল থেকে ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.ntanchm.nic.in

পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের মোট ২০০টি প্রশ্ন হবে নিউমেরিক্যাল এবিলিটি অ্যান্ড অ্যানালিটিক্যাল অ্যাপ্টিটিউড, রিজনিং অ্যান্ড লজিক্যাল ডিডাকশন, জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, ইংলিশ ল্যাঙ্গুয়েজ ও অ্যাপ্টিটিউড ফর সার্ভিস সেক্টর বিষয়ে। ইংরেজি এবং অ্যাপ্টিটিউড ফর সার্ভিস সেক্টর বিষয়ে প্রশ্ন হবে যথাক্রমে ৬০টি ও ৫০টি। অন্যান্য বিষয়ের ক্ষেত্রে বিষয়প্রতি ৩০টি প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের মান ৪। নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র (ব্র্যাকেটে সিটি কোড নম্বর): কলকাতা (ডব্লু বি ০১) ও শিলিগুড়ি (ডব্লু বি ০২)। লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হবে ১৫ মে। উত্তীর্ণ প্রার্থীদের কাউন্সেলিং হবে।

## কীভাবে আবেদন

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ntanchm.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ১৫ মার্চ পর্যন্ত। আবেদনের সময় আগে থেকে কম্পিউটারে জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করে রাখা প্রার্থীর পাসপোর্ট মাপের ফটো (১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ফটো ও সই আপলোড করার শেষ তারিখ ১৬ মার্চ।

ফি বাবদ দিতে হবে ৮০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ৪০০ টাকা)। প্রসেসিং চার্জ ও জি এস টি অতিরিক্ত। অনলাইন ও অফলাইন উভয় ব্যবস্থাতেই ফি দেওয়া যাবে। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অথবা অফলাইনে ফি জমা দিতে পারেন ব্যাঙ্ক চালানের মাধ্যমে, সিন্ডিকেট ব্যাঙ্কের যে-কোনও শাখায়। ই-চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। সব ক্ষেত্রেই ফি দেওয়ার শেষ তারিখ ১৬ মার্চ।

অনলাইনে আবেদনের সময় একটি অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। পরে কাজে লাগবে। অনলাইনে আবেদনপত্র পূরণ করে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই হেল্প ডেস্ক নম্বরগুলিতে: (০১২০) ২৪০০৮৫০/১, ৯৯৭১২-৬২৩৭১।

পশ্চিমবঙ্গের শিক্ষাপ্রতিষ্ঠানগুলি হল: (১) ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট। ঠিকানা: পি-১৬, তারাতলা রোড, কলকাতা ৭০০ ০৮৮। ফোন: (০৩৩) ২৪০১ ৪১২৪। ওয়েবসাইট: www.ihmkolkata.org (২) স্টেট ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট। ঠিকানা: জেমুয়া রোড, ফুলঝোড়, দুর্গাপুর-৭১৩ ২০৬। ফোন: ৯৮৩০৭-৯০৬০২। ওয়েবসাইট: www.wbsihm.in (৩) গুরু নানক ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট। ঠিকানা: ১৫৭/এফ, নীলগঞ্জ রোড, পানিহাটি, কলকাতা ৭০০ ১১৪। ফোন: (০৩৩) ২৫২৩ ১২৪৬। ওয়েবসাইট: www.gnihm.ac.in

দেশের অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানগুলির তালিকা এবং খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.nchm.nic.in

বইমেলায় স্বর্ণাক্ষর-এর সব বই
শিশু সাহিত্য সংসদের
৪৫৫নং স্টলে পাবেন

অমরেন্দ্র চক্রবর্তীর সব বয়সের ছোটদের বই

গরিলার চোখ
মধ্য আফ্রিকার রোয়ান্ডার আদিম অরণ্যে গরিলাদের মুখোমুখি। কিশোর উপন্যাস। ₹৮০
সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত

হীরু ডাকাত

পাগলকরা ছন্দে দম বন্ধ করা ডাকাতের গল্প। ১০ম মুদ্রণ ₹১২০
সঙ্গে বিনামূল্যে দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি

বরফের বাগান পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ ₹১২০
আমাজনের জঙ্গলে ৭ম মুদ্রণ ₹৭০
লিচুবাগানের চৌকিদার ₹৮০

ছেঁড়াকাঁথার গল্প ২য় সংস্করণ ₹৭৫
গৌর যাযাবর ২য় সংস্করণ ₹১২০
মাতলাগাঙের ভূত ₹৭৫
পাখির খাতা ₹৪০
চোখে দেখা গল্প যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫০
ভূতের বাঁশি ₹৪০
তালগাছের ডোঙা ₹২০

শাদা ঘোড়া

ছোটদের স্বপ্ন আর যুদ্ধের রূপকথা। পাতায় পাতায় দেবব্রত ঘোষের ছবি। নানা ভাষায় অনূদিত। ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০

নতুন ছড়ার বই জল-বাতাসা
প্রত্যেক পাতায় দেবব্রত ঘোষের প্রাণঢালা চিত্রাঙ্কন। মূল্য ৮০ টাকা
সঙ্গে বিনামূল্যে
লেখকের কালোত্তীর্ণ কিশোর উপন্যাস ঋষিকুমার


কানাইলাল চক্রবর্তীর
কুমির হয়ে জলে গেল ₹৩০
চলো দেখে আসি ₹২০
চড়ুইয়ের সঙ্গে ₹১৫

সুভাষ মুখোপাধ্যায়ের বকবকম ₹১৫
পূর্ণেন্দু পত্রীর আমার ছেলেবেলা ₹১৮
পবিত্র সরকারের ₹১৫ কথামালা: ছড়ায় ঢালা

মহাশ্বেতা দেবীর

তুতুল ৩য় মুদ্রণ ₹ ৬০

মৈত্রেয়ী নাগের
আষাঢ়ে গল্প ₹ ৬০ বাঘ বেড়ালের ছড়া ছবি ₹৩০
নেকড়ের চোখ ₹৬০
প্রখ্যাত ফরাসি লেখক দানিয়েল পেনাক-এর L'OEIL DU LOUP বইয়ের অনুবাদ

পরিবেশক
শিশু সাহিত্য সংসদ প্রাঃ লিঃ
৩২এ, আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলকাতা-৯
ফোন: ২৩৫০-৭৬৬৯/৩১৯৫ ফ্যাক্স: ০৩৩ ২৩৬০-৩৫০৮
স্বর্ণাক্ষর ☎ +৯১ ৯৮৩৬৩ ০৯১৭০ (১১-৬টা)
অনলাইন কিনতে হলে ই-মেল করুন:
swarnakshar.books@gmail.com

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



### ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্টে

# চার যুগোপযোগী স্পেশ্যালাইজেশনে এম বি এ

*নয়ের পাতার পর*

শুরু করে তৈরি পণ্যটি ক্রেতার হাতে তুলে দেওয়া পর্যন্ত, পুরো পদ্ধতিটায় পরিবহণ ব্যবস্থার উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। পোশাকি ভাষায় একেই বলে লজিস্টিক্স ও সাপ্লাই চেন ম্যানেজমেন্ট। একদিকে রিটেল ব্যবসা, অন্যদিকে পরিষেবা শিল্পের দ্রুত বৃদ্ধির দরুন আগামী দিনে এই পেশাতেও কয়েক লক্ষ লোকের দরকার হবে।

## শিল্পে পরিবেশ বিধি

যে-কোনও শিল্পক্ষেত্রে এখন প্রতি পদক্ষেপে পরিবেশ বিধি মেনে চলতে হয়। তা ছাড়াও বন, পর্যটন, নগরোন্নয়ন, জনস্বাস্থ্যের মতো বিভাগগুলিতে পরিবেশ-সংক্রান্ত পেশাদারদের প্রয়োজন আছে। এঁদের নিয়োগ করে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, পরিবেশ-সংক্রান্ত কনসালটেন্সি ফার্মগুলি, এন জি ও-রা। হিসাব বলছে, গত ১০ বছর ধরে বার্ষিক ১০ হাজার চাকরির সুযোগ তৈরি হয়েছে পরিবেশ-সংক্রান্ত পেশাদারদের জন্য। এই সুযোগ আরও বাড়বে।

## স্বাস্থ্য পরিষেবায় আন্তর্জাতিক সাফল্য

চিকিৎসা পর্যটনে ভারতের স্থান বিশ্বে দ্বিতীয়। প্রথম স্থানটি থাইল্যান্ডের। বাংলাদেশ, নেপাল, ভুটান, শ্রীলঙ্কা এবং মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশ থেকে প্রতি বছর কয়েক লক্ষ মানুষ ভারতে চিকিৎসা করাতে আসেন। অভ্যন্তরীণ চাহিদাও বিপুল। ইতিমধ্যেই চিকিৎসা ক্ষেত্রে একশো শতাংশ প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের অনুমতি দিয়েছে কেন্দ্র। দেশজুড়ে চিকিৎসা-পরিকাঠামোর উন্নতি ও ব্যাপ্তি ঘটছে। স্বাস্থ্য বিমা ক্ষেত্রেও জোয়ার এসেছে। সব মিলিয়ে পেশাদারদের জন্য এখানেও চাকরির সুযোগ বাড়ছে।

বিশেষজ্ঞরা মানছেন, দক্ষ কর্মীর চাহিদা যেভাবে বাড়ছে তাতে এই ক্ষেত্রগুলিতে কাজের জন্য দক্ষ পেশাদারদের গড়ে তোলার দিকে এখনই নজর দেওয়া দরকার।

## পড়াশোনার ব্যবস্থা

ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্টে (আই আই এস ডব্লু বি এম) এনার্জি ম্যানেজমেন্ট, ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিস্টিক্স ম্যানেজমেন্ট, হেলথ কেয়ার অ্যান্ড হসপিটাল ম্যানেজমেন্ট এবং এনভায়রনমেন্ট ম্যানেজমেন্টের ২ বছরের এম বি এ ডিগ্রি কোর্স পড়া যায়। কোর্সগুলি কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত।

## স্পেশ্যালাইজেশন অনুসারে শিক্ষাগত যোগ্যতা

**এনার্জি ম্যানেজমেন্ট:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির ব্যাচেলর্স ডিগ্রি বা এ এম আই ই অথবা ফিজিক্স বা কেমিস্ট্রি বা ম্যাথমেটিক্স বা ইকনমিক্সে অনার্স ডিগ্রি অথবা বি বি এ বা বি সি এ ডিগ্রি।

**ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিস্টিক্স ম্যানেজমেন্ট:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ সায়েন্স বা কমার্স বা আর্টস বা ইকনমিক্সের অনার্স ডিগ্রি অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশন বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের ডিগ্রি অথবা ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির ডিগ্রি বা এ এম আই ই।

**হেলথ কেয়ার অ্যান্ড হসপিটাল ম্যানেজমেন্ট:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় অনার্স ডিগ্রি অথবা এম বি বি এস বা আয়ুশ বা বি এইচ এম এস বা বি এ এম এস বা বি ইউ এম এস বা বি ডি এস অথবা ফিজিওথেরাপি বা অপ্টোমেট্রির ডিগ্রি অথবা এল এল বি বা বি বি এ অথবা ফার্মাসি বা নার্সিং বা নিউট্রিশন বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা এ এম আই ই।

**এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ সায়েন্স বা ইকনমিক্সের অনার্স ডিগ্রি অথবা ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির ব্যাচেলর্স ডিগ্রি বা এ এম আই ই। উচ্চমাধ্যমিক স্তরে অঙ্ক ও বিজ্ঞান নিয়ে পড়ে থাকলে যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই আবেদন করতে পারেন।

সব ক্ষেত্রেই সংশ্লিষ্ট বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। প্রার্থীর ক্যাট বা ম্যাট বা সিম্যাট বা জে ই ম্যাট বা জিম্যাট বা গেট অথবা এ টি এম এ স্কোর থাকতে হবে।

উল্লেখ্য, ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা কোর্সে ভর্তির যোগ্যতা নির্ধারণের পরীক্ষা হয় ফেব্রুয়ারি, মে, অগস্ট এবং নভেম্বর মাসে।

## কোর্স ফি

২ বছরের কোর্স ফি ৩ লক্ষ ৭৫ হাজার টাকা। মোট দু'টি কিস্তিতে ফি জমা দেওয়া যাবে। কোর্স শেষে কশান মানি বাবদ জমা রাখা ১০ হাজার টাকা ফেরত পাওয়া যাবে। কোর্স ফি বাবদ ব্যাঙ্ক থেকে শিক্ষাঋণ পাওয়ার সুযোগ আছে। কোন কোন ব্যাঙ্ক থেকে সুবিধাজনক শর্তে শিক্ষাঋণ পাওয়া যাবে তা প্রতিষ্ঠান থেকেই জানা যাবে।

## কীভাবে আবেদন করবেন

২০১৯-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। নীচের যে-কোনও একটি পদ্ধতিতে আবেদন করতে পারেন। আবেদনের ফি বাবদ দিতে হবে ৯০০ টাকা।

- অনলাইনে আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iiswbm.edu। এ ক্ষেত্রে এম বি এ-পাবলিক সিস্টেমে (এম বি এ-পি এস) ক্লিক করে স্পেশ্যালাইজেশন বাছাই করতে হবে। ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।
- সরাসরি ফি-এর বিনিময়ে আবেদনের ফর্ম কিনতে পারেন প্রতিষ্ঠানের এই ঠিকানা থেকে: ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট হাউস, কলেজ স্কোয়্যার (ওয়েস্ট), কলকাতা-৭০০ ০৭৩। ফর্ম পূরণ করে জমা দিতে হবে একই ঠিকানায়।
- আবেদনের ফর্ম ডাউনলোড করে প্রিন্ট নিতে পারেন এই ওয়েবসাইট থেকে: www.iiswbm.edu আবেদনপত্র পূরণ করে প্রতিষ্ঠানের অফিসে জমা দেওয়ার সময় আবেদনের ফি জমা দিতে হবে। এছাড়াও এ ক্ষেত্রে ফি দিতে পারেন চালানের মাধ্যমে। এস বি আই চালান ডাউনলোড করা যাবে সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকেই। ফি জমা দিতে হবে পাওয়ার জ্যোতি অ্যাকাউন্ট নম্বর ৩২৪৯৫৬৫৬৭১০-এ।

আবেদনপত্র জমা দেওয়া যাবে ৩ জুন পর্যন্ত। ক্লাস শুরু হবে জুলাইয়ে।

## প্রার্থী বাছাই প্রক্রিয়া

প্রার্থী বাছাই হয় শিক্ষাগত যোগ্যতা, ক্যাট বা ম্যাট বা গেটের মতো প্রবেশিকা পরীক্ষার ফল এবং গ্রুপ ডিসকাশন এবং পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

গ্রুপ ডিসকাশন ও পার্সোনাল ইন্টারভিউ আয়োজিত হবে ১২, ১৩ ও ১৪ জুন। ফল প্রকাশিত হবে ১৮ জুন।

খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে। তথ্যের জন্য ফোন করতে পারেন এই নম্বরগুলিতে: ২২১৯-১৬৮৩, ৪০২৩-৭৪৭৪, ২২৪১-৩৭৫৬।

---

✓ **নির্দিষ্ট বিষয়ের নির্দিষ্ট শিক্ষগত যোগ্যতা ছাড়াও সব ক্ষেত্রেই সংশ্লিষ্ট বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। প্রার্থীর ক্যাট বা ম্যাট বা সিম্যাট বা জে ই ম্যাট বা জিম্যাট বা গেট অথবা এ টি এম এ স্কোর থাকতে হবে।**

✓ **ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা কোর্সে ভর্তির যোগ্যতা নির্ধারণের পরীক্ষা হয় ফেব্রুয়ারি, মে, অগস্ট এবং নভেম্বর মাসে।**

✓ **প্রার্থী বাছাই হয় শিক্ষাগত যোগ্যতা, ক্যাট বা ম্যাট বা গেটের মতো প্রবেশিকা পরীক্ষার ফল এবং গ্রুপ ডিসকাশন এবং পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে।**

✓ **গ্রুপ ডিসকাশন ও পার্সোনাল ইন্টারভিউ আয়োজিত হবে ১২, ১৩ ও ১৪ জুন।**

✓ **ফল প্রকাশিত হবে ১৮ জুন।**

---

# মাধ্যমিকের পরই রাজ্যের পলিটেকনিকে ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা

*নয়ের পাতার পর*

টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট (পূর্বতন ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন) কর্তৃক স্বীকৃত সরকারি ও বেসরকারি পলিটেকনিকগুলিতে ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজির বিভিন্ন শাখায় ডিপ্লোমা কোর্স পড়া যায়।

বিষয়গুলি হল: এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার সফটওয়্যার টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইন্ডাস্ট্রিয়াল কন্ট্রোল), ইলেক্ট্রিক্যাল পাওয়ার সিস্টেম, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ফুড প্রসেসিং টেকনোলজি, ফুটওয়্যার টেকনোলজি, জিওগ্রাফিক্যাল ইনফর্মেশন সিস্টেম অ্যান্ড গ্লোবাল পজিশনিং সিস্টেম, ইনফর্মেশন টেকনোলজি, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, লেদার গুডস টেকনোলজি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং, মাইন সার্ভেয়িং, মাইনিং ইঞ্জিনিয়ারিং, মাল্টিমিডিয়া টেকনোলজি, প্যাকেজিং টেকনোলজি, ফটোগ্রাফি, প্রিন্টিং টেকনোলজি, সার্ভে ইঞ্জিনিয়ারিং ইত্যাদি।

এই সবক'টি বিষয়েই পড়ানো হয় ৩ বছরের ডিপ্লোমা কোর্স। তবে সব পলিটেকনিক প্রতিষ্ঠানে সব শাখায় কোর্স পড়ানো হয় না। কোন পলিটেকনিকে কী-কী বিষয় পড়ানো হয় তার বিশদ তালিকা পাবেন এই ওয়েবসাইটে: www.webscte.co.in

## উচ্চতর শিক্ষা

ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ করে ইঞ্জিনিয়ারিং নিয়েই উচ্চতর শিক্ষার সুযোগ আছে।

ডিপ্লোমা কোর্স সফলভাবে শেষ করার পর ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স অর্থাৎ বি ই বা বি টেক কোর্স করার জন্য রাজ্যের ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে সরাসরি দ্বিতীয় বর্ষে ভর্তি হওয়া যায়। এর জন্য একটি প্রবেশিকা পরীক্ষা দিতে হয়। পরীক্ষার নাম 'জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন ফর ল্যাটারাল এন্ট্রি' বা সংক্ষেপে 'জিলেট'। পরীক্ষা পরিচালনা করে রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ড। ল্যাটারাল এন্ট্রির মাধ্যমে ভর্তি নেওয়ার জন্য বিভিন্ন শাখার বি ই বা বি টেক কোর্সের আসন সংরক্ষিত থাকে।

এছাড়াও ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ করার পর ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্সের 'অ্যাসোসিয়েট মেম্বারশিপ অব দ্য ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স (এ এম আই ই)' পরীক্ষা দিয়ে ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্সের সমতুল যোগ্যতা অর্জন করা যায়।

স্নাতক প্রার্থীরা গেট (গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং) পরীক্ষায় বসারও যোগ্যতা অর্জন করবেন।

## কীভাবে ভর্তি নেওয়া হয়

রাজ্যের পলিটেকনিকগুলিতে ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তি নেওয়া হয় দু'টি পদ্ধতিতে—

- 'জেক্সপো' বা জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন ফর পলিটেকনিক পরীক্ষার মাধ্যমে
- 'ভোকলেট' বা ভোকেশনাল ল্যাটারাল এন্ট্রি পরীক্ষার মাধ্যমে। দু'টি পরীক্ষাই পরিচালনা করে ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট।

## জেক্সপো

মাধ্যমিকের পরই ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্সে ভর্তি হওয়া যায় তার জন্য দিতে হয় 'জেক্সপো' বা জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন ফর পলিটেকনিক পরীক্ষা। জেক্সপো পরীক্ষার ফলের ভিত্তিতে একটি মেধাতালিকা প্রস্তুত করা হয়। মেধাতালিকাভুক্ত প্রার্থীদের র‍্যাঙ্ক অনুযায়ী কাউন্সেলিংয়ের মাধ্যমে ৬৯টি সরকারি ও ৭৬টি সেল্ফ-ফিনান্সড পলিটেকনিকে ভর্তি নেওয়া হয়। র‍্যাঙ্ক ভালো হলে প্রার্থী পছন্দসই প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পেতে পারেন, পছন্দসই শাখার কোর্সও বেছে নিতে পারেন।

**শিক্ষাগত যোগ্যতা—** মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় ৩৫ শতাংশ নম্বর-সহ পাশ করলে জেক্সপো-য় বসা যাবে। অ্যাডিশনাল বিষয়ের নম্বর গ্রাহ্য হবে না।

**বয়স—** প্রার্থীর জন্মতারিখ ১-৭-২০০৪-এর পরে হওয়া চলবে না। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

প্রার্থীর বর্ণান্ধতা রোগ থাকা চলবে না।

**পরীক্ষার ধরনধারণ—** জেক্সপো ১০০ নম্বরের পরীক্ষা। প্রশ্ন হবে অঙ্ক (৫০ নম্বর), ফিজিক্স (২৫ নম্বর) এবং কেমিস্ট্রি (২৫ নম্বর) থেকে। সময়সীমা ২ ঘণ্টা। অবজেক্টিভ মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে।

পরীক্ষা ২৮ এপ্রিল, সকাল ১০টা থেকে দুপুর ১২টা।

## ভোকলেট

সরাসরি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংয়ের দ্বিতীয় বর্ষে ভর্তি নেওয়া হয় ভোকলেট পরীক্ষার মাধ্যমে। এই পদ্ধতিকে বলে 'ল্যাটারাল এন্ট্রি'। ভোকলেট পরীক্ষার মাধ্যমে রাজ্যের ৬৯টি সরকারি প্রতিষ্ঠান ও ৫৪টি বেসরকারি প্রতিষ্ঠানে আর্কিটেকচার, ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজির বিভিন্ন শাখায় ভর্তি হওয়া যায়। র‍্যাঙ্ক অনুসারে কাউন্সেলিংয়ের মাধ্যমে প্রার্থী ভর্তি নেওয়া হয়।

**শিক্ষাগত যোগ্যতা—** ল্যাটারাল এন্ট্রি ব্যবস্থায় বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখার সংরক্ষিত আসনে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজির দ্বিতীয় বর্ষে ভর্তি নেওয়া হয় কেবল ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ এবং আই টি আই পাশ ছাত্রছাত্রীদের। যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিচ্ছেন তাঁরাও আবেদন করতে পারেন।

**বয়স—**বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

**পরীক্ষার ধরনধারণ—** ১০০ নম্বরের পরীক্ষা। মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি, মেকানিক্স এবং কম্পিউটার সায়েন্স বিষয়ে। প্রতিটি বিষয়ে থাকবে ২০টি করে প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে।

এবছরের ভোকলেট পরীক্ষা ২৮ এপ্রিল, দুপুর ১টা ৩০মিনিট থেকে বিকেল সাড়ে তিনটে পর্যন্ত।

পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্য পাবেন আবেদনের ফর্মের সঙ্গে পাওয়া তথ্যপুস্তিকা থেকে। এছাড়াও দেখতে পারেন এই ওয়েবসাইট: www.webscte.co.in

জেক্সপো এবং ভোকলেট উভয় পরীক্ষার ক্ষেত্রেই ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ৩ এপ্রিল থেকে।

## আবেদনের পদ্ধতি

আবেদন করা যাবে অনলাইন ও অফলাইন ব্যবস্থায়।

**●অফলাইন আবেদন**

ফি বাবদ ৫০০ টাকার (কন্যাশ্রী প্রকল্পে যাঁদের নাম নথিভুক্ত আছে তাঁদের ক্ষেত্রে ২৫০ টাকার) বিনিময়ে ইনফর্মেশন ব্রোশিওর-সহ ও এম আর আবেদনপত্র পাওয়া যাবে ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট কর্তৃক স্বীকৃত যে-কোনও পলিটেকনিকের অফিস থেকে ৬ মার্চ পর্যন্ত (রবিবার ও ছুটির দিন ছাড়া)। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে জমা দেবেন একই ঠিকানায়, ৬ মার্চের মধ্যে।

**●অনলাইন আবেদন**

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.webscte.co.in অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই এবং বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ আপলোড করতে হবে। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্র এবং ফি জমা দেওয়ার চালানের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এক্ষেত্রে ফি বাবদ নগদ ৪৫০ টাকা (কন্যাশ্রী প্রকল্পে যাঁদের নাম নথিভুক্ত আছে, তাঁদের ক্ষেত্রে ২২৫ টাকা)-সহ প্রিন্ট আউটগুলি জমা দিতে হবে ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট কর্তৃক স্বীকৃত কোনও পলিটেকনিকে। এক্ষেত্রেও নথিপত্র ও ফি জমা দেওয়ার শেষ তারিখ ৬ মার্চ।

আবেদনের সময় প্রার্থী কোন ডিস্ট্রিক্ট বা জোন থেকে পরীক্ষা দিতে চান তার কোড উল্লেখ করে দিতে হবে। কোড নম্বরের তালিকা পাবেন ইনফর্মেশন ব্রোশিওরে বা এই ওয়েবসাইটে: www.webscte.co.in

এই পরীক্ষার বিজ্ঞপ্তি নম্বর: WBSCTVESD/TET/2019-20/0085.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট, কারিগরি ভবন, ফোর্থ ফ্লোর, প্লট নম্বর-বি/৭, অ্যাকশন এরিয়া-থ্রি, নিউটাউন, রাজারহাট, কলকাতা-৭০০ ১৬০।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জেরিয়াট্রিক কেয়ারের কোর্স

**বয়স্ক মানুষদের বিভিন্ন সমস্যায় পাশে থাকার জন্য সরকারি এবং বেসরকারি উদ্যোগে গড়ে উঠছে বিভিন্ন সংস্থা, গৃহীত হচ্ছে একাধিক প্রকল্প। প্রবীণ মানুষকে সাহচর্য দেবার প্রবণতা থাকলে জেরিয়াট্রি কেয়ারের কোর্স করতে পারেন। মাধ্যমিক পাশ যোগ্যতায় যে-কোনও বয়সেই পড়তে পারেন। এখন ভর্তি চলছে।**



নিজস্ব প্রতিনিধি: একটি সুন্দর বাড়ি। কিন্তু ফাঁকা ও নিস্তব্ধ। বাড়ির তরুণ সদস্য-সদস্যারা কর্মসূত্রে বাইরে। সুন্দর অথচ নৈঃশব্দ্যের ঘেরাটোপে থাকা সেই বাড়িতে পরিবার বলতে বৃদ্ধ দম্পতি।

এ ছবি শুধু এ দেশের শহর বা মফস্সলের নয়, গোটা বিশ্বের। একটা বয়সের পর অখণ্ড অবসর। তারই মধ্যে কমে আসে সামাজিক যোগাযোগ। সেই ভীষণ একাকিত্বে স্বাস্থ্য ও সামাজিক নিরাপত্তার অভাববোধ তৈরি হয় মনের কোণে। নিজেকে মনে হয় উপেক্ষিত।

প্রবীণ নাগরিকদের এই ধরনের সমস্যাকে এখন অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে। ভারতে ২০১১-র জনগণনা রিপোর্ট অনুযায়ী প্রবীণের সংখ্যা ১০ কোটি ৪০ লক্ষ। অনুমান ২০২৬-এর মধ্যে সংখ্যাটি হবে ১৭ কোটি ৩০ লক্ষ। বিভিন্ন স্তরে এই ক্রমবর্ধমান জনসংখ্যার উপযুক্ত পরিকাঠামো তৈরি করার চেষ্টা চলছে।

এক কথায় জেরিয়াট্রিক কেয়ার হল, প্রবীণ মানুষদের দেখাশোনার কাজ। পরিস্থিতি অনুযায়ী প্রবীণদের বিশেষ যত্ন নেওয়া, আধুনিক প্রযুক্তি সম্পর্কে ওয়াকিবহাল থাকা, চটজলদি চিকিৎসার সুযোগ নিয়ে তৈরি থাকার জন্য প্রশিক্ষিত জেরিয়াট্রিশিয়ানের চাহিদা এখন ক্রমশ বাড়ছে।

### কোথায় পড়বেন

জেরিয়াট্রিক কেয়ারের ডিপ্লোমা কোর্স পড়িয়ে থাকে টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেসের পূর্বাঞ্চলীয় ভোকেশনাল ট্রেনিং সেন্টার, জয়প্রকাশ ইনস্টিটিউট অব সোশ্যাল চেঞ্জ। কোর্সটি ইউ জি সি কর্তৃক স্বীকৃত। কোর্সের মেয়াদ এক বছর। এখনই ভর্তি হওয়া যাচ্ছে।

### কারা পড়বেন

ন্যূনতম মাধ্যমিক বা সমতুল পাশ করে থাকলে জেরিয়াট্রিক কেয়ারের ডিপ্লোমা কোর্সটিতে ভর্তির জন্য আবেদন করা যাবে। কর্মমুখী এই কোর্সটি পড়তে মোট খরচ ১৫,২০০টাকা। টাকা দিতে হবে চারটি কিস্তিতে।

বয়সের কোনও বিধিনিষেধ নেই।

### কী পড়বেন

এই কোর্সে পড়ানো হয়— ইংরেজি, কমিউনিকেশন স্কিল, বেসিক অব জেরেন্টোলজি অ্যান্ড জেরিয়াট্রিক্স, বেসিক জেরিয়াট্রিক কেয়ার, সাইকো-সোশ্যাল সাপোর্ট ফর জেরিয়াট্রিক এজ গ্রুপ, বেসিক জেরিয়াট্রিক নার্সিং, কমন জেরিয়াট্রিক হেলথ ইস্যু, ইমার্জেন্সি, বেসিক নলেজ অব কমিউনিকেশন অ্যান্ড মেডিক্যাল টেকনোলজি, বেসিক নলেজ অব মোবিলিটি এড, লিগাল অ্যান্ড ফিনান্সিয়াল সাপোর্ট টু জেরিয়াট্রিক এজ গ্রুপ প্রভৃতি বিষয়।

### কীভাবে ভর্তি

আগে-এলে-আগে-ভর্তি পদ্ধতিতে ভর্তি হওয়া যাবে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্রের বয়ান সরাসরি প্রতিষ্ঠানের অফিসে গিয়ে সংগ্রহ করতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র জমা দিতে হবে ১১ ফেব্রুয়ারির মধ্যে।

প্রতিষ্ঠানের ঠিকানা— Jayaprakash Institute of Social Change, DD 18/4/1 Salt Lake City, Kolkata 700 064, West Bengal.

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন—** ● দু'টি পাসপোর্ট সাইজের ফটো ● শিক্ষাগত যোগ্যতার যাবতীয় শংসাপত্রের প্রত্যয়িত নকল ● জন্ম শংসাপত্রের প্রত্যয়িত নকল ● আধার কার্ডের প্রত্যয়িত নকল।

### কাজের সুযোগ

টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেসের প্রোগ্রাম ম্যানেজার রিয়া দাস কর্মক্ষেত্র-কে জানালেন, কোর্স চলাকালীন বিভিন্ন প্রতিষ্ঠানে ইন্টার্নশিপের ব্যবস্থা থাকে। পাঠক্রমের ৬০ শতাংশই প্র্যাক্টিক্যাল। কোর্স চলাকালীন কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠান ন্যাশনাল ইনস্টিটিউট অব লোকোমোটর ডিজেবিলিটিস, সত্যভারতী-র মতো বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থার সঙ্গে কাজ করতে পারবে ছেলেমেয়েরা।

চাকরির সুযোগ আছে বিভিন্ন হাসপাতাল ও নার্সিং হোম, এন জি ও, বৃদ্ধাবাস, সরকারি প্রকল্পে। সরকারি জেলা হাসপাতালগুলিতে জেরিয়াট্রিক কেয়ার ইউনিট শুরু করার উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। ফলে সেখানেও প্রশিক্ষিত জেরিয়াট্রিশিয়ানদের কাজের সুযোগ তৈরি হবে।

### বিশদে জানুন

সবিস্তার জানতে দেখুন টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেসের এই ওয়েবসাইট: www.sve.tiss.edu অথবা ফোন করতে পারেন এই নম্বরগুলির যে-কোনওটিতে: ৯৮৩১৭-৭৬৭৮৫, ৭০৪৪০-৬৩৮৯১, ৭০০৩৩-৫৪৭১৯, (০৩৩)২৩৩৭-৬৬৯৫।

স্বনির্ভরতার নানা পথ

# গাছের পাতা, ফল, বীজ, বাঁশ, বেত দিয়ে গয়না তৈরি



**বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের শিল্পসদন বিভাগের আংশিক সময়ের শিক্ষক দেবু মুর্মু পড়াশোনা করেছেন মণিপুরি নৃত্য নিয়ে। কারুশিল্পে তাঁর কোনও প্রথাগত শিক্ষা না থাকলেও বিভিন্ন গাছের পাতা, ফল, বীজ, বাঁশ, বেত দিয়ে তৈরি করেন নানারকম গয়না, প্রয়োজনীয় ও শৌখিন জিনিসপত্র। ছোটবেলা থেকে নিজের খেয়ালে শেখা এই কারুশিল্পই এখন তাঁর জীবিকা। 'কর্মক্ষেত্র'-র পাঠকদের দেবু মুর্মু জানালেন, কীভাবে এই আপাত সাধারণ কুটিরশিল্পকেই সফল পেশা হিসেবে বেছে নেওয়া যেতে পারে।**

বীরভূম জেলায় বেশ খানিকটা জমি নিয়ে আমাদের পারিবারিক কৃষিকাজ হয়। ছোটরা চাষের কাজে সরাসরি হাত লাগায় না, তবে আনুষঙ্গিক কাজকর্ম করে। যেমন, গরু চরাতে নিয়ে যাওয়ার দায়িত্ব থাকত আমার উপর। দিনের অনেকটা সময় নিজের মতো করে পেতাম। তখন ঘাস, গাছের পাতা দিয়ে কিছু না কিছু বানাতে থাকতাম। নিজের শখে নিজেই শিখেছিলাম। ভাবতাম আরও ভালো কীভাবে করা যায়। কী দিয়ে বানালে আরও টেকসই হবে। নতুন নতুন নকশা এঁকে গয়না, ঘর সাজাবার জিনিস তৈরি করতাম। একটা সময় হাত বেশ তৈরি হয়ে গেল।

### ব্যবসার সূচনা

বীরভূমে পৌষমেলা, দোল উৎসবে বহু লোক সমাগম হয়। সেখানে বিক্রি করতে শুরু করলাম আমার তৈরি নানা শিল্পসামগ্রী। এরকমই এক দোল উৎসবে রাস্তার ধারে পশরা সাজিয়ে বসেছিলাম। রাজ্য সরকারের জেলা শিল্প কেন্দ্রের এক উচ্চপদস্থ ব্যক্তির আমার কাজ পছন্দ হয়। তিনি আমাকে বলেন জেলা শিল্প কেন্দ্রে যাওয়ার কথা। সেখানে গিয়ে তাঁর কথামতো নিয়মাবলী সব পালন করলাম, রেজিস্ট্রেশন হল। তারপর থেকেই সরকারি বিভিন্ন প্রকল্প, মেলায়, উৎসবে যোগ দিতে শুরু করি। প্রতিবছর রাজ্য সরকারের উদ্যোগে কলকাতায় যেসব হস্তশিল্প মেলা হয়, সেখানেও যোগ দিই। এছাড়া অন্য রাজ্য থেকেও ডাক পাই। ব্যবসা হয় আবার নতুন যোগাযোগও তৈরি হয়। বাড়ির লোকজনকেও এই কারুশিল্পকলা শিখিয়েছি। তাঁরাও এখন আমার সঙ্গে কাজ করছেন।



### উপাদান ও তৈরির পদ্ধতি

তালপাতা, খেজুর পাতা, শালপাতা, পদ্মপাতা, কচুরিপানা, গোল্ডেন গ্রাস, আরও নানরকম ঝরে যাওয়া পাতা ব্যবহার করি। এর মধ্যে তাল আর খেজুর বাদে বাকি সব পাতা শুকিয়ে নিতে হয়। একবছর ধরে শোকানো পাতা জলে ভিজিয়ে নকশা অনুযায়ী কেটে বুনট করে নিতে হয়। তারপর রোদে শুকিয়ে ফিনিশিং করি। অলঙ্কার, সার্ভিং ট্রে, কাপ, বাটি, গৃহসজ্জার সামগ্রী তৈরি হয়। শালপাতা দিয়ে কলসি, ইউক্যালিপটাস গাছের ছাল দিয়ে তানপুরা, বাঁশ দিয়ে সোফা বানাই।

ফলের বীজের নিজস্ব ওষধিগুণ থাকে, শরীরের স্পর্শে থাকলেও উপকারে হয়। সেইসব বীজ দিয়েও গয়না বানাই। বিভিন্ন রাজ্যে এবং বিদেশেও রপ্তানি হয় এইসব স্থানীয় উপাদানে তৈরি দ্রব্য। মেলা যখন থাকে না, তখন লোকে বাড়িতে এসে কিনে নিয়ে যায় দোকানে রেখে বিক্রি করার জন্য।

### অন্যদের শেখানো শুরু

শিল্পকলার প্রতি অনুরাগ ছিল ছোট থেকেই। পড়াশোনার পাট অষ্টম শ্রেণিতেই শেষ হয়ে গিয়েছিল। পরে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় থেকে মণিপুরি নৃত্য নিয়ে পড়াশোনা করেছি। সাঁওতালি ও বাংলা ভাষা সাহিত্য নিয়ে কাজ করি। এখন বিশ্বভারতীর শিল্পসদনে আংশিক সময়ের শিক্ষক। সেখানে হাতের কাজ শেখাই। তাছাড়াও বিভিন্ন স্কুল থেকে ডাক পাই শেখাবার জন্য। কলকাতার দ্য হেরিটেজ স্কুলে ছেলেমেয়েদের শেখাই। এছাড়াও বিভিন্ন এন জি ও, স্কুল, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে অতিথি শিক্ষক হিসেবে যাই।

> **তালপাতা, খেজুর পাতা, শালপাতা, পদ্মপাতা, কচুরিপানা, গোল্ডেন গ্রাস, আরও নানরকম ঝরে যাওয়া পাতা ব্যবহার করি। এর মধ্যে তাল আর খেজুর বাদে বাকি সব পাতা শুকিয়ে নিতে হয়। একবছর ধরে শোকানো পাতা জলে ভিজিয়ে নকশা অনুযায়ী কেটে বুনট করে নিতে হয়। তারপর রোদে শুকিয়ে ফিনিশিং করি। অলঙ্কার, সার্ভিং ট্রে, কাপ, বাটি, গৃহসজ্জার সামগ্রী তৈরি হয়।**

### নানারকম কাজের সম্ভাবনা আছে

বাংলার এই কুটিরশিল্পের প্রচুর চাহিদা আছে দেশেবিদেশে। সেই চাহিদার কথা মাথায় রেখে ঠিকভাবে কাজ করতে পারলে ব্যবসায় উন্নতির ভালোই সম্ভাবনা আছে।

কাজটি শিখে নিলে সরকারি-বেসরকারি বিভিন্ন প্রকল্পে কাজ করা যায়। কলকাতার দুর্গাপুজোর মণ্ডপ গড়তে বাঁশ-বেত-পাতার প্রচুর কাজ হয় প্রতি বছর। অনেক কারুশিল্পী সেখানে কাজের বরাত পেয়ে যোগ দেন।

এই ধরনের জিনিসপত্রের প্রতি মানুষের ঝোঁক বাড়ছে। ফলে শেখার জন্যও উপযুক্ত ক্ষেত্র তৈরি হচ্ছে। লোকজন কাজ শিখতে চাইছে।

এই সব প্রাকৃতিক জিনিস দিয়ে নানারকম সামগ্রী বানাতে আগ্রহীরা বিনামূল্যে পরামর্শের জন্য আমার সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৪৩৩৪-৪৭৮৬০।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জ্ঞান বিজ্ঞান

## জানার জানালা

### বিদেশ থেকে এল দেশি টাকিন



বার্লিনের টিয়ারপার্ক চিড়িয়াখানা থেকে পাঁচটি মিশমি টাকিনকে নিয়ে আসা হল দার্জিলিংয়ের পদ্মজা নাইডু জুলজিক্যাল পার্কে। প্রজাতি হিসেবে তারা দেশি কিন্তু জন্ম সুদুর জার্মানিতে। বিমানে কলকাতা পৌঁছানোর পরে ১৯ জানুয়ারি সড়কপথে এসি কন্টেনারে করে তাদের দার্জিলিংয়ে নিয়ে যাওয়া হয়। এদের বদলি হিসেবে দু'টি রেড পান্ডা পাঠানো হচ্ছে বার্লিনে। প্রশ্ন উঠেছে, যে প্রজাতিটি আমাদের দেশেই পাওয়া যায়, তা বাইরের দেশ থেকে এক্সচেঞ্জ প্রোগ্রামের মাধ্যমে কেন আনাতে হচ্ছে? রাজ্য চিড়িয়াখানা কর্তৃপক্ষের বক্তব্য, ভারতে কোনও চিড়িয়াখানা থেকে মিশমি টাকিন পাওয়া যায়নি। প্রাকৃতিক পরিবেশে তাদের পাওয়া যায় অরুণাচল প্রদেশ ও সিকিমে। সেখানেও তারা ঠিক কত সংখ্যায় আছে বলা মুশকিল। তাই ভবিষ্যতে তাদের ক্যাপটিভ ব্রিডিংয়ের কথা চিন্তা করেই বিদেশ থেকে আনা হল পাঁচটি প্রাণীকে।

### নর্মদায় সমুদ্রবাসী অক্টোপাস



গুজরাটে নর্মদা নদীর খাড়ি এলাকায় দেখা মিলল সমুদ্রবাসী অক্টোপাসের। সম্প্রতি সেখানে দেখা গেছে 'ওল্ড উইম্যান অক্টোপাস' (সিস্টোপাস ইন্ডিকাস)-এর ১৭টি প্রাণীকে। ওই খাড়ি এলাকায় অক্টোপাসের একটি প্রজাতির উপস্থিতি সম্পর্কে সমুদ্রবিজ্ঞানীরা বলেছেন, এমন ঘটনা ভারতীয় নদীতে আগে কখনও ঘটেনি। সামুদ্রিক প্রাণী হিসেবে পরিচিত অক্টোপাস সমুদ্রের ৫০ মিটার গভীরতা পর্যন্ত পাওয়া যায়। মূলত উপকূলীয় সমুদ্রেই তাদের বাস। সেন্ট্রাল ইনল্যান্ড ফিসারিজ রিসার্চ ইনস্টিটিউটের বিজ্ঞানীরা জানিয়েছেন, ডিসেম্বরে নর্মদার ওই অঞ্চলের জলের লবণাক্ততা স্বাভাবিকের চেয়ে অনেকটাই বেড়ে গিয়েছিল। তার ফলে জোয়ারের জলের সঙ্গে সমুদ্র থেকে নদীতে চলে আসতে পারে।

### বাঘের দেখা সিকিমে



৯ জানুয়ারি সিকিম সরকার জানিয়েছে সে রাজ্যেও ট্র্যাপ ক্যামেরায় ধরা পড়েছে বাঘের ছবি। গত বছর ৬ ডিসেম্বর সন্ধে ৬টা ২৩ মিনিট থেকে ৭টার মধ্যে প্যাঙ্গোলাখা জাতীয় উদ্যানে বনদপ্তরের ট্র্যাপ ক্যামেরায় দু'বার ধরা পড়ে বাঘের ছবি। এলাকাটির উচ্চতা সমতল থেকে ৯ হাজার ফুটেরও বেশি। সম্প্রতি সেখানে তুষারপাতও হয়েছে। দু'বছর আগে কালিম্পং জেলার নেওড়া ভ্যালির জঙ্গলেও বাঘের দেখা মিলেছিল। নেওড়ার ঠিক উত্তরেই সিকিমের প্যাঙ্গোলাখা জাতীয় উদ্যান। এই উচ্চতায় বাঘের থাকার কারণ সম্পর্কে সিকিম বনদপ্তরের কর্মীরা বলেছেন প্যাঙ্গোলাখায় বাঘের অন্যতম প্রিয় খাদ্য চমরি গাই প্রচুর পরিমাণে রয়েছে। সিকিমে বাঘের নতুন বসতির খোঁজ মেলায় বাঘ সংরক্ষণে বাড়তি উৎসাহের সঞ্চার হয়েছে।



● মরুভূমির উদ্ভিদকে কী বলে?
উত্তর: জেরোফাইট

● গঙ্গার উত্তরে পশ্চিমবঙ্গের অংশকে কী বলে?
উত্তর: বরেন্দ্রভূমি

● নেপানগরে কী উৎপন্ন হয়?
উত্তর: নিউজপ্রিন্ট

● কোন গ্যাস শীতক হিসেবে কাজে লাগে?
উত্তর: $NO_2$

● ভারতের সর্বশেষ গভর্নর জেনারেল কে ছিলেন?
উত্তর: সি রাজাগোপালাচারি

● হীরকের কোন ধর্মের জন্য এটি মূল্যবান রত্ন হিসেবে ব্যবহৃত হয়?
উত্তর: উচ্চ প্রতিসরাঙ্ক

● সিলি পয়েন্ট কথাটি কোন খেলার সঙ্গে যুক্ত?
উত্তর: ক্রিকেট

● ফেরিক ক্লোরাইডের জলীয় দ্রবণ কী জাতীয় হয়?
উত্তর: আম্লিক

● অলিন্দ যুদ্ধ কবে হয়েছিল ?
উত্তর: ১৯৩০ সালে

● ক্লোরোফিলে কোন ধাতু থাকে?
উত্তর: ম্যাগনেশিয়াম

● কোন খনিজের অভাবে উদ্ভিদের পাতার সম্মুখভাগ নুয়ে পড়ে?
উত্তর: নাইট্রোজেন

● স্বাধীন ভারতের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন?
উত্তর: ডঃ রাজেন্দ্রপ্রসাদ

● সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতিকে কে নিয়োগ করেন?
উত্তর: রাষ্ট্রপতি

● কোন কয়লাকে সর্বোৎকৃষ্ট মানা হয়?
উত্তর: অ্যানথ্রাসাইট

● ১৯৭৪ সালে ভারতের পারমাণবিক পরীক্ষার নাম কী ছিল?
উত্তর: স্মাইলিং বুদ্ধ

● ভারতের প্রথম শিক্ষামন্ত্রী কে ছিলেন?
উত্তর: আবুল কালাম আজাদ

● 'মাদার' উপন্যাসটি কার লেখা ?
উত্তর: ম্যাক্সিম গোর্কি

● আন্তর্জাতিক পরমাণু সংস্থা (আইএইএ)-র সদর দপ্তর কোথায় অবস্থিত?
উত্তর: ভিয়েনা

● গুরু নানক কোথায় জন্মেছিলেন?
উত্তর: তালওয়ান্দি

● সাবান তৈরিতে একটি উপজাত দ্রব্য কী?
উত্তর: গ্লিসারল

● কোন হরমোন দেহের জল ও রক্তে লবণের সমতা রক্ষা করে?
উত্তর: ADH

● টম্যাটোতে কোন জৈব অ্যাসিড বর্তমান থাকে?
উত্তর: সাইট্রিক অ্যাসিড

● সোডা অ্যাশের সংকেত কী?
উত্তর: $Na_2Co_3,10H_2O$

● ইম্পিরিয়াল ব্যাঙ্ক বর্তমানে কী নামে পরিচিত?
উত্তর: স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া

● ঝাড়খণ্ডের কোডার্মা কোন খনিজ উৎপাদনের জন্য বিখ্যাত?
উত্তর: অভ্র

● কোন প্রধানমন্ত্রীর আমলে প্রথম 'রোলিং প্ল্যান' কার্যকর করা হয়েছিল?
উত্তর: মোরারজি দেশাই



● ভারতে পঞ্চবার্ষিকী পরিকল্পনার ধারণা কে প্রথম চালু করেছিলেন?
উত্তর: জওহরলাল নেহরু

● টার্নার সিনড্রোমে ক্রোমোজমের সংখ্যা কত হয়?
উত্তর: ৪৫

● সৌরকোষ তৈরিতে কোন পদার্থ ব্যবহৃত হয় ?
উত্তর: সেলেনিয়াম

● ভারতের কোন রাজ্যে শিলং শৈলশহরটি অবস্থিত?
উত্তর: মেঘালয়

● নর্মদা নদীর উৎসস্থল কোন রাজ্যে?
উত্তর: মধ্যপ্রদেশ

● দক্ষিণ ভারতের সব থেকে বড় কার্পাস বয়নকেন্দ্র কী?
উত্তর: কোয়েম্বাটুর

● হিমালয়ের পার্বত্য অঞ্চলে হিউমাস মিশ্রিত মাটিকে কী বলে?
উত্তর: পডসল

● ভারতের কোন শহরকে প্রাচ্যের ভেনিস বলা হয়?
উত্তর: আলেপ্পি



● ভারতের স্থায়ী গবেষণাকেন্দ্র দক্ষিণ গঙ্গোত্রী কোথায় অবস্থিত?
উত্তর: অ্যান্টার্কটিকা

## হীরের টুকরো

### কুচকাওয়াজের নেতৃত্বে কন্ডাক্টর-কন্যা




দিল্লির রাজপথে ইতিহাস সৃষ্টি করলেন খুশবু কাঁওয়ার। এ বছর প্রজাতন্ত্র দিবসের সরকারি অনুষ্ঠানের থিম ছিল 'নারীশক্তির উত্থান'। দেশের প্রাচীনতম আধা-সামরিক বাহিনী অসম রাইফেলসের মহিলা জওয়ানরা সেই উপলক্ষে এই প্রথম কোনও কুচকাওয়াজে অংশ নিলেন। আর তাঁদের নেতৃত্ব দিলেন মেজর খুশবু। ৩০ বছরের খুশবু কাঁওয়ার রাজস্থানের জয়পুরের বাসিন্দা। বিবাহিতা এবং এক সন্তানের মা। খুশবুর বাবা ছিলেন বাস কন্ডাক্টর। প্রবল আর্থিক অনটনের মধ্যে লেখাপড়া শেখেন খুশবু। ২০১২ সালে যোগ দেন ভারতীয় সেনাবাহিনীতে। এখন রয়েছেন অসম রাইফেলসে। ভারতের উত্তর-পূর্বের রাজ্যগুলিতে বিদ্রোহ দমন, বেআইনি অস্ত্রশস্ত্রের তল্লাশি চালানো, ইন্দো-মায়ানমার সীমান্ত পাহারা দেওয়া তাঁর কাজের মধ্যে পড়ে। সংবাদমাধ্যমকে এক সাক্ষাৎকারে খুশবু বলেন, 'আমি রাজস্থানের এক বাস-কন্ডাক্টরের মেয়ে। জীবনে প্রচুর পরিশ্রম করেছি। আমি যদি এত দূর পৌঁছতে পারি, তাহলে এ দেশের যে-কোনও মেয়ের পক্ষেই স্বপ্নপূরণ সম্ভব।'

### সি এ-তে প্রথম দর্জির ছেলে



ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া সম্প্রতি প্রকাশ করেছে সি এ পরীক্ষার ফলাফল। সর্বভারতীয় এই পরীক্ষায় প্রথম হয়ে সবার নজর কেড়েছেন শাদাব হুসেন। পুরনো সিলেবাসের পরীক্ষায় শাদাব পেয়েছেন ৮০০-র মধ্যে ৫৯৭ বা ৭৪.৬৩ শতাংশ নম্বর।

রাজস্থানের কোটার বাসিন্দা শাদাবের পরিবার খুবই দরিদ্র। শাদাবের বাবা দর্জির কাজ করে সামান্য উপার্জন করেন। শাদাবদের পাঁচ ভাইবোনের সংসারে অভাব নিত্যসঙ্গী। এই পরিস্থিতিতেও হার মানেননি বি কম পাশ শাদাব। সি এ-র প্রস্তুতি নিতে দিনে ১৩-১৪ ঘণ্টাও পড়াশোনা করতেন। নিজেই বললেন, 'চাকরি পাওয়ার জন্য আমি দিনরাত পড়াশোনা করতাম। বৃদ্ধ বয়সে বাবা-মাকে যাতে কোনও কষ্ট পেতে না হয়, সেজন্য আমার খুব দরকার ছিল চাকরিটা।'

### ১০২ ভাষার গায়িকা সুচেতা



এ বছর প্রজাতন্ত্র দিবসে দুবাইয়ের ভারতীয় দূতাবাসে 'অ্যায় মেরে ওয়াতন কে লোগো' গেয়ে সকলকে আবেগে ভাসাল ছোট্ট এক ভারতীয় মেয়ে সুচেতা সতীশ। সুচেতার অন্য একটা পরিচয়ও আছে। পৃথিবীর ১০২টি ভাষায় গান গাইতে পারে সে। ২০১৭-য় তার বয়স যখন মাত্র বারো বছর, এক কনসার্টে ৮৫টি ভাষায় গান গেয়েছিল সুচেতা। তখনই তার নাম উঠে যায় গিনেজ বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে। হায়দরাবাদের গায়ক কেসিরাজু শ্রীনিবাসের রেকর্ড ছিল ৭৬টি ভাষায় গান গাওয়ার। ১২ বছরের সুচেতা ভেঙে দেয় সেই রেকর্ড।

দুবাইয়ের ইন্ডিয়ান হাইস্কুলে ক্লাস এইটের ছাত্রী সুচেতার বাবা-মা কেরলের, তবে সুচেতার জন্ম ও বেড়ে ওঠা দুবাইয়ে। ছোট থেকেই বিভিন্ন ভাষা শেখায় আগ্রহ ছিল তার। কেবল ফ্রেঞ্চ, হাঙ্গেরিয়ান আর জার্মান ভাষা শিখতে একটু বেশি সময় লেগেছিল, নিঃসঙ্কোচে স্বীকার করল ছোট্ট মেয়েটি। একই সঙ্গে সম্প্রতি সে মানবিকতারও এক অনন্য নজির তৈরি করেছে। ২০১৮ সালে কেরলের বন্যাদুর্গতদের জন্য সে একটি গান গেয়েছিল। 'মাঝাইলাম মায়াথোরু ওনাসৃতি' শীর্ষক গানটি জনপ্রিয়তাও পায়। এই গান গেয়ে পাওয়া টাকার পুরোটাই সুচেতা দান করে বন্যাত্রাণে।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## ফ্রেশার হিসেবে সংস্থা তাকেই নেবে যাকে তারা নিজেদের মতো করে গড়েপিটে নিতে পারবে



বিভাস চক্রবর্তী
বহুজাতিক সংস্থায় হিউম্যান রিসোর্স ম্যানেজার
প্রাক্তন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, হোটেল হিন্দুস্থান ইনটারন্যাশনাল



যদি প্রথম থেকেই একটা পরিকল্পনা নিয়ে এগোও, তাহলে সঠিক কেরিয়ার খুঁজে নেওয়ার জন্য অযথা সময় নষ্ট হয় না। তাই কোন কাজটি করতে তোমার সবচেয়ে ভালো লাগে সেটির সম্পর্কে স্পষ্ট ধারণা গড়ে তোলার চেষ্টা করো, বাস্তবে সেই চাকরির বাজারে দক্ষ কর্মীর চাহিদা কেমন সেদিকেও খেয়াল রাখো।

কলেজজীবন শুরুর আগে থেকেই ঠিক করে রেখেছিলাম যে, মানবসম্পদ বা হিউম্যান রিসোর্স নিয়েই কাজ করব। ফলে সেই অনুযায়ী পড়াশোনাও করেছিলাম। চাকরি খোঁজার সময়ও মাথায় ছিল যে, এই ধরনের কাজই করতে হবে। ম্যানেজমেন্ট নিয়ে স্নাতকোত্তর শেষ করে নানা জায়গায় সিভি জমা দিয়েছিলাম। ইন্টারভিউয়ের জন্য ডাক পাই 'ক্যাফে কফি ডে' সংস্থায়। বেশ কয়েক রাউন্ড ইন্টারভিউ হয়। তারপর বেঙ্গালুরু থেকে টেলিফোনিক ইন্টারভিউ। সবক'টি রাউন্ডেই পাশ করে যাই, কাজ শুরু করি হিউম্যান রিসোর্স বিভাগে।

> ইন্টারভিউয়ে সবচেয়ে জরুরি হল কমিউনিকেশন স্কিল। তুমি নিজের ভাবনা বা অবস্থান ইন্টারভিউয়ারকে বোঝাতে পারছ কিনা কিংবা ইন্টারভিউয়ারের বক্তব্য ঠিকভাবে বুঝতে পারছ কিনা, তার উপর তোমার চাকরি পাওয়া বা না-পাওয়া সম্পূর্ণভাবে নির্ভর করবে।

### কীভাবে প্রস্তুতি নেবে

নিজের পড়াশোনার বিষয়ে শান দাও। তার বাইরেও পৃথিবীর কোথায় কী ঘটছে, তোমার নিজের বিষয়েরই কোথায় কী নতুন উন্নতি হচ্ছে ইত্যাদি সাম্প্রতিক যাবতীয় তথ্য যেন তোমার কাছে থাকে। এছাড়াও আরও তিনটি বিষয়ে বিশেষ নজর দিতে হবে। সেগুলি হল—

- ইংরেজিতে মোটামুটি কথা বলতে পারা এবং বুঝতে পারার দক্ষতা বাড়ানো খুবই দরকারি। তার জন্য নিয়মিত ইংরেজি খবরের কাগজ, সিনেমা, ম্যাগাজিন পড়তে থাকো। সম্ভব হলে একটা স্পোকেন ইংলিশ কোর্স করে নিতে পারো। খবরের কাগজ পড়লে তোমার সাধারণ জ্ঞানের ভাণ্ডারটিও বাড়বে।
- আত্মবিশ্বাস বাড়িয়ে তোলো। আত্মবিশ্বাস আর ঔদ্ধত্য কিংবা প্রতিযোগিতায় ঠিক উতরে যাবো— এই ধরনের ভ্রান্ত ভাবনা কিন্তু আলাদা। আত্মবিশ্বাস মনের ব্যাপার। তোমার পড়াশোনা এবং প্রস্তুতি তোমার মনের জোর তৈরি করে। তা ফুটে ওঠে তোমার আচরণে।
- একইসঙ্গে কথাবার্তা চালানোর দক্ষতাটাও বাড়াতে হবে। কমিউনিকেশন স্কিল সবক্ষেত্রেই কাজে লাগবে।

### ফ্রেশারদের ইন্টারভিউ

ফ্রেশার বা নতুনদের কাজের অভিজ্ঞতা থাকে না, তাই ইন্টারভিউয়ে তাদের কাছে সাধারণত তাদের বাস্তব অভিজ্ঞতার কথাই জানতে চাওয়া হয়।

যেমন, হয়ত জিজ্ঞেস করা হল, সামনেই স্কুলের কোনও পরীক্ষা। অথচ সেইভাবে প্রস্তুতি নেওয়া হয়নি। এইরকম অবস্থায় সে কী করেছিল? এছাড়াও, ছাত্রজীবনের নানারকম কো-কারিকুলার কাজ নিয়ে কথা বলে ইন্টারভিউয়াররা বুঝতে চেষ্টা করেন, প্রার্থীর চারিত্রিক বৈশিষ্ট্য এবং গুণাবলি।

কখনও কাজের পরিস্থিতির উদাহরণ দিয়ে তার বুদ্ধি এবং স্মার্টনেস বোঝার চেষ্টা করা হয়। ধরা যাক, হিউম্যান রিসোর্স বিভাগের জন্য ইন্টারভিউ দিতে গিয়েছ। তোমাকে বলা হল, একটি সংস্থায় আগে খাতায়কলমে উপস্থিতি নথিবদ্ধ করতে হতো। এখন পুরো পদ্ধতিটাই বায়োমেট্রিক হয়ে গিয়েছে। কিন্তু সংস্থার পুরোনো কর্মীরা এতদিনের অভ্যেস পাল্টাতে রাজি হচ্ছেন না। এই পরিস্থিতিতে কী করণীয়!

### ইন্টারভিউয়ারদের মুখোমুখি

ইন্টারভিউয়ে সবচেয়ে জরুরি হল কমিউনিকেশন স্কিল। তুমি নিজের ভাবনা বা অবস্থান ইন্টারভিউয়ারকে বোঝাতে পারছ কিনা কিংবা ইন্টারভিউয়ারের বক্তব্য ঠিকভাবে বুঝতে পারছ কিনা, তার উপর তোমার চাকরি পাওয়া বা না-পাওয়া সম্পূর্ণভাবে নির্ভর করবে। তাই—

- প্রশ্ন শোনো মন দিয়ে। প্রশ্নের মানে অর্থাৎ ইন্টারভিউয়ার ঠিক কী জানতে চাইছেন তোমার থেকে, তার নিহিতার্থ বুঝে নাও।
- উত্তর দাও পরিষ্কার উচ্চারণে এবং ততটাই জোরে যাতে প্রশ্নকর্তারা সবাই স্পষ্ট শুনতে পান।
- যে-ইন্টারভিউয়ারের প্রশ্নের উত্তর দিচ্ছ তাঁর দিকে তাকিয়েই কথা বলো। উত্তর দেওয়ার সময় ঘরের মেঝে, ছাদ, জানলার দিকে তাকিয়ে থেকো না। তোমার অস্বস্তি হচ্ছে, এমন ভাব যেন কিছুতেই ফুটে না ওঠে। বরং তোমার মধ্যে একই সঙ্গে নম্রতা এবং আত্মবিশ্বাসের ছাপ দেখতে পেলে ইন্টারভিউয়াররা খুশিই হবেন।
- ফ্রেশার হিসেবে সংস্থা এমন প্রার্থীদেরই নিতে চায়, যাদের তারা নিজেদের মতো করে গড়েপিটে নিতে পারবে। কাজেই নিজের মতামত আর কাজের প্রতি দৃষ্টিভঙ্গি যতটা সম্ভব উন্মুক্ত রাখো।

কর্মসূত্রে অন্য জায়গায় যেতে হলে অসুবিধা নেই বা কাজের সময় নিয়ে কোনও সমস্যা নেই — এ জাতীয় তথ্য ইন্টারভিউতে নম্বর বাড়াবে।

- নিজের সততা ও নীতিবোধ যথাসম্ভব উত্তরের মধ্য দিয়েই বুঝিয়ে দেওয়ার চেষ্টা করো।
- কোনও সামাজিক বা রাজনৈতিক বিষয় নিয়ে মতামত দেওয়ার সময় নিরপেক্ষ থাকবে, কিন্তু নীতিগতভাবেও নিজস্ব যুক্তিতে স্থির থাকবে।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
shine.

**Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA**

**Companies Recruiting This Week**

PS AVIATION
Company: **PS AVIATION ACADEMY PVT.LTD**
Position Title: **Ground Staff & Cabin Crew**
Experience, Location: **Fresher, Kolkata, Delhi, Vizag**
Profile: Hiring Fresher Candidates for International and domestic Airlines. Qualification minimum 12th Passed Starting salary for cabin crew-30000 to 35000 pm. Ground staff- 15000 to 19000 pm. Age limit for cabin crew -18 to 26.Age limit for Ground staff -18 to 28.Male female both can apply.
Contact no- 8240117926/9007421048,
mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using **9246724** as keyword.

VIVAN
Company: **A client of Vivan Infratel Solutions Pvt Ltd**
Position Title: **Campaign Promoter**
Experience, Location: **Fresher & Experienced, Kolkata**
Profile: We need candidates to work as a "Campaign Promoter" for a leading Telecom service Provider. Profile deals with a field sales job. Preference to those candidates who has a 2 wheeler driving license. No Target. Monthly Salary- Rs 8500 + Fuel Expense + Incentive + PF + ESI. Contact No- 9674822410, Email ID- hr@vibhutigroup.net
To apply for this job, log on to www.shine.com

Hinduja Global Solutions Limited
Company: **Hinduja Global Solutions Limited**
Position Title: **Field Sales Officer**
Experience, Location: **0-5 years, Delhi & Kolkata**
Profile: Walk in drive for Field Sales Officer with a leading Bank. Looking for candidates experienced in FIELD SALES ONLY - with any Banking product - CASA / CREDIT CARD / BUSINESS LOANS etc. No of positions - 20. Salary upto 3 lakh + Incentive. Job Location- Delhi & Kolkata.
To apply for this job, log on to www.shine.com and search using **9595582** as keyword.

Company: **Crowd Link Staffing**
Position Title: **Interior Designer**
Experience, Location: **Fresher, Kolkata**
Profile: Hiring for Designing EXE. Who must have Knowledge of Studio. Max 3D, like designing software. Also require a own system. Salary - Negotiable.
Call Hr - 9874440217
For more info - www.abchomepaints.com
Email ID- info.abchomepaintsofficial@gmail.com
To apply for this job, log on to www.shine.com

RAM Resource And Manpower
Company: **A CLIENT (RENOWNED PATENT & TRADEMARK ) OF RAM .**
Position Title: **Patent Agent / Patent Engineer**
Experience, Location: **Bangalore , Delhi & Kolkata, 3-4 year**
Profile: Salary: 6 to 9 Lac Maximum depending upon experience and qualification. With 3-4 years experience in the field of IP & from Engineering , biotech and life sciences Stream. Qualified patent agents will be given preference. • Prior art Search • Drafting of Patent specification • Search & drafting of Patent oppositions and revocation. EMAIL ID- client@ramindia.net Call- 9830517541
To apply for this job, log on to www.shine.com

Global India Consultants
Company: **Global India Consultants- ISO 9001:2015 (QMS) Certified**
Position Title: **Business Development Mgr/ Sales Manager**
Experience, Location: **6 months-10 years, Kolkata**
Profile: Global India Consultants - ISO 9001:2015 (QMS) Certified. We have Lots of opening in Sales and Marketing in various sectors. Education- Graduate/MBA. CTC : 2 to 8 lakhs PA. If interested, please Contact - Email: gic525@hotmail.com, web : www.gickol.com. Contact-Ruma 7685860069
To apply for this job, log on to www.shine.com

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
**To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203**
Not for Candidates
shine. Great careers start here

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

শেষ মুহূর্তের মহড়া

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার উত্তর সহ ২ সেট নমুনা প্রশ্ন

পরীক্ষা ৯ ফেব্রুয়ারি

### প্রথম সেট

**Direction (1 to 4):** *Fill in the blanks with suitable alternatives.*

1. You will have to face some practical problems when you start ____ this plan.
(a) proscribing (b) prosecuting (c) prescribing (d) projecting

2. You cannot devise a method which ____ every possibility of error.
(a) includes (b) ignores (c) avoids (d) excludes

3. The river overflowed its ____ and flooded the area.
(a) edges (b) banks (c) limits (d) fronts

4. The item will not figure in the ______ for today's meetings.
(a) agenda (b) list (c) schedule (d) programme

**Direction (5 to 7):** *Find out the suitable synonyms.*

5. PARAMOUNT
(a) Urgent (b) Prestigious (c) Supreme (d) Valuable

6. INDIGENOUS
(a) Native (b) Normal (c) Internal (d) Natural

7. ERADICATE
(a) Dedicate (b) Indicate (c) Eleminate (d) Complicate

**Direction (8 to 10):** *Find out the suitable antonyms.*

8. MEAGRE
(a) Excessive (b) Average (c) Plentiful (d) Extravagant

9. INSOLENT
(a) Polite (b) Considerate (c) Coward (d) Agree

10. RESIST
(a) Fight (b) Repel (c) Welcome (d) Accept

**Direction (11 and 12):** *Find out the suitable one-word for the given expressions.*

11. To send an unwanted person out of the country:
(a) Deport (b) Ostracise (c) Expatriate (d) Exclude

12. Relationship by blood or birth:
(a) Nepotism (b) Parentage (c) Consanguinity (d) Affiliation

**Direction (13 to 15):** *Find out the suitable meanings of the given idiom and phrases.*

13. Sail close to the wind.
(a) to work hard (b) to manage the situation (c) to be regular (d) to take risk

14. A storm in a teacup:
(a) much excitement over something trivial (b) a great noise (c) a danger signal (d) an event which is unexpected

15. To give currency
(a) To originate (b) To bestow importance (c) To misinterpret (d) To make publicly known

**Direction (16 to 19):** *Find out the wrongly spelt words.*

16. (a) Problem (b) Difficult (c) Anoy (d) Position

17. (a) Demand (b) Subjqct (c) Heavily (d) Narrow

18. (a) Sumon (b) Disgrace (c) Quarrel (d) Profitable

(a) (a) Defeat (b) Perplex (c) Artifisial (d) Reckless

**Direction (20 to 22):** *Fill in the blanks with suitable prepositions.*

20. My relation _____ you is good.
(a) with (b) against (c) to (d) on

21. The man robbed me ______ my possession.
(a) of (b) with (c) from (d) to

22. There is no hindrance ____ his going there.
(a) on (b) over (c) to (d) at

**Direction (23 and 24):** *The following sentences are divided into four parts. Find out the part containing an error.*

23. The technician reminded (a)/them to have a (b)/throughly cleaning of the (c)/machine after use (d).

24. I am looking forward (a)/to met you (b)/in the occasion (c)/next month (d)

25. Find out the suitable passive voice for the given active voice.
Do you imitate others?
(a) Have others been imitated by you? (b) Are others imitated by you? (c) Are others being imitated by you? (d) Were others being imitated by you?

26. উদ্ভিদের কোন কলায় কোষান্তর রন্ধ্র থাকে না?
(a) ফ্লোয়েম (b) জাইলেম (c) ভাজক কলা (d) স্থায়ী কলা

27. কোন প্রাণীর কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র ফাঁকা হয়?
(a) মাছ (b) কেঁচো (c) আরশোলা (d) ছাগল

28. কোন ভিটামিনের অভাবে অ্যানিমিয়া রোগ হয়?
(a) ভিটামিন-K (b) ভিটামিন-$B_1$ (c) ভিটামিন-$B_{12}$ (d) ভিটামিন-D

29. কাণ্ডের সংবহনকলাতন্ত্র জাইলেম ও ফ্লোয়েমের মাঝখানে নীচের কোন কলা থাকে?
(a) ক্যাম্বিয়াম (b) কোলেনকাইমা (c) প্যারেনকাইমা (d) ক্লোরেনকাইমা

30. বীজের অঙ্কুরোদ্গমের সময় কোনটির দরকার হয় না?
(a) আলো (b) জল (c) অক্সিজেন (d) তাপ

31. সালোকসংশ্লেষের প্রধান কার্যকর রঞ্জক হল:
(a) ক্লোরোফিল-d (b) ক্লোরোফিল-a (c) ক্লোরোফিল-b (d) ক্লোরোফিল-c

32. সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় উৎপন্ন শর্করা উদ্ভিদদেহে কী রূপে সঞ্চিত থাকে?
(a) PGA (b) গ্লাইকোজেন (c) স্টার্চ (d) ফ্যাট

33. সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় এক অণু গ্লুকোজ উৎপাদনে জল প্রয়োজন হয়:
(a) 14 অণু (b) 8 অণু (c) 10 অণু (d) 12 অণু

34. শরীরে চর্মরোগ এবং অসাড়তা সৃষ্টি যে জলদূষণের জন্য হয় তাতে জলে উপস্থিত থাকে:
(a) বেশি আর্সেনিক (b) বেশি ক্যালশিয়াম (c) বেশি ম্যাগনেশিয়াম (d) বেশি লৌহ

35. অক্সিজেনের আণবিক ভর M এবং অ্যাভোগাড্রো সংখ্যা N হলে একটি অক্সিজেন পরমাণুর প্রকৃত ভর হল:
(a) $\frac{N}{2M}$ g (b) $\frac{2M}{N}$ g (c) $\frac{2N}{M}$ g (d) $\frac{M}{2N}$ g

36. নীচের কোনটির STP-তে জলে দ্রাব্যতা সর্বাধিক?
(a) $CO_2$ (b) $H_2S$ (c) $NH_3$ (d) $H_2$

37. নীচের কোনটি একটি অ্যালকাইন?
(a) $C_3H_6$ (b) $C_2H_4$ (c) $C_3H_8$ (d) $C_3H_4$

38. কোনটি ইলেকট্রনীয় পরিবাহী নয়?
(a) $CO(NH_2)_2$ (b) Hg (c) Cu (d) $CuSO_4$

39. কোন আয়নের জলীয় দ্রবণ ক্ষারীয়?
(a) $CH_3CHO$ (b) $Na^+$ (c) $NH^{4+}$ (d) $NO_3^-$

40. সবচেয়ে কম অণু আছে কোনটিতে?
(a) 1 মোল $CO_2$ (b) 5.6 লিটার $CO_2$ (c) 1 মোল জল (d) 1.5 মোল $N_2$

41. Cr পরমাণুর d উপকক্ষে উপস্থিত ইলেকট্রন সংখ্যা:
(a) 3 (b) 1 (c) 4 (d) 5

42. একটি অজৈব তড়িৎ অবিশ্লেষ্য পদার্থ হল:
(a) ইথানল (b) সিলিকা (c) NaCl (d) HCl

43. উল্লম্বগতির ক্ষেত্রে আরোহণকাল $T_1$ এবং অবরোহন কাল $T_2$ হলে:
(a) $T_1 < T_2$ (b) $T_1 \propto \frac{1}{T_2}$ (c) $T_1 = T_2$ (d) $T_1 > T_2$

44. গ্যাসের আয়তন গুণাঙ্কের মান:
(a) $-\frac{1}{273}$ °C (b) 273°C (c) –273°C (d) $\frac{1}{273}$ °C

45. বিভবপার্থক্য স্থির থাকলে বৈদ্যুতিক বাতির ক্ষমতা P ও ফিলামেন্টের রোধ R -এর সম্পর্ক হবে:
(a) $R \propto \frac{1}{P}$ (b) R = P (c) $R \propto P$ (d) $R = \frac{1}{P}$

46. ভেজা অবস্থায় মানুষের শরীরে রোধ কত?
(a) 10K Ω (b) 40 K Ω (c) 30 K Ω (d) 20 K Ω

47. কোন বর্ণের আলোর চ্যুতি সবচেয়ে কম?
(a) নীল (b) হলুদ (c) বেগুনি (d) লাল

48. পৃথিবী ও সূর্যের মধ্যে যে বল ক্রিয়া করে তা হল:
(a) অপকেন্দ্র বল (b) মহাকর্ষ বল (c) অভিকর্ষ বল (d) অভিকেন্দ্র বল

49. 147 gm ভরের একটি স্থিরাবস্থায় থাকা বস্তুর ওপরে 15 gm-wt বল প্রয়োগ করা হলে 2 sec পর বস্তুটির বেগ হবে:
(a) 1 $ms^{-1}$ (b) 2$ms^{-1}$ (c) 3$ms^{-1}$ (d) 5$ms^{-1}$

50. 100 kg কয়লা 100 m উচ্চতায় তুলতে কৃতকার্য:
(a) $10^4$J (b) 980 J (c) 9.8 J (d) $98 \times 10^3$ J

51. মুঘল যুগে গ্রামের আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্বে থাকতেন:
(a) কুয়াঙ্গো (b) পাটওয়ারি (c) মুকাদ্দম (d) কারকুন

52. কোন রাজা তাঁর মুদ্রায় সর্বপ্রথম বুদ্ধমূর্তি খচিত করেন?
(a) কণিষ্ক (b) বিম্বিসার (c) অজাতশত্রু (d) অশোক

53. কার প্রচেষ্টায় বৌদ্ধধর্ম বিশ্বব্যাপী ধর্মের পর্যায়ে উন্নীত হয়?
(a) অশোক (b) বিন্দুসার (c) কণিষ্ক (d) হর্ষবর্ধন

54. আর্যরা কোথা থেকে ভারতে এসেছিলেন?
(a) মধ্য এশিয়া (b) পূর্ব ইউরোপ (c) দক্ষিণ-পূর্ব এশিয়া (d) কোনওটাই নয়

55. সিন্ধুসভ্যতার সীলমোহরে কোন দেবতার মূর্তি খোদিত থাকত?
(a) পশুপতি (b) অগ্নি (c) ইন্দ্র (d) বরুণ

56. পুষ্যভূতি রাজাদের রাজধানী ছিল:
(a) পুরুষপুর (b) কর্ণসুবর্ণ (c) থানেশ্বর (d) পাটলিপুত্র

57. 'গৌড়বাহ' কাব্যগ্রন্থ কার রচনা?
(a) উমাপতি (b) যদুপতি (c) ধর্মপাল (d) বাকপতি

58. 'দীন-ই-ইলাহী' প্রথম কে গ্রহণ করেছিলেন?
(a) হিমু (b) আকবর (c) বীরবল (d) মানসিংহ

59. ভারতের নেপোলিয়ান কাকে বলা হয়?
(a) অশোক (b) হর্ষবর্ধন (c) সমুদ্রগুপ্ত (d) চন্দ্রগুপ্ত

60. নাসিক প্রশস্তিতে কার বিবরণ আছে?
(a) বিজয় সেন (b) সমুদ্রগুপ্ত (c) গৌতমীপুত্র সাতকর্ণী (d) অশোক

61. হরপ্পা সভ্যতার লোকেরা কোন দেশের সঙ্গে বাণিজ্য করত?
(a) সুমের (b) চিন (c) ইরান (d) রাশিয়া

62. 'পৃথ্বীরাজ রাসো' গ্রন্থের লেখক কে?
(a) জয়সিংহ (b) চন্দ্র বরদাই (c) অমর সিং (d) মির বক্সি

63. অশোক যে নতুন ধরনের কর্মচারী নিয়োগ করেছিলেন তাদের নাম ছিল:
(a) স্থানিক (b) রাজুক (c) গোপ (d) কোনওটাই নয়

64. শৈশুনাগ বংশের প্রতিষ্ঠাতা ছিলেন:
(a) কালাশোক (b) মহাপদ্মনন্দ (c) শিশুনাগ (d) ধননন্দ

65. হরপ্পা সভ্যতার কোন কেন্দ্রে ঘোড়ার হাড় পাওয়া গিয়েছিল?
(a) সুরকোটাডা (b) কালিবঙ্গান (c) লোথাল (d) মহেঞ্জোদাড়ো

66. তৃতীয় বৌদ্ধ সংগীতি কোথায় আয়োজিত হয়েছিল?
(a) পাটলিপুত্র (b) বৈশালী (c) কাশ্মীর (d) রাজগৃহ

67. 'মহামাল্য' উপাধি কার ছিল?
(a) প্রথম মহেন্দ্র বর্মণ (b) প্রথম নরসিংহ বর্মণ (c) সিংহ বিষ্ণু (d) দ্বিতীয় নরসিংহ বর্মণ

68. বাংলায় কৌলিন্য প্রথা প্রথম শুরু করেন:
(a) সামন্ত সেন (b) বল্লাল সেন (c) বিজয় সেন (d) নান্নুক

69. তৈমুরলঙ্গ কবে ভারত আক্রমণ করেন?
(a) 1398 (b) 1598 (c) 1300 (d) 1390

70. সাতবাহন বংশের প্রতিষ্ঠাতা কে?
(a) নান্নুক (b) সিমুক (c) গৌতমীপুত্র সাতকর্ণী (d) প্রথম সাতকর্ণী

71. ম্যাঙ্গালোরের সন্ধি হয়েছিল:
(a) 1776 (b) 1784 (c) 1786 (d) 1778

72. বিক্রমশীল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন:
(a) চন্দ্রগুপ্ত মৌর্য (b) দ্বিতীয় পুলকেশী (c) ধর্মপাল (d) কণিষ্ক

73. শেরশাহের প্রকৃত নাম ছিল:
(a) হিমু (b) ফরিদ খাঁ (c) ফৈজি (d) বাহাদুর

74. ভারতে ইঙ্গ-ফরাসি প্রতিদ্বন্দ্বিতার পরিসমাপ্তি ঘটে:
(a) 1763 (b) 1700 (c) 1770 (d) 1764

75. পুরন্দরের সন্ধি কবে স্বাক্ষরিত হয়েছিল?
(a) 1770 (b) 1776 (c) 1774 (d) 1775

76. ভারতে শালগাছের প্রাচুর্য কোথায় আছে?
(a) মালব মালভূমি (b) পশ্চিমঘাট পর্বত (c) গোদাবরী নদীর উত্তর-পূর্ব দিক (d) তাপ্তি আর নর্মদা নদীর মাঝে

77. ভারতের নীচের কোন রাজ্যে একমাত্র জাফরান উৎপন্ন হয়?
(a) মেঘালয় (b) অসম (c) হিমাচল প্রদেশ (d) জম্মু ও কাশ্মীর

78. নীচের কোন কেন্দ্রশাসিত অঞ্চলে প্রতি বর্গকিলোমিটারে জনঘনত্ব সর্বোচ্চ?
(a) লাক্ষাদ্বীপ (b) পুদুচেরি (c) দিল্লি (d) আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ

79. ভারতে বৃষ্টিপাতের জন্য দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু কত শতাংশ দায়ী?
(a) 100% (b) 86% (c) 50% (d) 22%

80. নারকোন্ডাম আগ্নেয় দ্বীপ কোথায় রয়েছে?
(a) আন্দামান (b) নিকোবর (c) গ্রিনল্যান্ড (d) হাওয়াই দ্বীপে

81. শ্রীনগর কোন নদীর তীরে অবস্থিত?
(a) চম্বল (b) তাপ্তী (c) ঝিলম (d) রেবতী

82. মার্মাগাঁও বন্দরটি ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) গোয়া (b) কর্নাটক (c) ওড়িশা (d) কেরল

83. সবচেয়ে কম পরিমাণে বনাঞ্চল দেখা যায়:
(a) মেঘালয় (b) অসম (c) রাজস্থান (d) হরিয়ানা

84. গুজরাটের আঙ্কেলেশ্বর কীজন্য বিখ্যাত?
(a) তেল উৎপাদনে (b) লৌহ-আকরিক উৎপাদনে (c) কয়লা উৎপাদনে (d) তামা উৎপাদনে

85. চিরহরিৎ বৃক্ষের বনভূমি দেখা যায়:
(a) পূর্বঘাট পর্বতে (b) পূর্ব হিমালয় অঞ্চলে (c) কর্নাটকে (d) মধ্যপ্রদেশে

86. নীলগিরি পর্বতের সর্বোচ্চ শৃঙ্গের নাম হল:
(a) অমরকন্টক (b) আনাইমুদি (c) ধূপগড় (d) দোদাবেতা

87. দাক্ষিণাত্য মালভূমির উত্তর-পশ্চিমাংশ যে শিলার দ্বারা গঠিত তাকে বলে:
(a) গ্রানাইট (b) আগ্নেয় (c) ব্যাসল্ট (d) পিউমিস

88. তামাক উৎপাদনে প্রথম স্থান অধিকার করেছে:
(a) অন্ধ্রপ্রদেশ (b) উত্তরপ্রদেশ (c) মধ্যপ্রদেশ (d) গুজরাট

89. খারিফ শস্য বোনা হয়:
(a) মার্চ-এপ্রিল (b) জুন-জুলাই (c) জানুয়ারি-ফেব্রুয়ারি (d) সেপ্টেম্বর-অক্টোবর

90. চুখা জলবিদ্যুৎ কেন্দ্র রয়েছে:
(a) বাংলাদেশ (b) নেপাল (c) ভুটান (d) জাপান

91. পৃথিবীর বৃহত্তম মালভূমি নীচের কোনটি?
(a) তিব্বত মালভূমি (b) পামির মালভূমি (c) লরেন্সীয় মালভূমি (d) দাক্ষিণাত্য মালভূমি

92. কোন মেঘ থেকে প্রচুর বৃষ্টিপাত হয়?
(a) সিরোকিউমুলাস (b) অল্টোস্ট্র্যাটাস (c) স্ট্র্যাটাস (d) নিম্বাস

93. রোজউড বৃক্ষটি কোন বনভূমির অন্তর্গত?
(a) চিরহরিৎ (b) পর্ণমোচী (c) মরুজাতীয় (d) ম্যানগ্রোভ

94. নীচের কোনটি আলাদা?
(a) গম (b) ধান (c) ভুট্টা (d) কলা

95. নীচের কোনটি রবি ফসল?
(a) সরষে (b) কার্পাস (c) কফি (d) জাম

96. ভারতের সর্বাপেক্ষা পরিচ্ছন্ন শহর হল:
(a) পুনা (b) সুরাট (c) চন্ডিগড় (d) কলকাতা

97. রাবার কোথায় বেশি পাওয়া যায়?
(a) রাজস্থান (b) অন্ধ্রপ্রদেশ (c) কর্নাটিক (d) উত্তরপ্রদেশ

এরপর উনিশের পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার উত্তর-সহ ২ সেট নমুনা প্রশ্ন

*আঠারোর পাতার পর*

98. জো জি লা গিরিপথ কাদের মধ্যে সংযোগ স্থাপন করেছে?
(a) শ্রীনগর ও কাশ্মীর (b) শ্রীনগর ও কার্গিল (c) লেহ ও মানালি (d) লেহ ও শ্রীনগর
99. চেনাব কোন নদীর উপনদী?
(a) সিন্ধু (b) তিস্তা (c) ব্রহ্মপুত্র (d) মহানদী
100. নীচের কোন স্থানে বেশি পরিমাণে কাজুবাদাম পাওয়া যায়?
(a) গুজরাট (b) উত্তরপ্রদেশ (c) কেরল (d) রাজস্থান
101. 1887 সালে ভার্নাকুলার প্রেস অ্যাক্ট কে প্রত্যাহার করে নেন?
(a) লর্ড লিটন (b) লর্ড রিপন (c) লর্ড কার্জন (d) লর্ড মিন্টো
102. ভারত ও পাকিস্তান নামক দু'টি স্বতন্ত্র রাষ্ট্রের উৎপত্তি হয়:
(a) 1946, 2 সেপ্টেম্বর (b) 5 জুন, 1947 (c) 15 অগস্ট, 1947 (d) 19 মার্চ, 1947
103. 'Hindu Way of Life' গ্রন্থের রচয়িতা কে?
(a) অরবিন্দ ঘোষ (b) মৌলানা আবুল কালাম (c) জওহরলাল নেহরু (d) ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণান
104. মর্লে মিন্টো সংস্কার আইন প্রবর্তন করা হয়:
(a) 1905 (b) 1909 (c) 1902 (d) 1911
105. বয়কট আন্দোলনের আহ্বান প্রথম কে জানান?
(a) বিপিনচন্দ্র পাল (b) প্যারীচাঁদ মিত্র (c) কৃষ্ণকুমার মিত্র (d) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
106. জাতীয় শিক্ষা পরিষদ কার নেতৃত্বে গঠিত হয়েছিল?
(a) সতীশচন্দ্র মুখোপাধ্যায় (b) অরবিন্দ ঘোষ (c) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (d) বিপিনচন্দ্র পাল
107. লাহোর ষড়যন্ত্র মামলা শুরু হয়:
(a) 1907 (b) 1914 (c) 1915 (d) 1904
108. সুভাষচন্দ্র বসু 'আজাদ হিন্দ ফৌজ' কোথায় গঠন করেন?
(a) ইংল্যান্ডে (b) রাশিয়ায় (c) জার্মানিতে (d) জাপানে
109. বারদৌলি সত্যাগ্রহ কার নেতৃত্বে পরিচালিত হয়?
(a) চক্রবর্তী রাজাগোপালাচারি (b) বিনোবা ভাবে (c) মোতিলাল নেহরু (d) বল্লভভাই প্যাটেল
110. প্রথম বিশ্ববিদ্যালয় আইন প্রবর্তিত হয়:
(a) 1858 (b) 1850 (c) 1857 (d) 1875
111. 'নিউ ইন্ডিয়া' পত্রিকার সম্পাদক ছিলেন:
(a) বিপিনচন্দ্র পাল (b) অরবিন্দ ঘোষ (c) কৃষ্ণকুমার মিত্র (d) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
112. কে ভারতে প্রথম বানিজ্য ও শিল্প বিভাগ স্থাপন করেন?
(a) লর্ড বেন্টিঙ্ক (b) লর্ড ডাফরিন (c) লর্ড ওয়েলেসলি (d) লর্ড কার্জন
113. রাওলাট আইন পাশ হয়েছিল:
(a) 1919 (b) 1922 (c) 1918 (d) 1920
114. 1922 সালে কার নেতৃত্বে তুরস্কে নতুন সরকার গঠিত হয়?
(a) মোতিলাল নেহরু (b) গান্ধীজি (c) মুস্তাফা কামাল আতাতুর্ক (d) মুজফ্ফর আহমেদ
115. রানি ভিক্টোরিয়া ভারতের সম্রাজ্ঞী হন:
(a) 1885 (b) 1858 (c) 1876 (d) 1877
116. উনবিংশ শতাব্দীতে কার প্রচেষ্টায় হিন্দুত্ববাদের পুনরুত্থান ঘটে?
(a) গুরু শঙ্করাচার্য (b) রাজা রামমোহন রায় (c) স্বামী বিবেকানন্দ (d) স্বামী দয়ানন্দ
117. 'বন্দেমাতরম' সংগীতটি প্রথম কোথায় প্রকাশিত হয়?
(a) আনন্দমঠ উপন্যাস (b) গীতাঞ্জলি কাব্যগ্রন্থ (c) হরিজন পত্রিকা (d) কেশরী পত্রিকা
118. কবে চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন করা হয়েছিল?
(a) 18 এপ্রিল, 1930 (b) 2 এপ্রিল, 1920 (c) 5 মার্চ, 1928 (d) 10 এপ্রিল, 1930
119. কোন শহরে জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড সংঘটিত হয়েছিল?
(a) লাহোরে (b) অমৃতসরে (c) হায়দ্রাবাদে (d) বোম্বে
120. 'জয় জওয়ান জয় কিষাণ'— কে বলেছিলেন?
(a) লালবাহাদুর শাস্ত্রী (b) মহাত্মা গান্ধী (c) সর্দার বল্লভভাই প্যাটেল (d) জওহরলাল নেহরু
121. ভারতে সর্বপ্রথম গোপন বিপ্লবী সংঘ গঠন করেন:
(a) বাদল গুপ্ত (b) সুভাষচন্দ্র বসু (c) দীনেশ গুপ্ত (d) বাসুদেব বলবন্ত ফাড়কে
122. অভিনব ভারত নামে বিপ্লবী সমিতি গঠিত হয়:
(a) 1904 (b) 1901 (c) 1902 (d) 1903
123. 'অমৃতবাজার' পত্রিকার সম্পাদক ছিলেন?
(a) শিবনাথ শাস্ত্রী (b) হরিশচন্দ্র মুখোপাধ্যায় (c) শিশিরকুমার ঘোষ (d) দীনবন্ধু মিত্র
124. কোন সময়কে 'বিপ্লবীদের যুগ' আখ্যা দেওয়া হয়?
(a) 1857-1890 (b) 1917-1932 (c) 1934-1942 (d) 1900-1913
125. আইন অমান্য আন্দোলন করে শুরু হয়েছিল:
(a) 1932 (b) 1931 (c) 1934 (d) 1930
126. ইম্পিরিয়াল ব্যাঙ্ক স্থাপিত হয়েছিল:
(a) 1921 (b) 1930 (c) 1935 (d) 1955
127. লোকসভার সর্বাধিক আসন সংরক্ষিত কোন রাজ্যে?
(a) উত্তরপ্রদেশ (b) গুজরাট (c) মহারাষ্ট্র (d) মধ্যপ্রদেশ
128. সংবিধানের 14 নম্বর ধারায় নীচের কোন বিষয় নিয়ে বলা হয়েছে?
(a) সাংস্কৃতিক ও শিক্ষাগত অধিকার (b) সাম্যের অধিকার (c) ধর্মের অধিকার (d) কোনওটাই নয়
129. নীচের কোন সংবিধান সংশোধনী দ্বারা শিক্ষার অধিকার একটি মৌলিক অধিকারে পরিণত হয়েছে?
(a) 56তম সংশোধনী (b) 76তম সংশোধনী (c) 42তম সংশোধনী (d) 86তম সংশোধনী
130. লোকসভার সদস্য হতে গেলে ন্যূনতম বয়স কত হতে হবে?
(a) 35 বছর (b) 18 বছর (c) 25 বছর (d) 40 বছর
131. 'Man is born free and everywhere he is chained'-কে বলেছিলেন?
(a) মার্কস (b) রুশো (c) লক্ (d) অ্যারিস্টটল
132. ভারতীয় সংবিধানের 280 ধারা নীচের কোন বিষয়-সংক্রান্ত?
(a) অর্থ কমিশন গঠন (b) জম্মু ও কাশ্মীরের বিশেষ অবস্থান (c) কেন্দ্র-রাজ্য সম্পর্ক (d) জরুরিকালীন অবস্থা ঘোষণা
133. নর্থ-ইস্টার্ন রেলওয়ের সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) হুবলি (b) গোরক্ষপুর (c) হাজিপুর (d) এলাহাবাদ
134. নীচের কোনটি একটি লেখ নয়?
(a) হেবিয়াস করপাস (b) কিউ ওয়ারেন্টো (c) রিপ্রিম্যান্ড (d) প্রহিবিশন
135. ভারতীয় সংবিধানের কোন ধারা অনুযায়ী দেবনাগরী হিন্দি হল ভারতের সরকারি ভাষা?
(a) 154 ধারা (b) 343 ধারা (c) 348 ধারা (d) 156 ধারা
136. নীচের কোন ভারতীয় রাষ্ট্রপতি ট্রেড ইউনিয়ন আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) কে আর নারায়ণ (b) ভি ভি গিরি (c) জাকির হুসেন (d) এন সঞ্জিবা রেড্ডি
137. ভারতীয় সংবিধানের কোন তফশিল পঞ্চায়েতরাজ ব্যবস্থার সঙ্গে যুক্ত?
(a) দশম তফশিল (b) দ্বিতীয় তফশিল (c) অষ্টম তফশিল (d) একাদশ তফশিল
138. রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা কত সালে চালু হয়েছিল?
(a) 2007 (b) 2003 (c) 2004 (d) 2006
139. কর্পোরেশন ট্যাক্স নিয়োগ করেন:
(a) রাজ্য সরকার (b) কেন্দ্রীয় সরকার (c) স্থানীয় সরকার (d) a ও b উভয়ই
140. নীচের কোনটির সঙ্গে CENVAT যুক্ত?
(a) কাস্টমস ডিউটি (b) সেলস ট্যাক্স (c) এক্সাইজ ডিউটি (d) সার্ভিস ট্যাক্স
141. 'সংবিধানের মূল গঠন' বিষয়ক সুপ্রিম কোর্ট কেস কোনটি?
(a) মিনার্ভা মিলস কেস (b) শঙ্করী প্রসাদ কেস (c) গোলক নাথ কেস (d) কেশব নন্দ ভারতী কেস
142. ব্রিটিশ সরকারের কোন আইন অনুসারে ভারতীয় কার্যকলাপে ব্রিটিশরা সরাসরি নিয়ন্ত্রণ করতে পারে?
(a) চার্টার অ্যাক্ট, 1833 (b) চার্টার অ্যাক্ট, 1858 (c) পিটের ভারতশাসন আইন, 1784 (d) রেগুলেটিং অ্যাক্ট, 1773
143. 'গরিবি হটাও' স্লোগানটি কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নেওয়া হয়েছিল?
(a) পঞ্চম (b) ষষ্ঠ (c) সপ্তম (d) চতুর্থ
144. কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নাবার্ড স্থাপিত হয়েছিল?
(a) নবম (b) সপ্তম (c) পঞ্চম (d) ষষ্ঠ
145. 'কটনে যথার্থতার সঙ্গে উৎপাদনে সাম্যতা'—এটি কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনার মূল উদ্দেশ্য ছিল?
(a) একাদশতম (b) সপ্তম (c) নবম (d) অষ্টম
146. মৌলিক অধিকারের খসড়া তৈরির সাব-কমিটির চেয়ারম্যান ছিলেন:
(a) রাজেন্দ্র প্রসাদ (b) বি আর আম্বেদকর (c) জে বি কৃপালিনী (d) গোপীনাথ বরদোলাই
147. ভারতের শিল্পক্ষেত্রে দীর্ঘমেয়াদি মূলধন প্রধানত আসে:
(a) মূলধন বাজার (b) রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া (c) নাবার্ড (d) আই ডি বি আই
148. 'দি কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোগ্রাম' চালু হয়েছিল:
(a) 1950 (b) 1952 (c) 1951 (d) 1953
149. লোকসভার পাবলিক অ্যাকাউন্টস কমিটির সদস্য সংখ্যা কত?
(a) 10 (b) 7 (c) 9 (d) 15
150. ভারতীয় নাগরিকদের ভোটদানের বয়স 21 থেকে 18 করা হয়েছে কোন সংশোধনী দ্বারা?
(a) 61তম (b) 60তম (c) 59তম (d) 63তম
151. এক বিক্রেতা ধার্যমূল্যের ওপর 10% ছাড় দিয়েও 20% লাভ করে। যদি দ্রব্যটির ধার্যমূল্য 800 টাকা হয় তাহলে দ্রব্যটির ক্রয়মূল্য কত?
(a) 600 টাকা (b) 900 টাকা (c) 800 টাকা (d) 700 টাকা
152. যদি একজন ফল বিক্রেতা 10 টাকায় 11টা আপেল কিনে 11 টাকায় 10টা বিক্রি করে তাহলে তার শতকরা কত লাভ বা ক্ষতি হবে?
(a) 21% লাভ (b) 20% ক্ষতি (c) 19% লাভ (d) 15% ক্ষতি
153. একজন ছাত্র পরীক্ষায় 40% নম্বর পেলে পাশ করে। যদি সে 40 নম্বর পায় এবং 40 নম্বরের জন্য ফেল করে তাহলে পরীক্ষায় সর্বাধিক নম্বর কত ছিল?
(a) 160 (b) 200 (c) 250 (d) 400
154. দু'টি পাত্রে 30% ও 20% দুধ আছে। ওই পাত্রদ্বয় থেকে 10 ও 20 অংশ দুধ নিয়ে তৃতীয় একটি পাত্রে ঢাললে তৃতীয় পাত্রে দুধের হার:
(a) 23% (b) $23\frac{1}{3}$ % (c) 25% (d) $24\frac{1}{3}$ %
155. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4। ওদের গ.সা.গু. ও ল.সা.গু-র গুণফল 10800। সংখ্যাদু'টির সমষ্টি কত?
(a) 200 (b) 250 (c) 210 (d) 150
156. একটি ত্রুটিপূর্ণ স্কেলে 99 সেমিকে 1 মিটার দেখায়। যদি সঠিক মাপ 90 মিটার হয় তবে ত্রুটিপূর্ণ স্কেলে কত দেখাবে?
(a) 90 মিটার (b) $90\frac{100}{99}$ মিটার (c) $99\frac{100}{98}$ মিটার (d) $95\frac{100}{98}$ মিটার
157. $(6)^{10} \times (7)^{17} \times (11)^{27}$-এর মৌলিক উৎপাদক সংখ্যা কত?
(a) 64 (b) 60 (c) 66 (d) 62
158. 1 থেকে 360 পর্যন্ত অযুগ্ম সংখ্যার যোগফল কত?
(a) 32000 (b) 32400 (c) 35000 (d) 36000
159. $\left(2-\frac{1}{3}\right)\left(2-\frac{3}{5}\right)\left(2-\frac{5}{7}\right)...\left(2-\frac{997}{999}\right) = ?$
(a) $13\frac{1}{333}$ (b) $5\frac{1}{333}$ (c) $3\frac{1}{333}$ (d) $3\frac{2}{333}$
160. দু'টি সংখ্যার যোগফল 148 এবং পার্থক্য 10 হলে, সংখ্যাদু'টির গুণফল কত?
(a) 24 (b) 12 (c) 20 (d) 14
161. গান্ধী স্কোয়ার থেকে যাত্রা শুরু করে মিসেস দাস পশ্চিমে 6 কিলোমিটার গেল এবং ডানদিকে ঘুরে 4 কিলোমিটার গেল। তারপর আবার ডানদিকে ঘুরে 6 কিলোমিটার গেল। সে এখন শুরুর স্থান থেকে কত দূরে?
(a) 4 কিমি (b) 8 কিমি (c) 6 কিমি (d) 16 কিমি
162. নীচের সারিতে কতগুলি 7 আছে যাদের আগে 9 আছে ও পরে 6 আছে?
7 8 9 7 6 5 3 4 2 8 9 7 2 4 5 9 2 9 7 6 4 7
(a) 5 (b) 4 (c) 3 (d) 2
163. একটি সারিতে কিছু মেয়ে উত্তরদিকে মুখ করে বসে আছে। ডানদিক থেকে পিঙ্কি 21তম এবং রিঙ্কি হল পিঙ্কির বাঁদিকে 10তম। মিঙ্কি বাঁদিক থেকে 17তম এবং রিঙ্কির ডানদিকে চতুর্থ। সারিটিতে কতজন মেয়ে আছে?
(a) 43 (b) 37 (c) 44 (d) 45
164. P, Q, R, S, T এবং U-এর মধ্যে P হল R এবং S-এর চেয়ে বেশি লম্বা; কিন্তু T এবং U -এর থেকে কম লম্বা এবং R, S, T, U-এর চেয়ে Q লম্বা কিন্তু P -এর সমান লম্বা নয়। কে সবচেয়ে বেশি লম্বা?
(a) P (b) U (c) T (d) R

**নির্দেশ (165 to 168):** *একই সম্পর্কযুক্ত শব্দ/অক্ষর/সংখ্যা খুঁজে বের করুন।*
165. Sport : Logo : : Nation : ?
(a) Anthem (b) Emblem (c) Anthem (d) Ruler
166. Fire : Ashes : : Explosion : ?
(a) Explosive (b) Flame (c) Debris (d) Sound
167. 32 : 13 : : 27 : ?
(a) 40 (b) 43 (c) 28 (d) 53
168. FJUL : BOQQ : : LHRX : ?
(a) HRYY (b) BKPR (c) HMNC (d) MNCC

**নির্দেশ (169 to 172):** *অমিল বিকল্পটি খুঁজে বের করুন।*
169. (a) 120 (b) 380 (c) 168 (d) 288
170. (a) HJ (b) BE (c) PR (d) NP
171. Seasame (b) Corn (c) Onion (d) Mustard
172. (a) WVYT (b) FEJC (c) PORM (d) KJMH

**নির্দেশ (173 to 176):** *উপযুক্ত বিকল্প বসিয়ে শ্রেণিসারিগুলি সম্পূর্ণ করুন।*
173. Z, W, T, Q, _?_ .
(a) N (b) C (c) B (d) M
174. 6, 11, 21, 36, 56, _?_ .
(a) 51 (b) 91 (c) 81 (d) 42
175. 4, 7, 12, 19, 28, _?_ .
(a) 49 (b) 30 (c) 39 (d) 36
176. a ___ c ___ b _____ ab ____a ___ ca ___ c
(a) baccbb (b) abaccb (c) accbab (d) accbab
177. 16 12 → 14; 21 9 → 15; 10 ? → 16
(a) 22 (b) 32 (c) 21 (d) 12
178. সঠিক ক্রমানুযায়ী সাজিয়ে সঠিক বিকল্প খুঁজে বের করুন।
1. Rainbow 2. Rain 3. Sun 4. Happy 5. Child
(a) 4, 5, 1, 2, 3 (b) 2, 1, 4, 3, 5 (c) 2, 3, 1, 5 4 (d) 4, 2, 3, 5, 1
179. নীচের কোনটি আপেল, আম ও কমলালেবুর মধ্যে সম্পর্ক বোঝাচ্ছে?



(a) (b) (c) (d)
180. নীচের কোন চিহ্নটি '×' চিহ্নের ঠিক উল্টোদিকে আসবে?




(a) ○ (b) Δ (c) = (d) ÷
181. নীচের কোন স্থানে সংস্কৃতি কুম্ভমেলা সম্প্রতি শুরু হয়েছে?
(a) নাসিক (b) হরিদ্বার (c) প্রয়াগরাজ (d) উজ্জয়িনী
182. সম্প্রতি গ্লোবাল স্কিল সামিট 2019 কোথায় আয়োজিত হয়েছে?
(a) রাঁচি (b) ভোপাল (c) লখনউ (d) বেঙ্গালুরু
183. সম্প্রতি প্রয়াত হয়েছেন সব্যসাচী ভট্টাচার্য। তিনি ছিলেন:
(a) অভিনেতা (b) চলচ্চিত্র পরিচালক (c) ঐতিহাসিক (d) বৈজ্ঞানিক
184. নীচের কে সম্প্রতি ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ডের মুখ্য অর্থনীতিবিদ হিসেবে যোগদান করেছেন?
(a) গীতা গোপীনাথ (b) জয়ন্তী ঘোষ (c) অরুন্ধতী ভট্টাচার্য (d) ইন্দিরা নোয়ী
185. গোল্ডেন গ্লোব অ্যাওয়ার্ড 2019-এ শ্রেষ্ঠ বিদেশি ভাষার চলচ্চিত্রের সম্মান পেল কোন ছবি?
(a) রোমা (b) নেভার লুক অ্যাওয়ে (c) গার্ল (d) শপ লিফটারস
186. বিশ্ব ব্রেইলি দিবস কোনদিন পালিত হয়?
(a) 4 জানুয়ারি (b) 1 জানুয়ারি (c) 3 জানুয়ারি (d) 2 জানুয়ারি
187. ডোলাইথাবি ব্যারেজ প্রকল্প কোন রাজ্যে উদ্বোধন হয়েছে?
(a) সিকিম (b) মণিপুর (c) নাগাল্যান্ড (d) অরুণাচল প্রদেশ
188. নীচের কোন মন্ত্রক 'Web Wonder Woman' প্রচার চালু করেছে?
(a) ইউনিয়ন হোম মিনিস্ট্রি (b) ইউনিয়ন মিনিস্ট্রি অব উইমেন অ্যান্ড চাইল্ড ডেভেলপমেন্ট (c) মিনিস্ট্রি অব এক্সটারনাল অ্যাফেয়ার্স (d) সবক'টি
189. সম্প্রতি ভারতে এসেছিলেন এরনা সোলবার্গ। তিনি কোন দেশের প্রধানমন্ত্রী?
(a) সুইৎজারল্যান্ড (b) আইসল্যান্ড (c) সুইডেন (d) নরওয়ে
190. নীচের কোন স্থানে একটি নতুন ভারতীয় নৌবাহিনী এয়ারবেস তৈরি হয়েছে?
(a) পোর্ট ব্লেয়ার (b) কাভারাত্তি (c) কন্যাকুমারী (d) কোচি
191. সম্প্রতি কোন রাজ্যের কোচ-রাজবংশী গোষ্ঠী তফসিলি উপজাতির তকমা পেয়েছে?
(a) পশ্চিমবঙ্গ (b) অসম (c) মিজোরাম (d) অরুণাচল প্রদেশ
192. নীচের কোন স্থানে খেলো ইন্ডিয়া ইউথ গেমস-এর আনুষ্ঠানিক উদ্বোধন সম্প্রতি হয়েছে?
(a) নয়াদিল্লি (b) পুরী (c) রাঁচি (d) পুনে

*এরপর কুড়ির পাতায়*

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি
## পরীক্ষার উত্তর-সহ ২ সেট নমুনা প্রশ্ন

*উনিশের পাতার পর*

193. নীচের কোনটির সঙ্গে '5 minutes aur' প্রচার জড়িত?
(a) নিউ ইন্ডিয়া (b) পরীক্ষা পর চর্চা (c) ক্লিন ইন্ডিয়া মিশন (d) খেলো ইন্ডিয়া গেমস
194. নীচের কোন স্থানে দ্বিতীয় বিশ্ব কমলালেবু উৎসব 2019 আয়োজিত হয়েছিল?
(a) মান্ডি (b) নাসিক (c) পুনে (d) নাগপুর
195. নীচের কোনটি চাঁদে জন্মানো প্রথম উদ্ভিদ?
(a) ক্যানোলা (b) আলু (c) তুলো (d) আরাবিডোপসিস
196. আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের চিফ এক্সিকিউটিভ অফিসার নিযুক্ত হয়েছেন:
(a) অ্যালেন উইলকিন্স (b) সনৎ জয়সূর্য (c) জেভ রিচার্ডসন (d) মাইকেল হোল্ডিং
197. গান্ধী শান্তি পুরস্কারের পুরস্কার মূল্য কত?
(a) 2 কোটি (b) 1 কোটি (c) 50 লাখ (d) 20 লাখ
198. খনিতে নিরাপত্তার ব্যাপারে সম্প্রতি ভারত কোন দেশের সঙ্গে মউ-চুক্তি স্বাক্ষর করেছে?
(a) আমেরিকা (b) দক্ষিণ আফ্রিকা (c) অস্ট্রেলিয়া (d) জার্মানি
199. সম্প্রতি কোথায় গ্লোবাল অ্যাভিয়েশন সামিট উদ্বোধন হল:
(a) বেঙ্গালুরু (b) মুম্বই (c) নয়াদিল্লি (d) চেন্নাই
200. প্রিমিয়ার ব্যাডমিন্টন লিগ 2019-এর বিজেতা হলেন:
(a) চেন্নাই স্ম্যাশার (b) ব্যাঙ্গালোর র‍্যাপ্টরস (c) মুম্বই রকেটস (d) হায়দ্রাবাদ হান্টারস

### উত্তর

1(d), 2(d), 3(b), 4(a), 5(c), 6(a), 7(c), 8(c), 9(a), 10(c), 11(a), 12(c), 13(d), 14(a), 15(d), 16(c), 17(b), 18(a), 19(c), 20(a), 21(a), 22(c), 23(c), 24(b), 25(b), 26(c), 27(a), 28(c), 29(a), 30(a), 31(b), 32(c), 33(d), 34(a), 35(b), 36(c), 37(d), 38(d), 39(a), 40(b), 41(d), 42(a), 43(c), 44(d), 45(a), 46(a), 47(d), 48(b), 49(b), 50(d), 51(c), 52(a), 53(a), 54(c), 55(a), 56(c), 57(d), 58(c), 59(c), 60(c), 61(a), 62(b), 63(b), 64(c), 65(a), 66(a), 67(b), 68(b), 69(a), 70(b), 71(b), 72(c), 73(b), 74(a), 75(b), 76(a), 77(d), 78(c), 79(b), 80(a), 81(c), 82(a), 83(d), 84(a), 85(b), 86(d), 87(c), 88(a), 89(b), 90(c), 91(a), 92(d), 93(a), 94(d), 95(a), 96(c), 97(c), 98(d), 99(a), 100(c), 101(b), 102(c), 103(d), 104(b), 105(c), 106(a), 107(c), 108(c), 109(d), 110(c), 111(a), 112(d), 113(a), 114(c), 115(d), 116(c), 117(a), 118(a), 119(b), 120(a), 121(d), 122(a), 123(c), 124(d), 125(a), 126(b), 127(a), 128(d), 129(d), 130(c), 131(d), 132(a), 133(b), 134(d), 135(b), 136(b), 137(d), 138(a), 139(d), 140(b), 141(d), 142(c), 143(a), 144(d), 145(c), 146(c), 147(a), 148(b), 149(d), 150(a), 151(a), 152(a), 153(b), 154(b), 155(c), 156(b), 157(a), 158(b), 159(d), 160(a), 161(a), 162(d), 163(a), 164(a), 165(b), 166(c), 167(d), 168(c), 169(b), 170(b), 171(c), 172(b), 173(a), 174(c), 175(c), 176(a), 177(a), 178(c), 179(b), 180(a), 181(c), 182(a), 183(c), 184(a), 185(a), 186(a), 187(b), 188(b), 189(d), 190(a), 191(b), 192(d), 193(d), 194(d), 195(c), 196(c), 197(b), 198(c), 199(b), 200(b).

### সমাধান

151(a): দ্রব্যটির ধার্যমূল্য = 800 টাকা
10% ছাড় দিলে বিক্রয়মূল্যে ছাড় হয় = $800 \times \frac{10}{100}$ টাকা = 80 টাকা
∴ বিক্রয়মূল্য হয় = (800 – 80) টাকা = 720 টাকা
এরপরও 20% লাভ করে
120 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য 100 টাকা
1 টাকা বিক্রয়মূল্য হলে $\frac{100}{120}$ টাকা
720 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য $\frac{100 \times 720}{120} = 600$ টাকা।
152(c): শতকরা লাভ বা ক্ষতি = $\frac{11 \times 11 - 10 \times 10}{10 \times 10} \times 100 = 121 - 100$
= 21%
∴ তার 21% লাভ হয় [যেহেতু 21 ধনাত্মক সংখ্যা তাই লাভ হয়]
153(b): পরীক্ষায় মোট নম্বর ছিল = $\frac{100(40+40)}{40} = \frac{100 \times 80}{40} = 200$.
154(b): দুধের পরিমাণ = $\frac{30 \times 10 + 20 \times 20}{10 + 20} = \frac{300 + 400}{30} = \frac{700}{30}$
$= 23\frac{1}{3}$ %.
155(c): ধরি, সংখ্যাদু'টি হল 3x ও 4x
এদের গ.সা.গু. = x ল.সা.গু. = 12x
গ.সা.গু. × ল.সা.গু. = $x \times 12x = 12x^2$
প্রশ্নানুসারে, $12x^2 = 10800$
বা, $x^2 = \frac{10800}{12}$, $x^2 = 900$ ∴ x = 30
সংখ্যাদু'টি হল = 3x = 3 × 30 = 90 এবং 4x = 4 × 30 = 120
∴ এদের সমষ্টি = (120 + 90) = 210.
156(b): 99 সেমি = 0.99 মিটার
90 মিটারকে দেখাবে = $\frac{1}{0.99} \times 90 = 90\frac{100}{99}$ মিটার।
157(a): $(6)^{10} \times (7)^{17} \times (11)^{27}$
$= (3)^{10} \times (2)^{10} \times (7)^{17} \times (11)^{27}$
∴ নির্ণেয় মৌলিক উৎপাদক = 10 + 10 + 17 + 27 = 64.
158(b): 1 থেকে 360 পর্যন্ত অযুগ্ম সংখ্যার যোগফল = $\left(\frac{360}{2}\right)^2 = (180)^2$
= 32400.
159(d): $\left(2-\frac{1}{3}\right)\left(2-\frac{3}{5}\right)\left(2-\frac{5}{7}\right)\ldots\left(2-\frac{997}{999}\right)$
$= \frac{5}{3} \times \frac{7}{5} \times \frac{9}{7} \times \ldots \times \frac{1001}{999} = \frac{1001}{333} = 3\frac{2}{333}$.
160(a): সংখ্যাদু'টি হল = $\frac{14+10}{2}$ এবং $\frac{14-10}{2} = \frac{24}{2}$ এবং $\frac{4}{2}$ = 12 এবং 2
∴ গুণফল = 12 × 2 = 24.
161(a):




সে এখন শুরুর স্থান থেকে 4 কিলোমিটার দূরে।
163(a): সারিটিতে মোট ছাত্রসংখ্যা = 12 + 1 + 3 + 1 + 5 + 1 + 20 = 43.
167(d): 32 ⇒ $3^2 + 2^2 = 9 + 4 = 13$
একইভাবে, 27 ⇒ $2^2 + 7^2 = 4 + 49 = 53$
168(c):

| | F | J | U | L |
|---|---|---|---|---|
| | ↓–4 | ↓+5 | ↓–4 | ↓+5 |
| | B | O | Q | Q |
| একইভাবে, | L | H | R | X |
| | ↓–4 | ↓+5 | ↓–4 | ↓+5 |
| | H | M | N | C |

169(b): 380 ছাড়া সবক'টি সংখ্যাই একটি সংখ্যার পূর্ণবর্গের চেয়ে 1 কম
$(11)^2 = 121 - 1 = 120$, $(13)^2 = 169 - 1 = 168$
এবং $(17)^2 = 289 - 1 = 288$.
170(b): $H \xrightarrow{+2} J$; $P \xrightarrow{+2} R$; $N \xrightarrow{+2} P$ কিন্তু $B \xrightarrow{+3} E$
172(b): W V Y T (W → Y: +2, V → T: –2); P O R M (P → R: + 2, O → M: – 2)
K J M H (K → M: + 2, J → H: – 2) কিন্তু F E J C (F → J: + 4, E → C: – 2)
173(a): $Z \xrightarrow{-3} W \xrightarrow{-3} T \xrightarrow{-3} Q \xrightarrow{-3} N$
174(c): 6 11 21 36 56 81 (+5 +10 +15 +20 + 25)
175(c): 4 7 12 19 28 39 (+ 3 + 5 + 7 + 9 + 11)
176(a): a _b_ c/ _a_ b _c_ /ab _c_ /a _b_ c/a _b_ c.
177(a): $\frac{16+12}{2} = 14$; $\frac{21+9}{2} = 15$
একইভাবে, $\frac{10+?}{2} = 16 \Rightarrow 10 + ? = 32, ? = 32 - 10 = 22$.

### দ্বিতীয় সেট

*Use suitable auxiliary verb to fill in the blank space.*
1. Mother says, you ____ to go to the market at once.
(a) have (b) are (c) shall (d) will
*Select the correct meaning of the idiom underlined below.*
2. He is a dark horse.
(a) silent (b) secretive (c) dangerous (d) possessing a secret ability
*Fill in the blank with the correct phrasal verb from the options provided below.*
3. They decided to _____ his number in the yellow page.
(a) look into (b) look at (c) look up (d) look on
*Select the correct synonym of the following word from the alternatives provided.*
4. Lucid
(a) opaque (b) solid (c) clear (d) hazy
*Select the correct meaning of the underlined Idiom from the alternatives provided.*
5. I gave him a piece of my mind.
(a) expressed love (b) expressed anguish (c) fell in love (d) trusted him
*Select the correct meaning of the underlined Idiom from the alternatives provided.*
6. He has the gift of the gab.
(a) a talent of speaking (b) a good voice (c) a logical bent of mind (d) talking nonsense
*Fill in the blank.*
7. The last ___ will be performed by members of the family only.
(a) wright (b) right (c) rite (d) write
*Complete the sentence by choosing the correct meaning from the options provided.*
8. A person of outgoing nature is known as a/an
(a) stoic (b) extrovert (c) megalomaniac (d) philanthropist
*Select the correct meaning of the underlined idiom from the alternatives provided.*
9. She is a little under the weather today.
(a) feeling unwell (b) in sync with the weather (c) feeling excited (d) feeling sad
*Complete the sentence by choosing the correct meaning from the options provided.*
10. A person suffering from an uncontrollable desire to steal is known as a/an
(a) kleptomaniac (b) necromaniac (c) necrophobic (d) introvert
*Select the correct synonym of the following word from the alternatives provided.*
11. Inadvertent
(a) Adversity (b) Intentional (c) Unintentional (d) Advanced
*Choose the correct meaning of the word from the alternatives given below.*
12. Incognito
(a) Candid (b) Impromptu (c) Opposed (d) Disguised
*Select the correct synonym of the following word from the alternatives provided.*
13. Embezzle
(a) Steal (b) Steel (c) Honesty (d) Dazzle
*Fill in the blank*
14. He would always _____ the police.
(a) elude (b) illude (c) allude (d) delude
*Insert the correct phrasal verb from the options provided to make the sentence meaningful.*
15. I will ____ to my job until May.
(a) hold up (b) hold on (c) hold in (d) hold
Fill in the blank
16. You should ____ her case as a precedence.
(a) site (b) cite (c) sight (d) side
*Fill in the blank with correct phrasal verb from the options provided below.*
17. The boss simply could not _____ his inefficiency any more.
(a) put off (b) put up with (c) put down (d) put across
Fill in the blank with the correct preposition.
18. He is _____ the phone right now.
(a) at (b) in (c) on (d) to
*Choose the word opposite in meaning to the one underlined below.*
19. His point was lost amid the cacophony.
(a) music (b) discordance (c) silence (d) crowd
20. The possibility of failure was imminent.
(a) remote (b) inherent (c) immediate (d) perennial
*Fill in the blank with the correct preposition.*
21. He held his breath _____ several minutes.
(a) on (b) of (c) for (d) from
*Choose the word opposite in meaning to the one underlined below.*
22. There is abundant scope for improvement.
(a) ample (b) scarce (c) copious (d) eternal
23. The word 'pride' is also used to describe a group of:
(a) tigers (b) elephants (c) lion (d) hyenas
24. 'Cricket' is also a kind of:
(a) bird (b) insect (c) food (d) flower
25. A 'page' also means:
(a) a sweet dish (b) a chauffeur (c) a book (d) a servant
26. নীচের কোন পদার্থের জলে উপস্থিতির ওপর নীলাভ-সবুজ শৈবালের বৃদ্ধি নির্ভর করে?
(a) লৌহ (b) ক্যালসিয়াম (c) নাইট্রোজেন (d) পটাসিয়াম
27. নীচের কোনটিতে ক্লোরিন গ্যাস নেই?
(a) DDT (b) ক্লোরোফিল (c) ক্লোরোফর্ম (d) ব্লিচিং পাউডার
28. ভিনিগার যে পদার্থের লঘু দ্রবণ তা হল:
(a) ফর্মালডিহাইড (b) ফর্মিক অ্যাসিড (c) ইথানল (d) অ্যাসেটিক অ্যাসিড
29. বরফ গলে জল হলে আয়তনের কী পরিবর্তন হবে?
(a) প্রাথমিকভাবে কমবে পরে বাড়বে (b) কমবে (c) বাড়বে (d) প্রাথমিকভাবে বাড়বে পরে কমবে
30. ওজোন গ্যাস কোন তরল পদার্থে সহজে দ্রবণীয়?
(a) পারদ (b) দুধ (c) তার্পিন তেল (d) কেরোসিন তেল
31. 'বনস্পতি ঘি' তৈরিতে কোন গ্যাস ব্যবহৃত হয়?
(a) নাইট্রোজেন (b) অ্যামোনিয়া (c) হাইড্রোজেন (d) সালফার ডাইঅক্সাইড
32. খাদ্যে প্রোটিনের অভাবে কোন রোগ সৃষ্টি হয়?
(a) ডায়াবেটিস (b) অ্যামিবায়োসিস (c) কোয়াশিওরকর (d) ক্যানসার

এরপর একুশের পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার উত্তর-সহ ২ সেট নমুনা প্রশ্ন

কুড়ির পাতার পর

33. গাছের সবুজ অংশ আলোর উপস্থিতিতে যে জৈববস্তু সংশ্লেষ করে তাকে বলা হয়:
(a) ফার্মেন্টেশন (b) অক্সিডেশন (c) ফটোসিন্থেসিস (d) ফসফোরিলেশন

34. গ্যালভানাইজেশন পদ্ধতিতে কোন ধাতুর প্রলেপ দেওয়া হয়?
(a) টিন (b) অ্যালুমিনিয়াম (c) জিঙ্ক (d) লোহা

35. নীচের কোন প্রাণী গমনে অক্ষম?
(a) ফিতাকৃমি (b) স্পঞ্জ (c) হাইড্রা (d) কেঁচো

36. পৃথিবীপৃষ্ঠে যতটা অংশে জীবন বিরাজ করে তা হল:
(a) লিথোস্ফিয়ার (b) হাইড্রোস্ফিয়ার (c) অ্যাটমোস্ফিয়ার (d) বায়োস্ফিয়ার

37. শস্যে DDT স্প্রে করলে দূষিত হয়:
(a) শুধুমাত্র বাতাস (b) বাতাস ও মাটি (c) বাতাস, মাটি ও জল (d) বাতাস ও জল

38. শীতকালে রঙিন পোশাক পরা উচিত, কারণ:
(a) দেখতে এগুলি রংচঙে (b) সস্তা বলে (c) তাপ শোষক বলে (d) সহজেই ধৌত করা যায়

39. নিজ অক্ষসাপেক্ষে পৃথিবীর ঘূর্ণন থেকে গেলে অভিকর্ষজ ত্বরণের মান অপরিবর্তিত থাকবে:
(a) মেরুতে (b) 45° অক্ষাংশে (c) নিরক্ষীয় অঞ্চলে (d) 60° অক্ষাংশে

40. ECG-র আবিষ্কর্তা হলেন বিজ্ঞানী:
(a) নল ও রুসকা (b) উইলহেলম ইনথোভেন (c) জজিয়ন (d) স্টিফেন হেলস

41. যে তড়িদ্বারের সঙ্গে ব্যাটারির পজিটিভ মেরু যুক্ত থাকে তাকে বলে:
(a) ক্যাথোড (b) অ্যানোড (c) ইলেকট্রিক (d) কোনওটিই নয়

42. শব্দতরঙ্গের গতি সবথেকে বেশি হয়:
(a) কঠিনে (b) তরলে (c) গ্যাসে (d) শূন্য মাধ্যমে

43. কীসের অভাবে মানুষের ডিহাইড্রেশন হয়?
(a) ভিটামিন (b) নুন (c) হরমোন (d) জল

44. এদের মধ্যে কোনটিকে লিকার হিসেবে ধরা হয়?
(a) ইথাইল অ্যালকোহল (b) মিথাইল অ্যালকোহল (c) অ্যাসিটোন (d) ফর্ম্যালডিহাইড

45. তেজস্ক্রিয়তা আবিষ্কার করেন:
(a) চ্যাডউইক (b) রাদারফোর্ড (c) মাদাম কুরি (d) টমসন

46. কোন সরীসৃপের চার প্রকোষ্ঠযুক্ত হৃৎপিণ্ড আছে?
(a) কচ্ছপ (b) টিকটিকি (c) কুমির (d) অজগর

47. শুক্রাণুর ডিম্বাণুর দিকে চলনকে কী বলে?
(a) হাইড্রোট্যাক্সিস (b) হাইড্রোট্রপিজম (c) কেমোট্যাক্সিস (d) হেলিও ট্রপিজম

48. সঞ্চয়ক ব্যাটারি তৈরি করতে যে ধাতুটি ব্যবহার করা হয়:
(a) লোহা (b) তামা (c) সীসা (d) টিন

49. জলের ঘনত্ব সর্বাধিক হয়:
(a) $-1^{\circ}$C (b) $0^{\circ}$ C (c) $4^{\circ}$ C (d) $100^{\circ}$ C

50. AIDS ভাইরাস রক্তের কোন কোষের বৃদ্ধি ব্যাহত করে?
(a) হিমোগ্লোবিন (b) লোহিত রক্তকণিকা (c) রক্তের টি কোষ (d) মস্তিষ্কের ধূসর কোষ

51. ব্রিটিশ বাহিনীর সঙ্গে বক্সারের যুদ্ধ সংগঠিত করেন:
(a) বাহাদুর শাহ (b) দ্বিতীয় শাহ আলম (c) দ্বিতীয় আকবর (d) কেউই নন

52. বার্মা ভারত থেকে আলাদা হয়ে যায় কত সালে?
(a) 1932 সালে (b) 1935 সালে (c) 1937 সালে (d) 1947 সালে

53. নীচের কোন বেদটি সর্বাপেক্ষা নবীন?
(a) ঋক (b) সাম (c) যজু (d) অথর্ব

54. ঝাঁসিকে ব্রিটিশ শাসনের আওতায় আনা হয় কীভাবে?
(a) অধীনতামূলক মিত্রতার দ্বারা (b) স্বত্ববিলোপ নীতির দ্বারা (c) রানি লক্ষ্মীবাই-এর বিরুদ্ধে যুদ্ধ জয় করে (d) কোনওটিই নয়

55. আকবরের শাসনকালে সেনাধ্যক্ষকে বলা হত:
(a) দেওয়ান (b) মির বক্সি (c) মির সমন (d) বক্সি

56. ভারতে প্রথম মহিলা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন:
(a) ডি কে কার্ভে (b) মহম্মদ আলি (c) গান্ধীজি (d) জে কুমার অপ্পো

57. 'বিমান' শৈলীর স্থাপত্যকীর্তি কোন সাম্রাজ্যের অবদান?
(a) চোল (b) রাষ্ট্রকূট (c) চালুক্য (d) পল্লব

58. অশোকের কন্যার নাম:
(a) সালংকারা (b) ক্ষমা (c) সংঘমিত্রা (d) বাসবদত্তা

59. 'শক্তিমান মাত্রই যুদ্ধ করবে ও শত্রু নিপাত করবে'—উক্তিটি কার?
(a) সমুদ্রগুপ্ত (b) প্রথম চন্দ্রগুপ্ত (c) কৌটিল্য (d) রুদ্রসেন

60. পারস্যের মহান রাজা উপাধি কে গ্রহণ করেছিলেন?
(a) বিন্দুসার (b) বিম্বিসার (c) সেলুকাস (d) আলেকজান্ডার

61. কত খ্রিস্টপূর্বাব্দে আলেকজান্ডার ভারত আক্রমণ করেছিলেন?
(a) 455 (b) 405 (c) 380 (d) 327

62. কে 'দীন-ই-ইলাহীর' সদস্য হন?
(a) রাজা মান সিং (b) টোডরমল (c) তানসেন (d) রাজা বীরবল

63. কোন মুঘল সম্রাট বাংলায় পর্তুগিজদের দমন করেন?
(a) আকবর (b) জাহাঙ্গির (c) শাজাহান (d) ঔরঙ্গজেব

64. সিরাজদ্দৌলা কবে সিংহাসনে বসেন?
(a) 1707 (b) 1739 (c) 1756 (d) 1757

65. 'কাদম্বরী' গ্রন্থের রচয়িতা কে?
(a) বাণভট্ট (b) জয়বর্ধন (c) বাকপতি (d) পদ্মগুপ্ত

66. দাশ বংশের সর্বশেষ নৃপতি কে ছিলেন?
(a) সামসুদ্দিন (b) ইলতুৎমিস (c) মির বক্সি (d) আহম্মদশাহ আবদালি

67. বাংলার শেষ স্বাধীন হিন্দু রাজা কে?
(a) শশাঙ্ক (b) দেবপাল (c) লক্ষ্মণ সেন (d) বল্লাল সেন

68. নীচের কোনটি ভারতীয় দর্শনের প্রাচীনতম ধারা?
(a) বৈশেষিক (b) সাংখ্য (c) যোগ (d) কর্মমীমাংসা

69. নীচের কোনটি হরপ্পার সমাজ ও ঋগ্বৈদিক সমাজে বর্তমান ছিল?
(a) লোহার যন্ত্রপাতি (b) মাতৃপূজা (c) নগরকেন্দ্র (d) ঘোড়া

70. বারাবার গুহা আশ্রয় হিসেবে ব্যবহার করতেন:
(a) তান্ত্রিকগণ (b) জৈনরা (c) আজীবিক (d) থারাম

71. ত্রিরত্নের ওপর জোর দিতেন:
(a) বুদ্ধদেব (b) মহাবীর (c) মনু (d) গৌড়পদ

72. উত্তরমেরুর লেখ থেকে কোন শাসক সম্বন্ধে জানা যায়?
(a) পুষ্যমিত্র শুঙ্গ (b) দ্বিতীয় নাগভট্ট (c) প্রথম পরান্তক (d) বিজয়ালয়

73. শেরশাহ কোন যুদ্ধে হুমায়ুনকে পরাস্ত করেন?
(a) তালিকোটা (b) হলদিঘাট (c) দ্বিতীয় পানিপথ (d) চৌসা

74. কোন শাসক প্রথম স্বর্ণমুদ্রার প্রচলন ভারতে করেন?
(a) মৌর্য (b) কুষাণ (c) ইন্দো-গ্রিক (d) গুপ্ত

75. অজন্তা গুহাচিত্রে কোন ঘটনাবলি বর্ণিত হয়েছে?
(a) রামায়ণ (b) জাতক (c) মহাভারত (d) উপনিষদ

76. মিরাট ষড়যন্ত্র মামলা কীসের বিরুদ্ধে হয়েছিল?
(a) শ্রমিক আন্দোলন (b) সত্যাগ্রহী (c) সন্ত্রাসবাদী (d) ইউরোপীয় ক্লাব আক্রমণকারী

77. ইংরেজ শাসনের বিরুদ্ধে ভারতের প্রথম মহিলা শহিদ কে?
(a) সরলাদেবী (b) সরোজিনী নাইডু (c) প্রীতিলতা ওয়াদ্দেদার (d) মাতঙ্গিনী হাজরা

78. ইংরেজ শাসকরা কাকে ভারতীয় বিশৃঙ্খলার নেতা বলেন?
(a) গোপালকৃষ্ণ গোখলে (b) সুভাষচন্দ্র বসু (c) বাল গঙ্গাধর তিলক (d) মহাত্মা গান্ধী

79. 'নিউ ইন্ডিয়া' পত্রিকার সম্পাদক কে ছিলেন?
(a) অ্যানি বেসান্ত (b) লালা লাজপত রায় (c) লালা হরদয়াল (d) রাসবিহারী বসু

80. কোন মেডিক্যাল কলেজটি স্বদেশি প্রেরণায় গড়ে উঠেছিল?
(a) নীলরতন মেডিক্যাল (b) ন্যাশনাল মেডিক্যাল (c) কলকাতা মেডিক্যাল (d) আর জি কর মেডিক্যাল

81. ভারতের শ্রমিক শ্রেণির প্রথম ট্রেড ইউনিয়ন কোনটি?
(a) ইন্ডিয়ান ট্রেড ইউনিয়ন কংগ্রেস (b) গিরনি কামগর ইউনিয়ন (c) নিখিল ভারত মজদুর ও কিষাণ দল (d) নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস

82. কলকাতা মেডিক্যাল কলেজ কত সালে স্থাপিত হয়?
(a) 1830 সালে (b) 1845 সালে (c) 1835 সালে (d) 1842 সালে

83. হিন্দু মেলার প্রবর্তন করেন কে?
(a) পি মিত্র (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) রাজনারায়ণ বসু (d) গুরুদাস বন্দ্যোপাধ্যায়

84. ফরাজি আন্দোলনের সূত্রপাত কোথায় হয়?
(a) পূর্ববঙ্গ (b) বিহার (c) হুগলি (d) কোচবিহার

85. প্রথম কাগজ কল কোথায় স্থাপিত হয়?
(a) নৈহাটি (b) যাদবপুর (c) টিটাগড় (d) বেলুড়

86. ইস্ট-ইন্ডিয়া কোম্পানির ভারতশাসন শেষ হয় কত সালে?
(a) 1875 সালে (b) 1860 সালে (c) 1857 সালে (d) 1858 সালে

87. কোন বছর মুসলিম লিগ পাকিস্তান প্রস্তাব গ্রহণ করেছিল?
(a) 1916 সালে (b) 1860 সালে (c) 1857 সালে (d) 1858 সালে

88. 'পভার্টি অ্যান্ড আনব্রিটিশ রুল ইন ইন্ডিয়া' বইটির লেখক কে?
(a) সুরেন্দ্রনাথ ব্যানার্জি (b) ফিরোজশাহ মেহতা (c) বদরুদ্দিন তায়েবজি (d) দাদাভাই নওরোজি

89. চাপেকার ভ্রাতৃদ্বয় প্রতিষ্ঠিত সংঘ কোনটি?
(a) হিন্দুধর্মের অন্তরায় বিনাশ সংঘ (b) মিত্র মেলা (c) অনুশীলন সমিতি (d) অভিনব ভারত

90. আইন অমান্য আন্দোলনের তামিলনাড়ুতে নেতৃত্ব দেন:
(a) যতীন্দ্র মোহন সেনগুপ্ত (b) রাজা গোপালাচারি (c) গোপবন্ধু চৌধুরী (d) রানি গুইডালো

91. ইংল্যান্ডের পণ্য বন্টনের ডাক 1874 সালে প্রথম কে দিয়েছিলেন?
(a) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (b) ভোলানাথ চন্দ্র (c) কৃষ্ণকুমার মিত্র (d) গান্ধীজি

92. 'সাম্প্রদায়িক বাঁটোয়ারা' নীতি কে ঘোষণা করেন?
(a) সিকন্দর হায়াৎ খান (b) মহম্মদ আলি উল্লাহ (c) র‍্যামজে ম্যাকডোনাল্ড (d) সিডনি রাউলাট

93. 'কসাই কাজী' নামে বিখ্যাত ম্যাজিস্ট্রেট ছিলেন:
(a) কিংসফোর্ড (b) লর্ড হার্ডিঞ্জ (c) লর্ড কার্জন (d) লর্ড হেস্টিংস

94. 'ফ্রি ইন্ডিয়া সোসাইটি' গঠন করেন:
(a) মাদাম কামা (b) বাঘাযতীন (c) সূর্য সেন (d) রাসবিহারী বসু

95. বঙ্কিমচন্দ্র কোন সালে আনন্দমঠ রচনা করেন?
(a) 1862 সালে (b) 1872 সালে (c) 1882 সালে (d) 1892 সালে

96. কংগ্রেসের কোন অধিবেশনে চরমপন্থী ও নরমপন্থী গোষ্ঠীর মধ্যে বিভাজন ঘটে?
(a) বোম্বে (b) সুরাট (c) লখনউ (d) আমেদাবাদ

97. স্বদেশি আন্দোলনের সময় বেঙ্গল কেমিক্যাল প্রতিষ্ঠা কে করেন?
(a) প্রফুল্লচন্দ্র রায় (b) জগদীশচন্দ্র বসু (c) অশ্বিনীকুমার দত্ত (d) অরবিন্দ ঘোষ

98. নেতাজি সুভাষচন্দ্র বসু জাতীয় কংগ্রেসের সভাপতি কোন অধিবেশনে হন?
(a) হরিপুরা (b) লাহোর (c) কলকাতা (d) বোম্বাই

99. 'সীমান্ত গান্ধী' কাকে বলা হত?
(a) খান আব্দুল গফফর খান (b) সৈয়দ আহমেদ খান (c) মহম্মদ আলি জিন্না (d) কেউই নন

100. কবে জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড সংঘটিত হয়?
(a) 1919 সালে (b) 1912 সালে (c) 1907 সালে (d) 1921 সালে

101. রাজ্যপালকে শপথবাক্য পাঠ করান:
(a) রাষ্ট্রপতি (b) সুপ্রিম কোর্টের চিফ জাস্টিস (c) হাইকোর্টের চিফ জাস্টিস (d) প্রধানমন্ত্রী

102. বিনিয়োগ কথার অর্থ কী?
(a) আয়ের পরিবর্তন (b) সঞ্চয়ের পরিবর্তন (c) মূলধনের পরিবর্তন (d) ব্যয়ের পরিবর্তন

103. ভারতের উপরাষ্ট্রপতি কাদের ভোটে নির্বাচিত হন?
(a) দেশের জনসাধারণের (b) রাষ্ট্রপতির (c) লোকসভা ও রাজ্যসভার সদস্যদের (d) রাজ্যসভার সদস্যদের

104. কল্যাণমুখী রাষ্ট্রের ধারণা ভারতীয় সংবিধানের কোন অংশের অন্তর্গত?
(a) প্রস্তাবনা (b) মৌলিক অধিকার (c) চতুর্থ তপশিল (d) রাষ্ট্রপরিচালনার নির্দেশমূলক নীতিসমূহ

105. সার্বভৌম একাত্মবাদের প্রবক্তা কে?
(a) অস্টিন (b) লাং (c) ল্যাস্কি (d) রুশো

106. ভারতীয় আয়কর কী ধরনের?
(a) আনুপাতিক (b) প্রত্যক্ষ (c) অপ্রত্যক্ষ (d) অপ্রগতিমূলক

107. পশ্চিমবাংলায় কয় স্তরবিশিষ্ট পঞ্চায়েত ব্যবস্থা প্রচলিত আছে?
(a) এক (b) দুই (c) তিন (d) চার

108. নীচের করগুলির মধ্যে কোনটি রাজ্য সরকার ধার্য করতে পারে?
(a) সম্পদ কর (b) আয়কর (c) বৃত্তি কর (d) রপ্তানি কর

109. প্রথম সরকারি ভাষা কমিশনের সভাপতি কে ছিলেন?
(a) শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় (b) সর্দার প্যাটেল (c) রাজেন্দ্র প্রসাদ (d) বি জি খের

110. নতুন রাজ্য গঠন বা বর্তমান রাজ্যের সীমানা পরিবর্তন করার অধিকারী:
(a) সংসদ (b) রাষ্ট্রপতি (c) নির্বাচন কমিশন (d) সুপ্রিম কোর্ট

111. ভারতের প্রথম ভাষাভিত্তিক গঠিত রাজ্য কোনটি?
(a) পাঞ্জাব (b) অন্ধ্রপ্রদেশ (c) মধ্যপ্রদেশ (d) পশ্চিমবঙ্গ

112. ভারতের রাজনৈতিক ব্যবস্থায় সার্বভৌমত্ব কার সঙ্গে আছে?
(a) সশস্ত্র বাহিনী (b) সংবিধান (c) পার্লামেন্ট (d) সুপ্রিম কোর্ট

113. কোনও ব্যক্তি কোনও সভার সদস্য না হয়ে কত দিন প্রধানমন্ত্রী থাকতে পারেন?
(a) তিন মাস (b) ছয় মাস (c) আট মাস (d) দশ মাস

114. DEPB কথাটি কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত?
(a) দারিদ্র্য দূরীকরণ (b) মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ (c) আমদানি-রপ্তানি (d) আর্থিক দুর্নীতিরোধ

115. ইন্দিরা আবাস যোজনা কাদের জন্য গ্রহণ করা হয়েছে?
(a) দারিদ্র্যরেখার নীচে বসবাসকারী (b) গ্রামীণ দরিদ্র জনসাধারণ (c) শহরবাসী দরিদ্র জনসাধারণ (d) বস্তিতে বসবাসকারী মানুষ

116. ভারতীয় অর্থনীতির সেবাক্ষেত্রে:
(a) GDP-র 33% এর বেশি উৎপাদিত হয় (b) GDP-র 30% এর বেশি উৎপাদিত হয় (c) GDP-র 42% এর বেশি উৎপাদিত হয় (d) GDP-র 50% এর বেশি উৎপাদিত হয়

117. ভারতের খাদ্য সমস্যার প্রধান কারণ হচ্ছে:
(a) দুর্ভিক্ষ (b) কৃষি ফসল কম উৎপন্ন হওয়া (c) জনসংখ্যার বৃদ্ধিকরণ (d) অখাদ্য বস্তুর বেশি চাষ

118. IMF স্থাপিত হয়:
(a) 1944 সালে (b) 1955 সালে (c) 1960 সালে (d) 1970 সালে

119. ভারতের আর্থিক বিকাশের মুখ্য বাধা কোনটি?
(a) পুঁজির অভাব (b) কাঁচামালের অভাব (c) প্রাকৃতিক উৎপাদনের স্বল্পতা (d) অধিক উৎপাদন

120. রিজার্ভ ব্যাঙ্কের জাতীয়করণ হয় কত সালে?
(a) 1947 সালে (b) 1948 সালে (c) 1949 সালে (d) 1991 সালে

121. অর্থনৈতিক পরিকল্পনার ধারণা কোন দেশের চিন্তাভাবনা থেকে আগত?
(a) রাশিয়া (b) চিন (c) আমেরিকা (d) জার্মানি

122. নবম পরিকল্পনাতে মুখ্য উদ্দেশ্য ছিল:
(a) অর্থনৈতিক বৃদ্ধি ও সামাজিক বিচার (b) অর্থ সংগ্রহ (c) মুদ্রাস্ফীতি দূরীকরণ (d) নগরায়ণ

123. টাকার অবমূল্যায়ন নীচের কোনটির পক্ষে সহায়ক?
(a) জাতীয় আয় (b) সঞ্চয় (c) রপ্তানি (d) কম খরচে আমদানি

124. যে মুদ্রায় বিনিময় হার ক্রমশ কমে তাকে বলে:
(a) কোমল মুদ্রা (b) কঠিন মুদ্রা (c) স্বর্ণমুদ্রা (d) নিমজ্জমান মুদ্রা

125. উদ্বৃত্ত শ্রম তত্ত্বের প্রবক্তা:
(a) কেইনস (b) রিকার্ডো (c) স্মিথ (d) লিউইস

126. ঋতু পরিবর্তন সর্বাপেক্ষা কম অনুভূত হয়:
(a) মেরু অক্ষরেখা (b) কর্কটক্রান্তি রেখা (c) বিষুবরেখা (d) নিরক্ষরেখা

127. ভারতের একমাত্র বেসরকারি তৈল শোধনাগার কোথায় অবস্থিত?
(a) গুয়াহাটি (b) জামনগর (c) মুম্বই (d) চেন্নাই

128. ভারতের সম্পূর্ণ স্ব-উদ্যোগে তৈরি পারমাণবিক শক্তিকেন্দ্র কোনটি?
(a) কালপক্কম (b) নারোরা (c) রাওয়াতভাটা (d) তারাপুর

129. নীচের কোন অঞ্চলটি সর্বাধিক ভূকম্পপ্রবণ?
(a) গঙ্গা-ব্রহ্মপুত্র উপত্যকা (b) দাক্ষিণাত্য মালভূমি (c) উত্তর ভারতের সমভূমি (d) পশ্চিমঘাট

130. রিহান্দ বাঁধ কোন রাজ্যে রয়েছে?
(a) বিহার (b) পাঞ্জাব (c) উত্তরপ্রদেশ (d) মহারাষ্ট্র

131. ভারতের কোথায় মুন্ডা উপজাতিদের বাস?
(a) পৌরিজাড়ওয়াল (b) জব্বলপুর (c) ছোটনাগপুর (d) কুর্গ

132. 'ডাবর' কোন অঞ্চলের ভূ-প্রকৃতির বৈশিষ্ট্য?
(a) পশ্চিমঘাট (b) দাক্ষিণাত্য উপদ্বীপ (c) শিবালিক (d) পূর্বঘাট

133. শিকাগো বন্দর নীচের কোন প্রকৃতির?
(a) হ্রদ বন্দর (b) নদী বন্দর (c) সমুদ্র বন্দর (d) কোনওটিই নয়

134. ভূত্বকের ওপরের অংশ প্রধানত কোন শিলায় গঠিত?
(a) গ্রানাইট (b) ডলোমাইট (c) ব্যাসল্ট (d) চুনাপাথর

135. পাক্কেৎ জলবিদ্যুৎ কেন্দ্রটি কোন নদী পরিকল্পনার অন্তর্ভুক্ত?
(a) দামোদর (b) ময়ূরাক্ষী (c) ফারাক্কা (d) হোন

136. লৌহ-ইস্পাত উৎপাদনে পৃথিবীতে ভারতের স্থান কত?
(a) পঞ্চম (b) নবম (c) অষ্টম (d) চতুর্থ

137. 'নাগর' নদী কোন নদীর উপনদী?
(a) জলঢাকা (b) মহানন্দা (c) তিস্তা (d) জলঙ্গি

এরপর বাইশের পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার উত্তর-সহ ২ সেট নমুনা প্রশ্ন

*একুশের পাতার পর*

138. শুশুনিয়া পাহাড় কোন শিলায় গঠিত?
(a) গ্র্যানাইট (b) ব্যাসল্ট (c) আগ্নেয় (d) নাইস
139. লবণ উৎপাদনে ভারতের কোন রাজ্য প্রথম স্থানে আছে?
(a) গুজরাট (b) অন্ধ্রপ্রদেশ (c) মহারাষ্ট্র (d) কেরল
140. ভারতের কোন শহরকে 'এশিয়ার রোম' বলা হয়?
(a) মুম্বই (b) হায়দ্রাবাদ (c) আমেদাবাদ (d) দিল্লি
141. ভারতের উচ্চতম জলপ্রপাতের নাম কী?
(a) লুনা (b) কুন্ঢা (c) যোগ (d) কোনওটিই নয়
142. ভারতের সর্বাধিক সাক্ষর রাজ্যের নাম কী?
(a) মিজোরাম (b) কেরল (c) গোয়া (d) দিল্লি
143. বায়ুমণ্ডল কী কী পদ্ধতিতে উত্তপ্ত হয়?
(a) বিকিরণ (b) পরিচলন (c) পরিবহণ (d) সবক'টিই
144. ম্যাংগানিজ সবচেয়ে বেশি ব্যবহৃত হয় কোন শিল্পে?
(a) লৌহ ইস্পাত শিল্পে (b) বস্ত্র শিল্পে (c) রাসায়নিক শিল্পে (d) তৈল শোধনাগারে
145. ভারতের দীর্ঘতম হিমবাহ কোনটি?
(a) হিসপার (b) বলটোরা (c) সিয়াচেন (d) বিয়াফো
146. মেঘালয়ের প্রধান শস্য কী?
(a) মাইলো (b) আখ (c) গম (d) ধান
147. কতগুলি দ্বীপ নিয়ে লাক্ষাদ্বীপ নামক কেন্দ্রশাসিত অঞ্চলটি গঠিত?
(a) 10 (b) 5 (c) 27 (d) 12
148. মান্নার উপসাগর কোথায় অবস্থিত?
(a) ভারত মহাসাগর (b) বঙ্গোপসাগর (c) আরবসাগর (d) প্রশান্ত মহাসাগর
149. পৃথিবীর গঠনে কোন উপাদান সর্বাধিক?
(a) $O_2$ (b) Al (c) Si (d) Fe
150. শহরের শ্রেণিবিভাগের সর্বাধিক উল্লেখযোগ্য ভিত্তি হল:
(a) জনসংখ্যা (b) অবস্থান (c) আয়তন (d) কাজকর্ম
151. সম্প্রতি কোন সংস্থা 'India Quake' অ্যাপটি চালু করল?
(a) রাজ্য সরকার (b) কেন্দ্র সরকার (c) রেড ক্রস (d) রিলায়েন্স কোম্পানি
152. মহিলা নিরাপত্তার জন্য কোন রাজ্য সরকার 'বিপত্তারিণী ব্লুটুথ' যন্ত্র আনতে চলেছে?
(a) পশ্চিমবঙ্গ (b) পাঞ্জাব (c) দিল্লি (d) মহারাষ্ট্র
153. ভারতে বৈদ্যুতিন লেনদেনের ক্ষেত্রে কোন রাজ্য শীর্ষে রয়েছে?
(a) পাঞ্জাব (b) মহারাষ্ট্র (c) তামিলনাড়ু (d) গুজরাট
154. জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন কে মনোনীত হলেন?
(a) রেখা শর্মা (b) মেনকা গান্ধী (c) অরুন্ধতী সেন (d) মিতালি রাজ
155. '2018-র স্প্যানিশ সুপার কাপ ফুটবল' চ্যাম্পিয়ন হল ইউরোপের কোন ক্লাব?
(a) আর্সেনাল (b) লিভারপুল (c) রিয়াল মাদ্রিদ (d) বায়ার্ন মিউনিখ
156. সম্প্রতি বাংলার ফুটবলের কোন মহিলা প্রথম ম্যাচ কমিশনার হলেন?
(a) সুদেষ্ণা মুখোপাধ্যায় (b) বীথি রায় (c) অনিন্দিতা দাসগুপ্ত (d) সুস্মিতা সেন
157. সম্প্রতি কোন বঙ্গ তনয়া সাঁতরে ইংলিশ চ্যানেল পার করেছেন?
(a) বুলা চৌধুরি (b) সায়নী দাস (c) রশ্মি শর্মা (d) অমৃতা দাম
158. সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত সিঙ্কফিল্ড কাপ (দাবা) প্রতিযোগিতায় কে চ্যাম্পিয়ন হয়েছেন?
(a) বিশ্বনাথ আনন্দ (b) ম্যাগনাস কার্লসেন (c) ইয়ান নেপোমনিয়াচিকে (d) ম্যাক্সিম ভ্যাসিয়ের লাগ্রেভ
159. সম্প্রতি কেনিয়ার নতুন প্রেসিডেন্ট কে হলেন?
(a) রাইলা ওডিঙ্গা (b) উহুরু কেনিয়াত্তা (c) নিকোলে কুদাশেভ (d) সোহেল মাহমুদ
160. সম্প্রতি পাকিস্তানের হাই কমিশনার হিসেবে ভারতে নিযুক্ত হলেন কোন ব্যক্তি?
(a) ওয়াসিম আক্রম (b) সোহেল মাহমুদ (c) পারভেজ ফারুক (d) ইউনুস খান
161. সম্প্রতি কেরলের কোন 96 বছরের বয়স্কা বৃদ্ধা স্কুলে না গিয়ে রাজ্য সাক্ষরতা মিশনের পরীক্ষায় 94 শতাংশ নম্বর পেয়ে চমক সৃষ্টি করেছেন?
(a) কৌসুম্বি আলাপ্পা (b) জয়শ্রীকা ভাবনা (c) ভানুপ্রিয়া কোট্টে (d) কার হ্যায়নি আম্মা
162. কোন ভারতীয় ক্রিকেটার ইংল্যান্ডের মাটিতে নিজের অ্যাকাডেমি খুলতে চলেছেন?
(a) সৌরভ গাঙ্গুলি (b) সচিন তেন্ডুলকর (c) কপিল দেব (d) রবি শাস্ত্রী
163. 2022 সালের ফুটবল বিশ্বকাপের আসর এশিয়ার কোন দেশে বসতে চলেছে?
(a) কাতার (b) দোহা (c) দুবাই (d) বাহরিন
164. সম্প্রতি ফ্রান্সে কোন বিশ্ব সম্মেলন অনুষ্ঠিত হল?
(a) বিশ্ব এডস (b) বিশ্ব ভাষা (c) বিশ্ব মানবাধিকার (d) বিশ্ব নারী অবমাননা
165. সম্প্রতি কোন ইন্দো-ব্রিটিশ ঐতিহাসিক হেরিটেজ বিল্ডিং জনসাধারণের জন্য নিখরচায় গাইডেড ট্যুরের ব্যবস্থা করতে চলেছে?
(a) সুপ্রিম কোর্ট (b) গেটওয়ে অব ইন্ডিয়া (c) ক্যালকাটা মেডিক্যাল কলেজ (d) ভিক্টোরিয়া মেমোরিয়াল
166. সম্প্রতি উন্মোচিত 'স্ট্যাচু অব ইউনিটি' নামক সর্দার বল্লভভাই প্যাটেলের মূর্তিটির উচ্চতা কত ফুট?
(a) 556 (b) 572 (c) 588 (d) 597
167. 21 অক্টোবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লালকেল্লা থেকে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে কোন বিশেষ দিনকে স্মরণ করলেন?
(a) সিঙ্গাপুরে আজাদ হিন্দ সরকারের 75 বর্ষ (b) জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের 75 বর্ষ (c) মহাবিদ্রোহের শতবর্ষ (d) বল্লভভাই প্যাটেলের শতবর্ষ
168. সম্প্রতি 'মি-টু' নিয়ে গুগল কর্মীরা লন্ডনের কোন শহরে প্রতিবাদী কর্মবিরতি পালন করল?
(a) লন্ডন (b) রিডিং (c) ওভাল (d) ডাবলিন
169. সম্প্রতি কলকাতার কোন তারকা বিলিয়ার্ডসে বিশ্বচ্যাম্পিয়ন হলেন?
(a) সৌরভ কোঠারি (b) মণিকাঞ্চন সেন (c) উমেশ ভূপতি (d) সৈনক ত্রিবেদী
170. সম্প্রতি কোন ভারতীয় অ্যাথলিট উপজাতি গোষ্ঠীর প্রচারদূত হলেন?
(a) হিমা দাস (b) নেলাকুরিহি সিদ্ধি রেড্ডি (c) মনিকা বাত্রা (d) চুঙ্গনেইজাংনেরি কম হামাঙ্গতে
171. সম্প্রতি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় কোন বিখ্যাত শিল্পপতিকে ডিলিট সম্মানে ভূষিত করলেন?
(a) লক্ষ্মী মিত্তল (b) রতন টাটা (c) মুকেশ আম্বানি (d) সঞ্জীব গোয়েঙ্কা
172. সম্প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জনআরোগ্য যোজনা স্কিমে কোন প্রকল্পে চালু করলেন?
(a) আয়ুষ্মান ভব (b) আয়ুষ্মান ভারত (c) আয়ুর্বেদ (d) আয়ুর্বেদ ভারত
173. সম্প্রতি সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশনের সচিব হলেন কোন বাঙালি?
(a) অনিন্দ্য মজুমদার (b) স্নেহাশিস চক্রবর্তী (c) মৃদুল গাঙ্গুলি (d) প্রেমাংশু সিনহা
174. কে সিলেশিয়ান ওপেন বক্সিং টুর্নামেন্টের 48 কিলোগ্রাম মহিলা বিভাগে চ্যাম্পিয়ান হয়েছেন?
(a) আইগিম কাসানেভাক (b) মেরি কম (c) জেরেমি লালরিনুঙ্গা (d) পোস্টে আগস্টা
175. সম্প্রতি ভারতীয় স্বরাষ্ট্র মন্ত্রী রাজনাথ সিং বাংলাদেশ সফরে গিয়ে কী উদ্বোধন করেছেন?
(a) বিশ্বের বৃহত্তম ভারতীয় পাসপোর্ট সেন্টার (b) বিশ্বের বৃহত্তম ভারতীয় ভিসা সেন্টার (c) বিশ্বের বৃহত্তম ভারতীয় ট্যুরিস্ট সেন্টার (d) বিশ্বের বৃহত্তম ভারতীয় ট্রাভেল এজেন্সি সেন্টার
176. C, A-এর একমাত্র কন্যা এবং C-এর মোট দু'জন ভাই আছে, তারা যথাক্রমে B এবং D। A-এর তিনজন নাতি E, G এবং M। B-এর একমাত্র পুত্র E এবং D-এর একমাত্র পুত্র M। A-এর 2 জন নাতনি H এবং N। C-এর একমাত্র কন্যা হল H এবং D-এর একমাত্র কন্যা হল N সেক্ষেত্রে, B, G-এর:
(a) মামা (b) কাকা (c) ভাগনে (d) তুতো ভাই বা বোন
177. '?' স্থানে কোন সংখ্যা বসবে?




(a) 49 (b) 50 (c) 53 (d) 56
178. নীচের সংখ্যাগুলির মধ্যে কোনটি ব্যতিক্রম?
7, 28, 36, 124, 215, 342, 511
(a) 124 (b) 234 (c) 342 (d) 215
179. G, H, J, M ___, V ___ এই বর্ণমালার শ্রেণিটিতে শূন্যস্থানে কোন বর্ণটি বসবে?
(a) T (b) Q (c) O (d) R
180. A, B, C, D, E একটি বেঞ্চে উত্তরদিকে মুখ করে বসে আছে। A, B-এর পাশে বসে আছে, C, D-এর পাশে বসে আছে। A, B-এর পাশে বসে আছে, C, D-এর পাশে বসে আছে। D, E-এর পাশে বসেনি। E বাঁদিকের ধারে বসে আছে। ডানদিক থেকে C দ্বিতীয় স্থানে বসে আছে। A, B এবং E-এর ডানদিকে বসে আছে। A এবং C একসঙ্গে বসে আছে। A বেঞ্চের কোন স্থানে বসে আছে?
(a) মাঝখানে (b) ডানদিক থেকে চতুর্থ (c) বাঁদিক থেকে দ্বিতীয় (d) বাঁদিক থেকে চতুর্থ
181. A Q A P Q A Q P S Q A P Q A P S A P R A P Q P A P S P শ্রেণিটিতে কোন বর্ণটি সব থেকে বেশিবার আছে?
(a) A (b) P (c) Q (d) S
182. যদি '+' মানে '–', '–' মানে '×', '÷' মানে '+' এবং '×' মানে '÷' হয়, $15 - 3 + 10 \times 5 \div 7 = ?$
(a) 22 (b) 25 (c) 32 (d) 50
183. '?' চিহ্ন স্থানে কোন সংখ্যা বসবে?

| | | |
|---|---|---|
| 6 | 8 | 6 |
| 3 | 4 | 5 |
| 2 | 2 | ? |
| 20 | 34 | 32 |

(a) 2 (b) 3 (c) 4 (d) 5
184. যদি কোনও এক বছর 17 জানুয়ারি সোমবার হয়, তাহলে সেই বছর 19 জুন কী বার হবে? (ফেব্রুয়ারি মাসে 28 দিন ছিল)
(a) মঙ্গলবার (b) সোমবার (c) রবিবার (d) বুধবার
185. '?' চিহ্ন স্থানে কোন সংখ্যা বসবে?




(a) 49 (b) 46 (c) 52 (d) 3
186. 'BRAKE' শব্দটির অক্ষরগুলি বর্ণানুক্রমে সাজালে কতগুলি অক্ষরের স্থান পরিবর্তিত থাকবে?
(a) একটি (b) দু'টি (c) তিনটি (d) চারটি
187. এক ব্যক্তি এক মহিলাকে বলল তোমার মায়ের স্বামীর বোন আমার পিসি। মহিলাটি ব্যক্তিটির কে হয়?
(a) মেয়ে (b) নাতনি (c) মা (d) বোন
188. যদি কোনও ভাষায় TRIPPLE কে SQHOOKD লেখা হয়, তাহলে DISPOSE-কে কী লেখা হবে?
(a) CHRONRD (b) DSOESPI (c) ESJTPTE (d) কোনওটিই নয়
189. একটি স্কুলে পাঁচজন শিক্ষক আছে। A ও B হিন্দি ও ইংলিশ পড়ান, C ও B ইংলিশ ও ভূগোল পড়ান, D ও A অঙ্ক ও হিন্দি পড়ান, E ও B ইতিহাস ও বাংলা পড়ান। কোন শিক্ষক সবচেয়ে বেশি বিষয় পড়ান?
(a) A (b) B (c) C (d) D
190. দেওয়াল সংলগ্ন একটি ঘড়িতে সময় দেখাচ্ছে 4.25। উল্টো দিকের দেওয়ালে রাখা একটি সমতল দর্পণে প্রতিফলিত হলে ঘড়িটিতে ক'টা বেজেছে বলে মনে হবে?
(a) 8.35 (b) 7.25 (c) 7.35 (d) 8.25
191. পাঁচটি ছেলে দৌড়ে অংশ নিল। রাজা মোহিতের আগে, কিন্তু গৌরবের পরে, আশিস সঞ্জয়ের আগে কিন্তু মোহিতের পরে শেষ করল। দৌড়ে কে প্রথম হল?
(a) রাজা (b) গৌরব (c) মোহিত (d) আশিস
192. গৌরব উত্তরদিকে 20 মিটার হাঁটল, তারপর বাঁদিকে 80 মিটার হাঁটল। সে আবার বাঁদিকে ঘুরে 20 মিটার হাঁটল। তারপর সে বাঁদিকে ঘুরে 20 মিটার হাঁটল। সে তার মূল জায়গা থেকে কতটা দূরে আছে?
(a) 20 মিটার (b) 30 মিটার (c) 50 মিটার (d) 60 মিটার
193. একটি লোক দক্ষিণদিকে মুখ করে আছে। সে ঘড়ির কাঁটার বিপরীতে $135°$ ঘুরল, তারপর ঘড়ির কাঁটার দিকে $180°$ ঘুরল। এখন সে কোনদিকে মুখ করে আছে?
(a) উত্তর-পূর্ব (b) উত্তর-পশ্চিম (c) দক্ষিণ-পূর্ব (d) দক্ষিণ-পশ্চিম
194. নীচের সবজিগুলির মধ্যে অসমগোত্রীয় কোনটি?
(a) টম্যাটো (b) আলু (c) গাজর (d) আদা
195. অরুণ বলল এই মেয়েটি আমার মায়ের নাতবউ। অরুণ মেয়েটির কে হয়?
(a) বাবা (b) দাদু (c) স্বামী (d) শ্বশুর
196. একদিন সূর্যোদয়ের সময় সৌরভ ও শচীন পরস্পরের পিছন দিকে ফিরে একটি রকে দাঁড়িয়েছিল। সৌরভের ছায়া তার ডানদিকে পড়ে থাকলে শচীন কোনদিকে ফিরেছিল?
(a) উত্তর (b) দক্ষিণ (c) পশ্চিম (d) পূর্ব
197. 'TRACE', 'CLEAR' শব্দদু'টি সাজালে দু'টি সমার্থক শব্দ পাওয়া যায়। সেই দু'টি শব্দের তৃতীয় অক্ষরদু'টি কী কী?
(a) E ও E (b) C ও L (c) T ও L (d) E ও R
198. কোনটি অন্যদের থেকে আলাদা?
(a) 49 – 7 (b) 8 – 2 (c) 81 – 9 (d) 169 – 13
199. নীচের সংখ্যাগুলির মধ্যে একটি ভুল। ভুল সংখ্যাটি কী?
0, 7, 26, 62, 124, 215
(a) 0 (b) 26 (c) 62 (d) 215
200. যদি ADMINISTRATION শব্দটির প্রথম, চতুর্থ, নবম ও চতুর্দশ অক্ষর নিয়ে কোনও অর্থবহ শব্দ তৈরি হয়, তবে ওই শব্দের ডানদিক থেকে তৃতীয় স্থানে কোন অক্ষরটি থাকবে?
(a) N (b) R (c) A (d) I

### উত্তর

1(a), 2(c), 3(c), 4(c), 5(c), 6(d), 7(c), 8(b), 9(a), 10(a), 11(c), 12(d), 13(b), 14(a), 15(b), 16(b), 17(b), 18(c), 19(c), 20(a), 21(c), 22(b), 23(c), 24(b), 25(d), 26(c), 27(b), 28(d), 29(a), 30(c), 31(c), 32(c), 33(c), 34(c), 35(c), 36(d), 37(c), 38(c), 39(a), 40(b), 41(b), 42(a), 43(d), 44(a), 45(c), 46(c), 47(c), 48(c), 49(c), 50(a), 51(b), 52(c), 53(d), 54(b), 55(b), 56(a), 57(a), 58(c), 59(c), 60(c), 61(d), 62(d), 63(c), 64(c), 65(a), 66(a), 67(c), 68(a), 69(d), 70(c), 71(c), 72(c), 73(d), 74(c), 75(b), 76(a), 77(d), 78(c), 79(a), 80(b), 81(d), 82(c), 83(c), 84(a), 85(c), 86(b), 87(c), 88(d), 89(a), 90(b), 91(b), 92(c), 93(b), 94(b), 95(c), 96(b), 97(a), 98(a), 99(a), 100(a), 101(c), 102(d), 103(c), 104(d), 105(c), 106(a), 107(c), 108(c), 109(d) 110(a), 111(b), 112(b), 113(b), 114(c), 115(b), 116(d), 117(d), 118(a), 119(d), 120(c), 121(a), 122(a), 123(b), 124(c), 125(c), 126(a), 127(b), 128(a), 129(a), 130(c), 131(c), 132(c), 133(a), 134(a), 135(a), 136(c), 137(b), 138(a), 139(a), 140(d), 141(c), 142(a), 143(d), 144(a), 145(c), 146(b), 147(c), 148(b), 149(a), 150(a), 151(b), 152(a), 153(d), 154(a), 155(c), 156(a), 157(b), 158(d), 159(b), 160(b), 161(d), 162(b), 163(a), 164(d), 165(a), 166(d), 167(a), 168(d), 169(a), 170(d), 171(d), 172(b), 173(a), 174(b), 175(b), 176(a), 177(a), 178(a), 179(b), 180(a), 181(b), 182(d), 183(b), 184(c), 185(a), 186(a), 187(d), 188(a), 189(b), 190(c), 191(b), 192(d), 193(d), 194(a), 195(d), 196(a), 197(d), 198(b), 199(c), 200(c).

*প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার ও কমল বৈদ্য*

পেশাপ্রবেশ
চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী
প্রতিমাসেই বেরনো মাত্র ফুরিয়ে যায়, কারণ:
● 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
● 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার উৎকৃষ্ট ফসল।
● 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয়ও সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
● পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
● 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।
ফুরোবার আগেই সংগ্রহ করুন।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# বোকারো স্টিল প্ল্যান্টে ২৭৫

প্রথম পাতার পর

(বয়লার): মোট শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে তিন বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা। এ ছাড়া স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ফার্স্ট ক্লাস বয়লার কম্পিটেন্সি সার্টিফিকেট থাকা বাধ্যতামূলক।

**অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি (এ আই টি টি):** মোট শূন্যপদ ১২১টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ৪৫, ও বি সি ১৬)। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধীদের জন্য ২২টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ১৭টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে কোনও স্টিল প্ল্যান্ট থেকে ট্রেড অ্যাপ্রেন্টিসশিপ কোর্স করে থাকতে হবে। কোর্স শেষের পরে এন সি ভি টি আয়োজিত অল ইন্ডিয়া ট্রেড টেস্ট পরীক্ষায় পাশ করতে হবে।

**অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি (আই টি আই):** মোট শূন্যপদ ৪৯টি (তফসিলি উপজাতি)। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধীদের জন্য ১৭টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ৭টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শাখা অনুসারে শূন্যপদ:** ইলেক্ট্রিশিয়ান ১২টি। মেশিনিস্ট ৮টি। ওয়েল্ডার ৭টি। ফিটার ১২টি। রিগার ১০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক-সহ সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই পাশ।

**দৈহিক মাপজোক:** সবক'টি পদের ক্ষেত্রেই উচ্চতা হতে হবে ১৫০ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৪৩ সেমি) এবং ওজন অন্তত ৪৫ কেজি (মহিলাদের ক্ষেত্রে ৩৫ কেজি)।

**বয়স:** ১৮-২-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। কেবলমাত্র অপারেটর-কাম-টেকনিশিয়ান (বয়লার) পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, স্কিল টেস্ট ও ট্রেড টেস্টের মাধ্যমে।

**বেতন:** অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি পদের ক্ষেত্রে ট্রেনিং চলাকালীন প্রথম ও দ্বিতীয় বর্ষে যথাক্রমে মাসিক ১০,৭০০ ও ১২,২০০ টাকা। ট্রেনিং শেষে বেতনক্রম ১৬,৮০০-২৪,১১০ টাকা। অপারেটর-কাম-টেকনিশিয়ান (বয়লার) পদের ক্ষেত্রে বেতনক্রম ১৬,৮০০-২৪,১১০ টাকা। অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি পদের ক্ষেত্রে ট্রেনিং চলাকালীন বেতন প্রথম ও দ্বিতীয় বর্ষে যথাক্রমে মাসিক ৮,৬০০ ও ১০,০০০ টাকা। ট্রেনিং শেষে বেতনক্রম ১৫,৮৩০-২২,১৫০ টাকা। সবক্ষেত্রেই অন্যান্য সুযোগ-সুবিধা পাওয়া যাবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৮ ফেব্রুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে অপারেটর-কাম-টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ২৫০ টাকা এবং অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ১৫০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি দিতে লাগবে না। ভিসা বা মাস্টার ক্রেডিট বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পরে রেফারেন্স নম্বর পাওয়া যাবে।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর ই-রিসিপ্ট ও রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্য স্বাস্থ্য দপ্তরে ৪০২ ডাক্তার

প্রথম পাতার পর

মাইক্রোবায়োলজি (৯), ফরেন্সিক মেডিসিন অ্যান্ড টক্সিকোলজি (৯), কমিউনিটি মেডিসিন (১১), পেডিয়াট্রিক্স (৫), চেস্ট মেডিসিন (৯), ডার্মাটোলজি (১৩), সাইকিয়াট্রি (৪), অর্থোপেডিক্স (১৪), ই এন টি (১), অপথালমোলজি (৬), অ্যানেস্থেসিওলজি (৫৬), রেডিওডায়গনসিস (১০), নেফ্রোলজি (১০), ইউরোলজি (৯), নিউরো মেডিসিন (৭), নিউরো সার্জারি (১১), কার্ডিও-থোরাসিক অ্যান্ড ভাস্কুলার সার্জারি (১০), কার্ডিয়াক অ্যানেস্থেশিয়া (১), পেডিয়াট্রিক সার্জারি (৯), মেডিক্যাল গ্যাসট্রোয়েন্টেরোলজি (১), নেওন্যাটোলজি (২), ফিজিক্যাল মেডিসিন (৩), মেডিক্যাল অঙ্কোলজি (১), রেডিও থেরাপি (৮), এন্ডোক্রিনোলজি (২), জি আই অ্যানেস্থেশিওলজি (১), হেমাটোলজি (৬), ইমিউনোহেমাটোলজি অ্যান্ড ব্লাড ট্রান্সফিউশন (১), রিউমাটোলজি (১), কার্ডিওলজি (৫), সার্জিক্যাল গ্যাসট্রোয়েন্টেরোলজি (১), সার্জিক্যাল অঙ্কোলজি (১), নেওন্যাটাল সার্জারি (১) প্লাস্টিক সার্জারি (৪)।

তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস। স্নাতকোত্তর ডিগ্রি থাকলে গুরুত্ব পাওয়া যাবে। সেই সঙ্গে ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিল বা মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়ায় মেডিক্যাল প্র্যাক্টিশনার হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। জাতীয় স্তরের জার্নালে লেখা প্রকাশিত হয়ে থাকলে বা গ্রামীণ এলাকায় ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ৪৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ১৫,৬০০-৪২,০০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৫,৪০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১২ থেকে ১৯ ফেব্রুয়ারি পর্যন্ত। ফি বাবদ জমা দিতে হবে ২১০ টাকা। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে কোনও ফি দিতে হবে না। গভর্নমেন্ট রিসিপ্ট পোর্টাল সিস্টেমে অংশগ্রহণকারী যে-কোনও ব্যাঙ্কে ফি জমা দেওয়া যাবে এই অ্যাকাউন্টে: 0051-00-104-002-16. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বি এস এন এল-এ ১৯৮

প্রথম পাতার পর

পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bsnl.co.in আবেদনের সময় গেট-২০১৯-এর রেজিস্ট্রেশন আই ডি উল্লেখ করতে হবে। আবেদন করা যাবে যে-কোনও একটি টেলিকম সার্কেলে। সেক্ষেত্রে সেই নির্দিষ্ট সার্কেলের শূন্যপদ অনুযায়ী প্রার্থী বিবেচিত হবেন। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১১ ফেব্রুয়ারি থেকে ১২ মার্চ পর্যন্ত।

ফি বাবদ জমা দিতে হবে ও বি সি ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ১,০০০ টাকা এবং তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা। অনলাইনে ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ডের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পরে ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: (০১১)-২৩৩৫-২৪৯১, ২৩৭১-০২৮৪।

# বেনারস হিন্দু ইউনিভার্সিটিতে ১০৯৭ নার্সিং অফিসার, ক্লার্ক

প্রথম পাতার পর

৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে আড়াই বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। উভয় ক্ষেত্রেই স্টেট নার্সিং কাউন্সিলে নার্স বা নার্স ও মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকা আবশ্যক। নিয়োগ হবে এস এস হসপিটালের সেন্টেনারি সুপার স্পেশ্যালিটি কমপ্লেক্সে। বেতনক্রম: ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

গ্রুপ সি: পোস্ট কোড: ৪৩৮৪: **জুনিয়র ক্লার্ক:** ১৭০টি (সাধারণ ৮৫, তফসিলি জাতি ২৭, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৪৩)। এর মধ্যে ৭টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় অন্তত দ্বিতীয় শ্রেণির গ্র্যাজুয়েট ডিগ্রি। সঙ্গে কম্পিউটারে বুক কিপিং, ওয়ার্ড প্রসেসিং ও অফিস অটোমেশনের ৬ মাসের ট্রেনিং নিয়ে থাকতে হবে বা এ আই সি টি ই দ্বারা স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে কম্পিউটারে ডিপ্লোমা থাকতে হবে। কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ২৫টি শব্দ টাইপিংয়ের দক্ষতা থাকতে হবে। নিয়োগ হবে প্রশাসনিক ক্ষেত্রে। **বেতনক্রম:** ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

**ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট:** পোস্ট কোড ৪৪৫৬:১২টি (সাধারণ ১০, তফসিলি জাতি ১, ও বি সি ১)। নিয়োগ হবে ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেসে। পোস্ট কোড: ৪৪৫৫: ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪)। নিয়োগ হবে ইনস্টিটিউট অব সায়েন্সে। পোস্ট কোড ৪৪৮০: ৪০টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। পোস্ট কোড ৪৪৫৫ ও ৪৪৫৬-এর ক্ষেত্রে ১টি শূন্যপদ এবং পোস্ট কোড ৪৪৮০-এর ক্ষেত্রে ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে এস এস হসপিটালের সেন্টেনারি সুপার স্পেশ্যালিটি কমপ্লেক্সে। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞানে স্নাতক অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক; সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা। অথবা সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা। **বেতনক্রম:** ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

পোস্ট কোড ৪৪২৫: **ওয়ার্কশপ অ্যাটেন্ড্যান্ট:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ১০)। এর মধ্যে ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে এক বছর মেয়াদের ট্রেড সার্টিফিকেট কোর্স পাশ। নিয়োগ হবে ইলেক্ট্রিক অ্যান্ড ওয়াটার সাপ্লাই সার্ভিসেসে। বেতনক্রম:১৮,০০০-৫৬,৯০০ টাকা।

পোস্ট কোড: ৪৪৪৫: **ওয়ার্ড সহায়ক/সহায়িকা:** ২৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে কোনও স্বাস্থ্যপ্রতিষ্ঠানে স্ট্রেচার বেয়ারার বা ওয়ার্ড সহায়ক/সহায়িকা পদে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। নিয়োগ হবে স্যার সুন্দরলাল হসপিটালে। **বেতনক্রম:** ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

পোস্ট কোড ৪৪৮৫: **ল্যাব অ্যাটেন্ড্যান্ট (ও টি-কাম-অ্যানাস্থেশিয়া):** ২৮টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে কোনও হাসপাতালের অপারেশন থিয়েটারে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা অপারেশন থিয়েটার অ্যাসিস্ট্যান্টের ১ বছর মেয়াদের সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। নিয়োগ হবে এস এস হসপিটালের সেন্টেনারি সুপার স্পেশ্যালিটি কমপ্লেক্সে। বেতনক্রম: ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

**বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। স্নাতক এবং অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীরা ১০, তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং বিধবা বা বিবাহবিচ্ছিন্না বা আইনগতভাবে স্বামীবিচ্ছিন্না মহিলা প্রার্থীরা পুনরায় বিবাহ না করে থাকলে ৫ বছরের বয়সের ছাড় পাবেন।

পোস্ট কোড ৪৩৮৪-এর ক্ষেত্রে বিজ্ঞপ্তি নম্বর: 08/2014-2015, 03/2016-2017 এবং 02/2017-18 অনুসারে আগে আবেদন করে থাকলে আবার আবেদন বা তথ্য আপডেট করতে পারেন। সেক্ষেত্রে নতুন করে ফি দিতে হবে না।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং অ্যাপ্টিটিউড ও স্কিল টেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে)-এর মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bhu.ac.in/rac প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৬ ফেব্রুয়ারি। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো (জে পি ই জি ফর্ম্যাটে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে ১৮ ফেব্রুয়ারির মধ্যে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি লাগবে না।

অনলাইন দরখাস্ত সঠিকভাবে সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে। দরখাস্তের প্রিন্ট আউট নেওয়ার শেষ তারিখ ২০ ফেব্রুয়ারি।

শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সার্টিফিকেট, মার্কশিট এবং অন্যান্য যোগ্যতার স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা আবেদনপত্র ২৩ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Office of the Registrar Recruitment & Assessment Cell, Holkar House, BHU, Varanasi-221 005 (U.P).

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৫৪২) ৬৭০৩২৩৬।

# রাজ্য পুলিশে ৮৪১৯ কনস্টেবল

প্রথম পাতার পর

**বেতনক্রম:** ৫,৪০০-২৫,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ২,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, ফাইনাল লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। মনে রাখবেন, প্রিলিমিনারি পরীক্ষা শুধু একটি স্ক্রিনিং টেস্ট। এতে পাওয়া নম্বর চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য গণ্য হবে না। এই পরীক্ষায় সফল হলে দৈহিক মাপজোক যাচাইয়ের জন্য ডাকা হবে। ফাইনাল পরীক্ষায় সফল হলে নেওয়া হবে ইন্টারভিউ। ফাইনাল পরীক্ষা এবং ইন্টারভিউয়ে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতেই চূড়ান্ত মেধাতালিকা তৈরি হবে।

প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় অবজেকটিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস অ্যান্ড জেনারেল নলেজ (৫০ নম্বর), মাধ্যমিক স্তরের এলিমেন্টারি ম্যাথমেটিক্স (৩০ নম্বর) এবং রিজনিং (২০ নম্বর) বিষয়ে। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। দৈহিক মাপজোক যাচাইয়ের পরে দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১৬০০ মিটার দৌড়।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণরা ফাইনাল লিখিত পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন। ফাইনাল পরীক্ষায় অবজেকটিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস অ্যান্ড জেনারেল নলেজ (২৫ নম্বর), ইংলিশ (২৫ নম্বর), মাধ্যমিক স্তরের এলিমেন্টারি ম্যাথমেটিক্স (২০ নম্বর) এবং রিজনিং অ্যান্ড লজিক্যাল অ্যানালিসিস (১৫ নম্বর) বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে।

লিখিত ফাইনাল পরীক্ষার মেধাতালিকা অনুযায়ী নির্বাচিত প্রার্থীদের ডাকা হবে ইন্টারভিউয়ের (১৫ নম্বর) জন্য। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন।

আবেদন করা যাবে অনলাইন এবং অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbpolice.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৫ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর রঙিন পাসপোর্ট (৪.৫×৩.৫ সেমি) মাপের ফটো (অবশ্যই সাদা ব্যাকগ্রাউন্ড হতে হবে, ১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং ১.৭×৯.২ সেমি মাপের সই (৫ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অফলাইন আবেদনের ক্ষেত্রে দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। দরখাস্তের ওপর অ্যাপ্লিকেশন সিরিয়াল নম্বর আছে কিনা দেখে নেবেন। দরখাস্তের বয়ান পূরণ করবেন যথাযথভাবে।

এ ছাড়াও পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড স্বীকৃত সহজ মিত্র কেন্দ্রের মাধ্যমে অতিরিক্ত ২৩ টাকার বিনিময়ে অনলাইন দরখাস্ত করা যাবে।

ফি বাবদ দিতে হবে ১৭০ টাকা (পশ্চিমবঙ্গের তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে কেবল প্রসেসিং ফি বাবদ ২০ টাকা)। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ই-ওয়ালেটের মাধ্যমে। এক্ষেত্রে সার্ভিস চার্জ বাবদ দিতে হবে অতিরিক্ত ৫ টাকা। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

অফলাইনে ফি জমা দেওয়া যাবে ই-পেমেন্ট সুবিধাযুক্ত যে-কোনও পোস্ট অফিসে, ইন্ডিয়া পোস্ট চালানের মাধ্যমে। ফি দিতে হবে 'West Bengal Police Recruitment Board'-এর অনুকূলে। এক্ষেত্রে সার্ভিস চার্জ বাবদ অতিরিক্ত ১০ টাকা দিতে হবে। ফি জমা দিয়ে পাওয়া রিসিপ্ট দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। এ ছাড়াও ডাউনলোড করে নেওয়া ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। চালান ডাউনলোড করার পরের কাজের দিন (ওয়ার্কিং ডে) ফি জমা দেওয়া যাবে। এ ক্ষেত্রে ফি জমা দিয়ে পাওয়া চালানের রিক্রুটমেন্ট বোর্ডের অংশটি দরখাস্তে সেঁটে দেবেন। ফি জমা দেওয়ার পর চালানের তথ্য-সহ অনলাইন আবেদনপত্র সাবমিটের শেষ তারিখ ৪ মে।

অফলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা দেওয়ার নথি-সহ পূরণ করা দরখাস্ত ৩২×২২ সেমি মাপের খামে ভরে পাঠিয়ে দেবেন এই ঠিকানায়: Chairman, West Bengal Police Recruitment Board, Araksha Bhaban, 5th floor, Block-DJ, Sector-II, Salt Lake City, Kolkata-700 091. খামের ওপর 'NAME OF THE RECRUITMENT, NAME OF THE POST, APPLICATION SERIAL NO.' লিখে দেবেন। দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ৫ মার্চ।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল সাড়ে ৫টার মধ্যে (শনিবার দুপুর ২টোর মধ্যে) যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৭০৪৪১০৮৬৮৯/৭০৪৪১০৯৩৪৬। ই-মেল করতে পারেন এই ঠিকানায়: wbprbonline@applythrunet.co.in

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

KARMAKSHETRA Vol 39 No. 27 Kolkata Wednesday 6 FEBRUARY 2019 /24 Member, INDIAN NEWSPAPER SOCIETY R. N. 37120/80

# যোধপুর এইমসে ১০৪

## স্টেনোগ্রাফার, ফার্মাসিস্ট ও টেকনিশিয়ান

*প্রথম পাতার পর*

এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মেডিক্যাল রেকর্ডসে বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে মেডিক্যাল রেকর্ড কিপিংয়ে অন্তত ছয় মাস মেয়াদের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ ও কোনও হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এর পাশাপাশি কম্পিউটারে বিশেষ করে অফিস অ্যাপ্লিকেশন, স্প্রেডশিট ও প্রেজেন্টেশনের জ্ঞান এবং প্রতি মিনিটে ৩৫টি ইংরেজি শব্দ বা ৩০টি হিন্দি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

**ফার্মাসিস্ট গ্রেড-টু:** ২৭টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ৭)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ফার্মাসিতে ডিপ্লোমা, সঙ্গে ফার্মাসি কাউন্সিল অব ইন্ডিয়ায় ফার্মাসিস্ট হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। কোনও হাসপাতালে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৯,২০০-৯২,৩০০ টাকা।

**পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট:** মোট শূন্যপদ ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সঙ্গে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ১০০টি শব্দের দ্রুততায় ১০ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন ইংরেজিতে ৪০ মিনিট বা হিন্দিতে ৫৫ মিনিটের মধ্যে কম্পিউটারে টাইপ করার দক্ষতা থাকতে হবে। সেক্রেটারিয়াল প্র্যাকটিসে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে এবং হিন্দি ও ইংরেজি ভাষায় অসাধারণ দক্ষতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**অফিস অ্যাসিস্ট্যান্ট:** ১৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে কম্পিউটারের ব্যবহার জানতে হবে। বয়স: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsjodhpur.edu.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১০ মার্চ।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কোচিন শিপইয়ার্ডে ১৭৪

*প্রথম পাতার পর*

সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। এর পাশাপাশি ন্যাশনাল অ্যাপ্রেন্টিশিপ সার্টিফিকেট পরীক্ষা পাশ করে থাকতে হবে এবং কোনও শিপইয়ার্ড বা হেভি ইঞ্জিনিয়ারিং সংস্থায় তিন বছরের কাজ বা প্রশিক্ষণের অভিজ্ঞতা থাকতে হবে।

**এয়ার কন্ডিশনার টেকনিশিয়ান:** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে এয়ারকন্ডিশনিং মেকানিক ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স এবং ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ। এর পাশাপাশি কোনও সংস্থায় সংশ্লিষ্ট কাজে তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**স্ক্যাফোল্ডার:** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, ও বি সি ৯)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে শিট মেটাল ওয়ার্কার বা ফিটার পাইপ (প্লাম্বার) বা ফিটার ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। এর পাশাপাশি কোনও শিপইয়ার্ড বা ইঞ্জিনিয়ারিং সংস্থায় ১ থেকে ২ বছরের কাজ বা প্রশিক্ষণের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা মাধ্যমিক, সঙ্গে স্ক্যাফোল্ডিং-সংক্রান্ত কাজে কোনও শিপইয়ার্ড বা ইঞ্জিনিয়ারিং সংস্থায় তিন বছরের কাজ বা প্রশিক্ষণের অভিজ্ঞতা থাকতে হবে।

**সেফটি অ্যাসিস্ট্যান্ট:** ১০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ইন্ডাস্ট্রিয়াল সেফটিতে ১ বছর মেয়াদের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ। এর পাশাপাশি কোনও পাবলিক সেক্টর আন্ডারটেকিং বা ফ্যাক্টরিতে সেফটি বিষয়ে ১ বছরের কাজ বা প্রশিক্ষণের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১৩-২-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** প্রতি মাসে ১৮,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ফ্যাব্রিকেশন অ্যাসিস্ট্যান্ট, আউটফিট অ্যাসিস্ট্যান্ট এবং এয়ার কন্ডিশনার টেকনিশিয়ান পদের ক্ষেত্রে প্র্যাক্টিক্যাল টেস্ট এবং স্ক্যাফোল্ডার ও সেফটি অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে প্র্যাক্টিক্যাল বা স্কিল বা ফিজিক্যাল টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cochinshipyard.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৩ ফেব্রুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো, বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট আপলোড করতে হবে।

যথাযথভাবে অনলাইনে দরখাস্ত পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দিল্লি সরকারে ১০৯ ওয়েলফেয়ার অফিসার, জুনিয়র এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ার, লোয়ার ডিভিশন ক্লার্ক

২০৪ জন কর্মী নেবে দিল্লি সরকার। নিয়োগ করা হবে ওয়েলফেয়ার অফিসার, জুনিয়র এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ার, লোয়ার ডিভিশন ক্লার্ক-সহ বিভিন্ন পদে। প্রার্থী বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ১০৯টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02/19.

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড 14/19: **ওয়েলফেয়ার অফিসার/প্রবেশন অফিসার/প্রিজন ওয়েলফেয়ার অফিসার:** ৫৫টি। নিয়োগ হবে সমাজ কল্যাণ দপ্তরে। শিক্ষাগত যোগ্যতা: সোশ্যাল ওয়ার্কে স্নাতকোত্তর ডিগ্রি বা সোশিওলজিতে এম এ বা ক্রিমিনোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। কোনও সংস্থায় সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে এবং মাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকলে অগ্রাধিকার। বয়স: ৫-৩-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

পোস্ট কোড 13/19: **জুনিয়র এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ার:** ২৬টি। নিয়োগ হবে দিল্লি পলিউশন কন্ট্রোল কমিটিতে। শিক্ষাগত যোগ্যতা: এনভায়রনমেন্ট বা সিভিল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। অথবা এনভায়রনমেন্ট বা সিভিল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা। বয়স: ৫-৩-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

পোস্ট কোড 11/19: **লিগাল অ্যাসিস্ট্যান্ট:** ৪টি। নিয়োগ হবে দিল্লি পলিউশন কন্ট্রোল কমিটিতে। শিক্ষাগত যোগ্যতা: আইনে ডিগ্রি, সঙ্গে লিগাল প্র্যাক্টিশনার হিসেবে তিন বছরের অভিজ্ঞতা অথবা সরকারি দপ্তরে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৫-৩-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

পোস্ট কোড 10/19: **জুনিয়র ল্যাব অ্যাসিস্ট্যান্ট:** ৫টি। নিয়োগ হবে দিল্লি পলিউশন কন্ট্রোল কমিটিতে। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে সংশ্লিষ্ট কাজে তিন বছরের অভিজ্ঞতা অথবা বিজ্ঞান শাখায় স্নাতক। বয়স: ৫-৩-২০১৯ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

পোস্ট কোড 9/19: **স্টেনোগ্রাফার গ্রেড-টু:** ৫টি। নিয়োগ হবে দিল্লি পলিউশন কন্ট্রোল কমিটিতে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে ইংরেজিতে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দের দ্রুততা এবং ইংরেজিতে প্রতি মিনিটে ৪০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। অথবা হিন্দিতে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দের দ্রুততা এবং হিন্দিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটারের জ্ঞান থাকলে অগ্রাধিকার। বয়স: ৫-৩-২০১৯ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৪০০ টাকা।

পোস্ট কোড 8/19: **লোয়ার ডিভিশন ক্লার্ক:** ১৪টি। নিয়োগ হবে দিল্লি পলিউশন কন্ট্রোল কমিটিতে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বয়স: ৫-৩-২০১৯ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি পর্যায়ে— টিয়ার-ওয়ান এবং টিয়ার-টু। টিয়ার-ওয়ান পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, হিন্দি এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ ও কম্প্রিহেনশন বিষয়ে। পোস্ট কোড ১৪-র ক্ষেত্রে অতিরিক্ত থাকবে মেন্টাল এবিলিটি অ্যান্ড রিজনিং-সংক্রান্ত প্রশ্ন। টিয়ার-টু পরীক্ষায় প্রশ্ন হবে পোস্ট কোড ১৩-এর ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয় এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dsssbonline.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৫ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া-ই পে-র মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়ার পর পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

প্রার্থী বাছাই এবং দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: www.delhi.gov.in

# টেরিটোরিয়াল আর্মিতে সোলজার

*পাঁচের পাতার পর*

**শিক্ষাগত যোগ্যতা:** সোলজার জেনারেল ডিউটি পদের ক্ষেত্রে মোট অন্তত ৪৫ শতাংশ এবং প্রতি বিষয়ে ৩৩ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। উচ্চশিক্ষিতরাও আবেদনের যোগ্য। সোলজার হাউসকিপার পদের ক্ষেত্রে ক্লাস এইট পাশ। সোলজার ক্লার্ক পদের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ এবং প্রতি বিষয়ে ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। অন্য পদগুলির ক্ষেত্রে মাধ্যমিক।

**বয়স:** র‍্যালির তারিখে ১৮ থেকে ৪২ বছরের মধ্যে হতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৬০ সেমি, বুকের ছাতির মাপ ৫ সেমি ফুলিয়ে ৭৭ সেমি হতে হবে। ওজন ৫০ কেজি।

সমরকর্মী, প্রাক্তন সমরকর্মী, যুদ্ধে নিহত সমরকর্মীর ছেলেরা উচ্চতায় ২ সেমি, বুকের ছাতির মাপে ১ সেমি, ওজনে ২ কেজি ছাড় পাবেন। রাজ্য ও জাতীয় স্তরের খেলোয়াড়রা এই তিন ক্ষেত্রে যথাক্রমে ৩ সেমি, ৩ সেমি ও ৩ কেজি ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা ও মেডিকেল টেস্টের মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১ মাইল দৌড়, পুল আপ, জিগজ্যাগ ব্যালান্স ও ৯ ফুট লং জাম্প।

লিখিত পরীক্ষায় শিক্ষাগত যোগ্যতামান অনুসারে মোট ৫০টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে এইসব বিষয়ে: জেনারেল নলেজ, জেনারেল সায়েন্স, অঙ্ক ও লজিক্যাল রিজনিং। সোলজার ক্লার্ক পদের ক্ষেত্রে লজিক্যাল রিজনিংয়ের প্রশ্ন হবে না। তাঁদের ক্ষেত্রে জেনারেল নলেজ, জেনারেল সায়েন্স ও অঙ্কের সঙ্গে থাকবে কম্পিউটার ও জেনারেল ইংলিশের প্রশ্ন। প্রতি প্রশ্নের মান ২। অর্থাৎ মোট ১০০ নম্বরের পরীক্ষা। সময় ১ ঘণ্টা।

র‍্যালি ৫ থেকে ১৫ ফেব্রুয়ারি। র‍্যালি কেন্দ্রের ঠিকানা: বেঙ্গডুবি মিলিটারি স্টেশন, বাগডোগরা, পশ্চিমবঙ্গ। পশ্চিমবঙ্গের প্রার্থীরা র‍্যালিতে যাবেন ৫ ও ৬ ফেব্রুয়ারি।

র‍্যালিতে সঙ্গে রাখবেন এইসব নথিপত্র: শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশিট, ডোমিসাইল সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা আদিবাসী সার্টিফিকেট, জন্মতারিখের সার্টিফিকেট, গ্রাম পঞ্চায়েত প্রধান বা সমতুল পদাধিকারীর কাছ থেকে নেওয়া 'ম্যারেড' বা 'আনম্যারেড' সার্টিফিকেট, খেলোয়াড়দের ক্ষেত্রে স্পোর্টস সার্টিফিকেট, সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মী বা মৃত সমরকর্মীদের ক্ষেত্রে রিলেশনশিপ সার্টিফিকেট, ২০ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো, প্যান কার্ড বা আধার কার্ড।

মূল নথিপত্রগুলির সঙ্গে সেগুলির দু'টি করে স্বপ্রত্যয়িত প্রতিলিপিও সঙ্গে রাখবেন।

বইমেলায়
স্বর্ণাক্ষর
-এর সব বই
সাহিত্য সংসদ, শিশুসাহিত্য সংসদ-এর স্টলে পাওয়া যাবে।
স্টল নং
৪৫৫

ভ্রমণ
বেরিয়ে পড়ার আসল গাইড, ঘরে বসেও মানসভ্রমণ


বাঙালির ঘরের পত্রিকা বাইরে যাবার
ফেব্রুয়ারি সংখ্যা প্রকাশিত হল
এই সংখ্যায়
কাছে-দূরে অসংখ্য বেড়াবার জায়গা
বাউটিজোলি • হেনরি আইল্যান্ড • ফাও টি এস্টেট • বিষ্ণুপুর • সামসিং • শঙ্করদা • ইয়াংসুম • নাথুয়াখান • জাখোলি • খাজিয়ার • হরশিল • চেইল • ওরছা • আউলি • মাউন্ট আবু • ছবিমুড়া • মুরুদেশ্বর • আজমের • মামাল্লাপুরম • বারগি • ওয়ারাঙ্গাল
সঙ্গে আরও ৮ বিশেষ ভ্রমণ
বীরভূমে বসন্তে • ভুজ থেকে বৃহৎ রণ • এভারেস্ট বেসক্যাম্প • ১০-১২ দিনে রাজস্থান • সিকিম সীমান্তে কুসরে হ্রদ • কোহিমা থেকে ভিসামা হয়ে জুখু ভ্যালি • লিসবন আর কোয়েমব্রা • কিরগিজস্তানের রাজধানী বিশকেক
এখনই আপনার সংবাদপত্র-বিক্রেতাকে বলুন বা কাছের স্টলে যোগাযোগ করুন

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১ থেকে মুদ্রিত।
প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in